গুরুবাক্য

চতুর্থ তাগ।


কঠিন রোগের সহজ চিকিৎসা
----:
*:----

যোগপ্রকাশ বন্ধচারী প্রণীত

গুরুবাক্য কার্য্যালয় হইতে প্রকাশিত। পোঃ—দাদের জঙ্গল, জিলা ফরিদপুর।

প্ৰকাশক---

রায় যোগেশচন্দ্র মজুমদার, শুকুবাক্য কার্য্যালয়। পো: —দাদেরজঙ্গল, জিলা—ফরিদপুর।



প্রিন্টার—ননীগোপাল রায় চৌধুরী বিজ্ঞলী প্রেস, ১•৫নং রসা রোড, কলিকাডা।

প্রস্তাবনা

গুরুবাক্য "চতুর্থ ভাগ' সর্বসাধারণের উপকারার্থে প্রকাশ করিলাম। সাধু মহাত্মাদের নিকটে কঠিন কঠিন রোগের যে সমস্ত ঔষধ পাইয়াছি এবং গো-চিকিৎসা সম্বন্ধে যে সমস্ত সহজ্ব প্রণালী জানিয়াছি তাহা এই বহিতে সন্ধিবেশিত করা হইয়াছে এবং বহির তৃতীয় উল্লাসে মৃত্যু পরীক্ষা সম্বন্ধে যে সব সহজ্ব প্রণালী আছে, তাহা প্রকাশ করিয়াছি।

ইহা দারা যদি কাহারও কিছু উপকার হয়, ভবে পরিশ্রম সার্থক মনে করিব। ইতি—

যোগপ্রকাশ ব্রহ্মচারী

সূচীপত্র

1	विष य			পৃষ্ঠা
51	রোগ চিনিবার উপায়	•••	•••	2
२ ।	মুখে রোগের লক্ষণ	•••	•••	ર
9	জিহ্বায় রোগের লক্ষণ	•••	•••	ર
8 1	খাসে রোগের লক্ষণ	•••	•••	২
41	বমন ও হিকা	•••	•••	•
& 1	মলে রোগের লক্ষণ	•••	•••	•
91	মৃত্তে রোগের লক্ষণ	•••	•••	9
۲1	বেদনায় রোগের লক্ষণ	•••	•••	8
۱۵	সাধারণ পথ্য	•••	•••	8
	মৃত্রযম্বের পীড়া			
۱ • ۲	মুত্রশীলা বা পাধরী	•••	•••	ť
۱ د د	মূত্রকৃচ্চূ বা মূত্রাভাব	•••	•••	৬
ऽ २ ।	অবারিত মৃত্র—অধিক প্রস্রাব		•••	٩
५० ।	প্রমেহ (গণোরিয়া)	•••	•••	6
186	রক্তপ্রস্রাব	•••	•••	>>
	ন্ত্ৰীৰোগ		•	
Se 1	রজ্ঞঃকৃচ্ছু (বাধক) চিকিৎসা	•••	•••	55
७७।	রহা:শুস্ত বা নষ্ট ঋতৃ	•••	•••	>9
391	রক্তপ্রদর ও অভিরক্ত: রোহিণী		•••	78

	বিষয়		সূৰ্ছা
2 F I	শ্বেতপ্রদর •••	••••	১৬
166	মৃতবৎসা দোষ	••••	39
२०।	পারদ নিবারনের উপায় \cdots	•••	24
२ ऽ ।	প্রস্তির স্তনে ছগ্ধ বৃদ্ধি হইবার ঔষধ	••••	35
२२ ।	চুলকানী বা খাজলীর অব্যর্থ ঔষধ	••••	7%
२७ ।	রাতকাণার ঔষধ	••••	ર•
२ ८ ।	হাঁপানীর ঔষধ	••••	३•
२०।	মৃগীরোগের আশ্চর্য্য ঔষধ	••••	২ •
२७ ।	মাথাধরার আশ্চর্য্য ঔষধ	••••	۶۶
२१।	ক্রিমির বেদনা আরোগ্যের উপায়	••••	२ २
२৮।	বিশেষ বিধি—পঞ্চামরা	****	२२
२क्ष	পাঁচটা অমর জিনিষ কি · · ·	•••	২৩
90	পঞ্চামরা তৈয়ারীর বিধান \cdots	•••	₹8
951	গোচিকিৎসা	•••	২৭
७२।	গাভীর হুগ্ধ বুদ্ধি হইবার উপায়	•••	93
99	দীর্ঘকাল ছগ্ধ টাটকা রাখিবার উপায়	•••	७ 8
68 1	ত্রপরীক্ষার সহজ্ঞ উপায় \cdots	•••	•8
· e	। গাভীর হগ্ধ মর্প না খাইতে পারে ভাহার	উপায়	00
৩৬।	কোন্ কোন্ গাভীর হৃগ্ণ হিভকর	•••	o e
٠٩١	গৰু বিষ ভক্ষণ করিলে আরোগ্যের উপায়	•••	'ভঙ
6 b	গলাফুলা আরোগ্যের উপায়	•••	99

	বিষয়	7	ार्ड ा
৩৯।	ত্থ্বতী গাভীর লকণ	•••	৩৮
8•	গৰুর খরুয়া রোগ আরোগ্যের উপায়	•••	ల న
821	किथ क्कृत किश्व। भृताल परभन बारवारव	াৰে উপায়	87
821	অগ্নিতে পোড়া ঘা আরোগ্যের উপায়	••••	85
801	জিহ্বার ঘা আরোগ্যের উপা য়	••••	85
88 1	ভশ্ম করিবার নিয়ম	****	85
841	আঘাত আরোগ্যের ঔষধ	••••	80
8७।	কাউর ঘা আরোগোর উপায়	•••	89
891	বাঁটের ঘা আরোগ্যের উপায়	•••	88
871	সর্প দংশন আরোগ্যের উপায়	•••	88
८० ।	ক্রিমি রোগ আরোগ্যের উপায়	•••	84
(• 1	পেট কামড়ানি আরোগ্যের উপায়	•••	86
621	পেট ফাঁপা আরোগ্যের উপায়	•••	36
421	শিং ভাঙ্গা আরোগ্যের উপায়	•••	89
401	গাভী প্রদব করাইবার দহন্স নিয়ম	••••	89
68 1	প্রসবদার ফাটা আরোগ্যের উপায়	••••	81
* ¢ 1	স্তিকা বোগ বা হ্য্ব-জর আরোগ্যের উ	পায়	86
€ ७ ↓	ৰসন্ত	••••	84
691	লকণ	••••	88
641	গরুর বসস্ত না হইবার উপায়	••••	¢>
(क)	গরুর বসস্ত ভাল হইবার একটা ভাল ঔষ	स	45

	বিষয়		9	181
७०।	গৰুর পাতলা ৰাহ্যি (ছেড়) হইলে আরো	গ্যের উপায়	¢٤
७३।	সুলক্ষণ ও কুলক্ষদ বি	নিষ্ট গাভী	••••	وع
७२ ।	কোন গৰুকে কিন্নপ	থাতা দিতে হয় ?	••••	ંહ૭
७७।	গোয়াইল ঘর প্রস্তুত	করিবার নিয়ম	••••	60
৬৪ ।	পূৰ্ব্ব স্থচনা	••••	••••	48
901	মৃত্যু পরীক্ষা	****	••••	e e
७७।	মৃত্যু লক্ষণ	****	••••	৬৮
৬৭।	প্রতিকারের উপায়	****	••••	99
6 1	স্থাকল	••••	****	۲)
७৯।	মৃত্যুশৃচক স্বপ্ন	****	****	₩8
901	তপস্থা	****	••••	৯৯
951	দীর্ঘায়ু ও অল্লায়্ হইব	রে কারণ	••••	>>•

নম: নারায়ণায় নম:



রোগ চিনিবার উপায়



শরীরের যে সকল স্রোত (নালী) দ্বারা হৃংপিও হুইন্তে সর্ব্বশরীরে রক্ত প্রবাহিত হয়, তাহাদিগকে ধমনী বা নাড়ী কহে। সাধারণতঃ মণিবন্ধে নাড়ীর গতি পরীক্ষা হইয়া থাকে। বিচক্ষণ চিকিৎসকগণ নাড়ীর গতি দেখিয়াই রোগ নির্ণয় করিতে পারে।

শীত

শরীরের শারীরিক তাপ রক্তযন্ত্রের ভিতর প্রবেশ করিলে শরীরের বাহিরের চর্মে শীতলতা প্রকাশ পায়, সেজফা শীত ও কম্প উপস্থিত হইয়া থাকে।

মুখে রোগের লক্ষণ

মুখমগুল দেহের দর্পণস্করপ। রোগ অবস্থায় প্রশাস্থ ও প্রদান মুখাকৃতি স্থলক্ষণ জানিবে, কিন্তু স্থলরোগে অনেক যন্ত্রণার পর রোগী প্রশাস্থ ভাব ধরিলে তাহা ভাল নহে। নাসাগ্রের স্ক্রেডা, নয়নের নিম্নভা, ললাট-প্রান্তের অবনতি, ললাট-স্বকের ক্ষিত ভাব, কর্ণলতিকার উৎপতিতা, মুখমগুলে হরিৎ, কৃষ ও নীল বা সীস্কবৎ বর্ণ মুত্যুর আসন্ন লক্ষণ জানিবে।

জিহ্বায় রোগের লক্ষণ

জিহ্বার শুক্ষতা তরুণ জরের লক্ষণ, সতান্ত সারক্তরা ক্ষোট জরের লক্ষণ, প্রান্ত ও সগ্রভাগের আরক্তা পিতৃজ্বরের লক্ষণ, বিদারিত জিহ্ব। সান্নিপাতের লক্ষণ, লেপাবৃত জিহ্ব। সর্ববিধার জ্বের লক্ষণ। লক্ষা মরিচের গুড়ার স্থায় লাল জিহ্বা আরক্ত জ্বের লক্ষণ মধ্যভাগ লেপাবৃত ও প্রান্তদেশ আরক্ত জিহ্বা বিলেপী জ্বের লক্ষণ।

জিহবার প্রাস্থভাগ হইতে ক্রমশঃ পরিদার হইতে থাকিলে রোগ আরোগ্য হইবার বাবস্থা ব্ঝিতে হইবে। অভ্যথায় ক্রমে কপিলবর্ণ মলিন ও শুক্ষ হইতে থাকিলে রোগীর বিপদের আশকা মনে করিবে।

খাদে রোগের লক্ষণ

শ্বাস সহজ্ঞ ভাবে চলিলে সন্দেহের কারণ নাই। ঘন ঘন শ্বাস ফেলিলে বা সুদীর্ঘ শ্বাস ফেলিতে থাকিলে রোগ কঠিন বৃঝিতে হইবে। দীর্ঘাস স্থাদ প্রির অবসন্নতার লক্ষণ জানিবে।

ব্যন

আমাশয়ের উপদাহ; মস্তিক হৃদপিও, ফুসফুস এবং জরায়ু প্রভৃতির বৈলক্ষণ্য বশত: বমনোন্তেক হইয়া থাকে।

হিক্বা

বক্ষোদর ব্যবচ্ছেদক, পেশীর ক্ষণস্থায়ী আকুঞ্চন বশত: হিকার উৎপত্তি হইয়া থাকে। নানা পীড়ার সংক্ষ হিকা প্রকাশ পাইয়া থাকে।

মলে রোগের লক্ষণ

কর্দ্দমবর্ণ মলে পিত্তের অভাব, যকুতের দোষ, কুফারর্ণ মলে পিতাধিক্য, ইহাও যকুতের ক্রিয়ার বৈলক্ষণ জ্ঞানিবে। সবৃত্ধবর্ণ মলে পাকস্থলীর অমুত্ব, মলে আমরক্ত অস্ত্রের প্রাদাহস্তৃত্ব চাউল ধোয়া জ্বলের মত মলে ওলাউঠা বা কলেরা এবং আমাশয় মলে তক্ত্রের গ্রৈপ্রিক ঝিল্লির প্রাদাহ জ্ঞানিবে। কঠিন ও শুক্ষ মলে উহার স্তর্বতা বা শিথিলতা জ্ঞানা।

মূত্রে রোগের লক্ষণ

 আরাজা, গাঢ় হরিজাবর্ণে পিতের বৃদ্ধি, লহিতবর্ণে অয়হ, মুত্তাের আবিলতা, মুত্রের অধঃপতিত পদার্থে শ্লেমা বা পুঁষের বর্ত্তমানতা সাধারণতঃ হৃদরোগ, মুত্রে শর্করা মধু মেহের লক্ষণ, মুত্রে শুক্র থাকিলে শুক্রমেহ বুঝা যায়।

বেদনায় রোগের লক্ষণ

প্রদাহের বেদনা চাপিলে এবং পেশীর বেদনা সঞ্চালনে র্দ্ধি পায়। চাপিলে ও সঞ্চালনে স্নায়ুশূলের বেদনার কোন পরিবর্ত্তন ঘটেনা। যক্তের প্রদাহ হইলে দক্ষিণ স্কন্ধে এবং স্থাদিপিণ্ডের পীড়ায় বাম বাহুতে বেদনা অনুভব হয়।

সাধারণ পথ্য

ভক্ষণ রোগ মাত্রেই তরল পথা ব্যবস্থেয়। পুরাতন রোগে পাকস্থলীর অবস্থা ও শক্তি দেখিয়া নির্দ্দোষ ও লঘুপাক খাছা দ্রুব্য ব্যবস্থা করা কর্ত্তব্য। রোগ ১৫ দিনের উপর হইলেই ভাহাকে পুরাতন রোগের মধ্যে জানিয়া যাহাতে রোগীর শরীরে বল থাকে এরূপ খাছা দিবে অর্থাৎ অন্ন পথ্যই এ ক্ষেত্রে দেওয়া কর্ত্তব্য।

সূত্ৰযন্তের পীড়া

মূত্রশীলা বা পাথরী

লক্ষণ—মূত্রাশয়ে যে চূর্ণময় নিরেট পদার্থ সঞ্চিত হয় তাহাকে মূত্রাশীলা বা পাথরী রোগ বলে। পরিত্যক্ত মূত্রের নীচে যে তলানী পড়ে, ঐ পদার্থ মূত্রাশয়ে সঞ্চিত হইলে ক্রুমে শক্ত হইয়া প্রস্তরবহু পদার্থ উৎপন্ন হয়। এই মূত্রশীলা ক্ষুদ্র ও বৃহৎ নানা রক্ষের হইয়া থাকে, ইহা বড়ই যন্ত্রণাদায়ক ব্যাধি।

চিকিৎসা

- ১। গোরক কাঁকুড়ের মূল বাটিয়া বাসিজল সহ খাইলে পাথরী রোগ ভাল হয়।
- ২। শালিকার মূলের কাথ কাচা হরিজার সহিত বাটিয়া পান করিলে মূত্রশীলা জল হইয়া যায়।
- ৩। নারিকেলের ফুল ও গুবাক একত করিয়া খাইলে লিঙ্কের অভ্যস্তরের পাথরী গলিয়। নীরোগ হয়।

কুপথ্য

চিনি, মিষ্টজব্য, মাখন, গৃত, সব, চর্বিব, চা, কাফি, মদিরাদি উত্তেজক জব্য সম্পূর্ণরূপে পরিত্যাগ করিবে।

প্রিশ্রুতি (distilled) জলের সহিত সোডা মিশ্রিত করিয়া /॥• সের, /৸• পোয়া পান করিলে মৃত্র-রেমু জ্বীভূত হয়। সরস উদ্ভিদ, ফল, লেবুর রস ও হ্য স্থপথ্য।

মূত্রকৃচ্ছু বা মূত্রাভাব

লক্ষণ মূত্রকুচ্চু স্বয়ং কোন ব্যাধি নহে। মূত্রাশয় প্রদাহ অশ্যরী, ক্রিমি, কৃত্রিম মৈথুন বা জরায়ুর স্থান ভষ্টতা হইতে হয়। গ্রন্থিবাত, গুলা, বায়ুর সহিতও মূত্রকষ্ট থাকে। ইহাতে ঘন ঘন মূত্র প্রের্বিত, বেগ ও বিক্ষেপ অল্প অল্প মূত্র নি:সরণ হয়, মূত্রত্যাধে জালা ও বেদনা হয়। এই বেদনা মূত্রাশয়ে উপস্থের প্রান্থে, বস্তিকোটরে এবং উক্লর নিম্ন পর্যাস্থ্য প্রসারিত হইয়া থাকে।

মৃত্রকৃচ্ছ রোগ প্রদাহিক ও স্নায়্বিক ভেদে ছই প্রকার। তক্তণ রোগে যন্ত্রণা বৃদ্ধি হইলে কারণের প্রতি দৃষ্টি না করিয়া আরোগ্যকর শুষধের ব্যবস্থা তৎক্ষণাৎ করিবে।

চিকিৎসা

- ১। অর্দ্ধ তোলা স্থলপদ্ম গাছের পাতার ভাটা আধার্ছে চা করিয়া ৴৽ একছটাক জলে প্রস্তার পাত্রে করিয়া রাত্রিতে শিশিরে রাখিবে। পরদিন প্রাতে চটকাইয়া ছাকিয়া ছাকাগুলি ফেলিয়া দিয়া জলটুকু খাইবে। ইহাতে প্রস্রাব খোলসা হইবে।
- ২। কেমুরের ছোট একটি গাছ শিকড় সমেত ভুলিয়া

 ১ মৃষ্টি আতপ চাউল সহ /১ আধ পোয়া জলে রগড়াইয়া

 সেই জ্বল থাইবে। ইহাতে প্রস্রাব পরিস্কার ও অধিক

 ইইবে।

- ৩। কুলের (বড়ই) পাতার কুঁড়ি বাটা ১ তোলা /d• আধ পোয়া জলে গুলিয়া পুনঃ পুনঃ নাড়িলে ফেনা উঠিবে, ঐ ফেনা ফেলিয়া পরে যে জল থাকিবে তাহা থাইলে প্রস্রাব উত্তম থোলসা হইবে।
- ৪। গেঁদাফুলের পাতা বাটিয়া তলপেটে প্রলেপ দিলে
 অবিলম্বে প্রস্রাব হইবে।
- ৫। গরম জলপূর্ণ বোভলের সেঁক তলপেটে দিলেও সন্ধর
 প্রস্রার ইইয়া থাকে।
- ৬। জলেতে সোরা ভিজাইয়া তলপেটে নেকড়ার পটী দিলে সকালে প্রস্রোব হইবে।
- ৭। হিমসাগরের (পাথরকুটা বা পাথরশীলা) পাতা বাটীয়া নাভির চারিদিকে প্রলেপ দিলে অনতিবিল্ফে প্রস্রাব হইবে।

পথ্য

প্রস্রোব পরিষ্কার না হওয়া পর্যাস্ত কোন পথ্য দিবে না। রোগী ক্ষুধায় কাভর হইলে হগ্ধ ও ডাবের জল দিতে পারা যায়।

অবারিত মূত্র—অধিক প্রস্রাব

 লক্ষণ—এই রোগে মৃত্র ধারণের ক্ষমতা কিয়ৎ পরিমাণে বা সম্পূর্ণরূপে বিনষ্ট হয়। মৃত্রাশয়ের পেশী৽প্তর ক্ষীণতা বশতঃ মৃত্রনিঃসরণ শক্তি বিলুপ্ত হয়। স্থতরাং মৃত্রাশয়ে মৃত্র পূর্ণ থাকে এবং অবিরত বিন্দু বিন্দু মৃত্র ক্ষরিত হয়। উপখাত, প্রসবকষ্ট, অশারী সঞ্চয়-কৃমির উপদাহ প্রভৃতি কারণে মৃত্রাশয় গ্রীবার চড়জ্পার্শ্ববর্তী পেশীতন্তর পক্ষাঘাত বশতঃ এই রোগ জ্ঞো। রাজিতে প্রকোপ বৃদ্ধি হয়।

চিকিৎসা

- মছরীপানার সহিত একটি চাঁপাকলা বা মর্ত্তমানকলা
 চটকাইয়া খাইলে প্রস্রাব ভাল হয়।
- ২। আতপ চাউল ভাজিয়া চুর্ণ করিয়া চিনি সমভাগে মিলাইয়া /১/০ আধ পোয়া পরিমাণে রাত্রিতে খাইলে প্রস্রাবের দোষ নষ্ট হইবে।
- ৩। অপরাহে হৃতপক্ক লুচি ও চিনি সপ্তাহ কাল আহার করিলে প্রস্রাবের দোষ সংশোধিত হয়।
- ৪। যজ্ঞভূমুর ভাতে দিয়া তৈল সহ মাখিয়া ভাতের সহিত খাইলে ২০ দিনে ঐ রোগ ভাল হয়।

কুপথ্য

ভাধিক পরিমাণে লবণ ভক্ষণ নিষেধ, কাঁচা লবণ খাওয়া ভাল নয়। শয়নের পূর্বে উফজলে উপবেশন ও পৃষ্ঠের নিম-ভাগ জলসিক্ত বস্ত্রখণ্ডধারা মার্জিভ করা কর্তব্য।

প্রমেহ (গণেরিয়া)

লক্ষণ—মূত্রমার্গের শ্লৈত্মিক ঝিল্লির প্রদাহ ও স্রাব নিঃসরণকে প্রমেহ বলে। প্রমেহ স্পর্শ-সংক্রোমক রোগ, প্রমেষ্ট বিষ সংস্পর্শে বা কখন অক্সান্ম কারণেও উৎপন্ন হয়। প্রমেহ স্ত্রী পুরুষ উভয়েরই হইয়া থাকে। সচরাচর অপবিত্র সংসর্গ বশত:ই হয়। ঋতুমতী ও তীত্র প্রদরাদি স্রাবশীলা স্ত্রী-সংসর্গে, মূত্রের অল্পম, অতি মৈথুন প্রভৃতি কারণে এ রোগ জিন্মিয়া থাকে। বিষ সংক্রোমণের তৃতীয় অথবা চতুর্থ দিবসে মূত্রমার্গে অল্প কণ্ডুয়ণ, উত্তাপ, আর্কুডা ও ছালা জ্বান্ এবং পাতলা সাদা স্রাব নিঃস্ত হইয়া থাকে। ২।৩ দিনের মধ্যেই মৃত্তমাৰ্গ স্ফীত হইয়া উঠে এবং প্ৰদাহ বৃদ্ধি হইয়া অধিক পরিমাণে গাঢ় নীল শুক্র বা হরিক্রা বর্ণ কখন বা রক্তাক্ত স্রাব নির্গত হয়। মৃত্র ত্যাগে অত্যন্ত কণ্ট হয়। পরে সাত অথবা চৌদ্দ দিনের পর ক্রেমে ক্রমে হ্রাস হয় বা পুরাতন অবস্থা প্রাপ্ত হয়, পুরাতন অবস্থাতেও মৃত্রত্যাগে দ্বালা ও পীতবর্ণ স্থাব ক্ষরিত ্হয়। পরে পাতলা বচ্চ ওক্রস্রাব নির্গত হইতে থাকে. ইহাকেই লাল মেহ বলে।

চিকিৎসা

- ১। আধ পোয়া মেন্দিপাতা বাটয়া /।• এক পোয়া ছধের সহিত মিলাইয়া ছাকিয়া তিন চারিদিন সেবন করিলে প্রমেহ ভাল হয়।
 - ২। ইশবগুল চূর্ণ ৮।১• ঘণ্টা শীতল জলে ভিজাইয়া রাখিয়া পরে নেকড়ায় ছাকিয়া ২।৪ দিন সেবনে প্রমেহ ভাল হয়।

5• গুরুবাক্য বা যৌগিকপম্বা—চতুর্থ ভাগ

- ৩। ভূঁই কুমড়ার রস আধ ছটাক, এক কাঁচা ছধের সহিত মিলাইয়া কয়েক দিন খাইলে বিংশতি প্রকার মেহ রোগ ভাল হয়।
- ৪। হংস ডিস্থের ১টি কুমুম //০ ছটাক শীতল জলের সহিত তাড়ন করিয়া পরে বেশ মিলাইয়া লইয়া খাইলে প্রমেহের দক্ষণ ধাতৃক্ষরণ ও জালা যন্ত্রণা ভাল হয়।
- ৫। চন্দন তৈল ১০ ফোটা, গঁদ ভিজ্ঞান জল আধ ছটাক একত্তে প্রত্যত প্রাতে দেবন করিলে, প্রমেহ জনিত জালা যস্ত্রণা বিদ্রিত হইবে।
- ৬। সেফালিকা ফুল গাছের পাতা ৫ তোলা ভালভাবে পিষিয়া ২ তোলা ইক্ষুগুড় মিলাইয়া আধ পোয়া জলের সহিত ছানিয়া খাইলে প্রমেহ ও জরদ প্রস্রাব, যন্ত্রণা ও কুটকুট ছালা ভাল হয়।
- ৭। আধ ছটাক তেজপাতার ডাটা /d আধ পোয়া জলে ৮।১ ঘন্টা ভিজাইয়া রাধিয়া সেই জল প্রাতে সপ্তাহ কাল সেবন করিলে প্রমেহ রোগ নিশ্চয় আরোগ্য হয়।
- ৮। যজ্ঞতুম্রের আঠা॥• তোলা মধু॥• তোলা প্রত্যহ প্রাতে একত করিয়া খাইলে প্রমেহ নষ্ট হইয়া ধাতু পুষ্ট ও তেজ বৃদ্ধি হইবে এবং তুর্বলতা খুচিবে।

পথ্যাপথ্য

পিয়াজ, রস্ন ও উত্তেজক আহার একেবারে নিবিদ্ধ। ' এই রোগের প্রথম অবস্থায় মাছ, মাংস, ডিম প্রভৃতি খাওয়া উচিত নয়। ঠাণ্ডা জিনিষ খাইলে গিঠে বাত হইবার বিশেষ সম্ভাবনা। অনেকে মনে করেন ঠাণ্ডা করিলে বা ঠাণ্ডা জিনিষ খাইলে সম্বর উপশম হইবে। কিন্তু তাহা নয়, বর্প ঠাণ্ডা না করিয়া সাধারণভাবে ডাল, ভাত, তরকারী ও ফলাদি ভক্ষণ করিবে। বৈকালবেলা রুটি বা খৈ চুধ খাইলে ভাল হয়। যদি বাজে আক্রমণ করে তবে সহজে আরোগ্য হওয়ার আশা নাই। এমন কি কেহ কেহ একেবারে অচল হইয়াও পড়ে।

রক্তপ্রস্রাব

লক্ষণ— মৃত্রের সহিত রক্ত নিঃস্ত হইলে তাহাকে রক্ত প্রস্রাব কহে। এই রক্ত মৃত্রবাহী প্রণালী মৃত্রাশয় বা মৃত্রমার্গ হইতে নির্গত হয়। মৃত্রে রক্তের বিভ্যমানতা সহক্ষেই জানিতে পারা যায়। কিন্তু কাহারও প্রস্রাবে এত অল্প পরিমাণে রক্ত মিপ্রিত থাকে যে, সহজে টের পাওয়া যায় না।

চিকিৎসা

- ১। তুলসী পাতার রস ১ তোলা, কিঞ্চিৎ ইক্চিনি সহ পান করিলে ১ দিনে রক্তস্রাব ভাল হইবে।
- ২। বাসকের পাতা কলার পাতা দ্বারা বেষ্টন করিয়া অগ্নিতে ঝলসাইয়া তাহার ২ তোলা রস, দ্বিগুণ মধু সহ সেবন ক্রিলে রক্ত প্রস্রাব ভাল হইবে।
- ৩। গাবের বীচি, গুলঞ্চ, কিসমিশ একত্রে ২ ভোলা, আধ সের জলের সহিত জাল দিয়া /d • আধ পোয়া থাকিতে নামাইয়া ২ বেলা খাইলে রক্তপ্রস্রাব ভাল হয়।

পথ্য—সহজ পাচ্য সরস পথ্য বিধেয়। আহার, নিজা ও পরিশ্রমে সমতা রাখিবে।

<u>জ্ঞী</u>রোগ

রজঃরুচ্চ্ (বাধক)

লক্ষণ— ঋতুকালে অভিশয় বেদনা হইলে তাহাকে রজ:শূল বা বাধক বলে! এ বেদনা পৃষ্ঠের নিম ভাগ দিয়া ও নিমোদরের সমস্ত প্রদেশে ও মাজাতে প্রকাশ পাইয়া থাকে। বাধক বেদনায় জল্প পরিমাণে রজ্ঞাবে ইইয়া থাকে। বাধক নানাপ্রকার। যে বাধক জরায়ুর মধ্য ইইতে কৃত্রিম ঝিল্লি উৎপন্ন ইইয়া বাম পাখে অধিকতর বেদনা হয় সেই বাধকেই বন্ধাত্ব জ্বাহ্ম। বাধকের যন্ত্রণা কম নহে, ক্ষীণা ও তুর্বকা স্ত্রীলোকের, হক্ত-প্রধান বা রিপ্র-প্রধান ভোগাসকা স্ত্রীকোকের অথবা কৃত্রিম মৈথুনজনিত ও ঝতু সময় হঠাৎ বেশী ঠাণ্ডা লাগিয়া বাধক জ্বীয়া থাকে।

চিকিৎসা

- ১। গরম জলের টবে ঋতুর ২।৩ দিন পূর্বব হইতে সপ্তাহ কাল বসাইলে সহজ ভাবে রক্তপ্রাব হইয়া নিরাপদ হইবে। এইটি পূব উত্তম ব্যবস্থা।
- ২। গোলমরিচ ২৫টি ও বিশকাটালির ডগা ৭টী একত্রে ঋতুকালে ৫।৬ দিন খাইলে বাধক বেদনা আরোগ্য হয়।

৩। ওলট কম্বলের শিকড়ের ছাল ॥ তোলা, গোল মরিচ ১০টি এক সঙ্গে শীলে বাটিয়া বড়ির মত করিয়া ঋতুর
২।০ দিন পূর্বে হইতে ঋতু অস্তেও ৪।৫ দিন খাইবে। ২।০
ঋতু সময়ে এই নিয়মে ব্যবহার করিলেই ঔষধের আশ্চর্য্য ক্ষমতাতে মুগ্ধ হইবে।

রজঃস্তম্ভ বা নফ ঋতু

লক্ষণ—একবার স্ত্রী-ধর্ম প্রকাশ পাইয়া পুনরায় উহা বিলুপ্ত হইলে ভাহাকে রক্ষাস্তম্ভ কহে। রক্ষানাশ রোগে রক্ষা একেবারেই ক্ষরিত হয় না; আর রক্ষাস্তম্ভ রক্ষা ক্ষরিত হইয়া জরায়ুগর্ভে সঞ্চিত থাকে। কোন প্রতিবন্ধক বশতা বাহির হইতে পারে না। গর্ভ. আলস্তা, অতি সংসর্গ, প্রাচীন বা তর্কণ রোগ, রক্তক্ষা, ঋতুকালে বরফ সেবন বা শীতল বায়ু সেবন প্রভৃতি কারণে ঋতুশোণিত স্তম্ভিত হইয়া থাকে। ঋতুকালে অক্সাও এই রুল বহুঃ রোধ হইলে অত্যন্ত যাতনা হয়।

চিকিৎসা

- ্র। নকটকিয়া গাছ, জবাফুল, দূর্ববা সমভাবে বাটীয়া কাঁজীর জলের সহিত থাইলে স্ত্রীলোক পুনরায় ঋতুমতী হয়।
- ২। হনকসা গাছের শিক্ত বাটিয়া কাঁজীর জলের সহিত খাইলে স্ত্রীলোক ঋতুমতী হয়
- ৩। কাঁচা স্থারী সহ পান সর্বদা ব্যবহার করিলে নষ্ট ঋতু পুনক্ষার হর।

৪। বিছরীরপানা পাতিলেব্র রসের সহিত সপ্তাহ কাল
 খাইলে তল পেটের চাপ ভাঙ্গিয়া নয়্ত ঋতু পুনরায় ভাল হয়।

কুপথ্য

পিয়াজ, রম্মন ও উত্তেজক আহার নিষিদ্ধ।

রপ্তপ্রদর বা অতিরঙ্গঃ রোহিণী

লক্ষণ — সাধারণতঃ স্ত্রীদিগের ২৮ দিনে একবার ঋতু হয়।
পরে ৩ হইতে ৫ দিন থাকে এবং রক্ত /০' পায়া /০' তিন
ছটাক প্রাবিত হইয়া থাকে। ইহা অপেক্ষা অধিক রক্তপ্রাব
হইলে এবং ঋতু এক মাসের ভিতরে পূন: পুন: হইয়া রক্তপ্রাব হইলে তাহাকে অতিরক্ষঃপ্রাব বলা যায়। শারীরিক
রক্তাধিকা বা ত্র্বলতা বা অন্ত কোন প্রকার জরায়ুর দোষেও
এ রোগ জ্পিতে পারে। অবারিত প্রাবেও রক্তপ্রাব হইয়া
থাকে, পেটে বেদনা থাকে, জরায়ু কন কন্ করে, মাজা উরু
এবং পৃষ্ঠদেশ পর্যাস্ভ বেদনা সঞ্চারিত হইয়া থাকে। কখনও
বা বেদনা থাকে না, নীরবে প্রোত্বেগে রক্তপ্রাব হইতে থাকে।
এই রক্ত অতিশয় তুর্গদ্ধময় ; রোগিণী ক্রমে অক্থিচপ্রসার হয়।
এই রোগ মেয়েদের পক্ষে বড় কঠিন জানিবে।

চিকিৎসা

১। খেত আকদ্দের শিকড়ের ছাল ২ তোলা, গোলমরিচ আধ তোলা, বাসি জল দিয়া বাটিয়া ২৷৩ দিন খাওয়াইলৈ রক্ষেপ্রদের ভাল হয়।

- ২। চাঁপানটিয়া গাছের শিকড় ২ ভোলা, জবাফুলের কুঁড়ি ২টি কাঁশীর জলের সহিত বাটিয়া ২।১ দিন খাইলে রক্ত-প্রদর মারোগ্য হয়।
- ৩। কালপুত্রা গাছের একখানা শিকড়ের রস চিবাইয়।
 প্রাতঃকালে স্নানাস্থে ভিজা কাপড়ও ভিজা চুলে সূর্য্যোদয়ের পূর্বের
 খাইবে। শেষ রাত্রিতে গরম ভাত পাক করিয়। জল দিবে।
 ঐ জল দেওয়া ভাত গোয়ালার পাতা দধি সহ বিনা লবণে
 সাধ্যমত খাইবে, এক দিনে রোগ ভাল হইবে। বারোম যত
 বৎসরের শিক্ত ততখানা খাইবে।
- 8। গাভীর ত্য় /া॰ পোয়া, আয়কেশী বাটা ১টা, পদ্মফুল ১টা, চাঁপা কলা ১টা, একত্র চটকাইয়া খালি পেটে ২া০ দিন সেবন করিলে রক্তপ্রদর নিশ্চয় সারিবে।
- থ। আফুলাবেলের শিকড়কোমরে বাঁধিয়া রাখিলেও রক্তপ্রদর রোগ ভাল হয়।
- ৬। ১টি গিলার শাঁস ১৫টি গোলমরিচ সহ বাটিয়া ৩টি বটিকা প্রস্তুত করিবে। ১টি করিয়া বটিকা প্রতিদিন প্রাতে খাইবে, ইহাতে অবিরাম শ্রোড রক্তপ্রদর রোগ ভাল হয়।
- ৭। অশোক ফুল : থোক ও ছধরাজের ডগা ২০০টি একত্রে জল দিয়া বাটিয়া ২০০ দিন খালয়াইলে রক্তপ্রদর রোগ অতি অল্প সময়ে নিশ্চয় আরোগ্য হয়।

কুপথ্য

উত্তেজক আহার ও রাত্রি জাগরণ নিষ্ধ।

শ্বেতপ্রদর

লক্ষণ —এই পীড়ার প্রকৃত কারণ কেত নিশ্চয় করিয়া বলিতে পারে না। জরায় বা যোনির শ্রৈত্মিক ঝিল্লির প্রদাহতেত্ব এক প্রকার তরল পদার্থ নিঃশ্রাব চওয়াকে শ্বেতপ্রদর কতে। চুর্ববল, শীর্ণ, রুগ্ন, স্থান্দর বর্ণ, কোমল স্বভাব স্ত্রীলোকগণের শ্বেরার এই রোগ হইয়া থাকে। কোন বয়সেই এই রোগের হাত হইতে নিস্তার নাই। শীত প্রধান প্রদেশে এই রোগ অধিক হয়। গণ্ডমালা, যোনি-প্রদাহ, জ্রায়ুর স্থানভ্রম, স্তুকাবস্থা, গর্ভাবস্থা, ক্রিনি, ক্ষয়কাশ প্রভৃতি রোগের সহিত্ব বা পরে শ্বেতপ্রদর সচরাচর দেখা যায়।

চিকিৎ দা

- ১। ছগ্ধ /১ সের, জ্বাফুল ৫টি নূতন মাটির হাঁড়িতে সরা চাপা দিয়া মুখ বন্ধ করিয়া রোগিনী ভিজা কাপড় ও ভিজা চুলে খড়ের (ছোন) দ্বারায় জাল দিয়া ক্ষীর করিয়া বাসি পেটে খাইবে, একদিন মাত্র সেবনেই খেতপ্রদর আরোগ্য হইবে।
- ২। টাটি সুপারী কয়েকটা ২।৩ ফালা করিয়া কাটিয়া /।• এক পোয়া জলে ১২।১৪ ঘণ্টা ভিজাইয়া উহার কস খুব বাহির হইলে ঐ জল ২।৩ দিন বাসি পেটে সেবন করিলে নিশ্চয় খেতপ্রদর ভাল হইবে।
- ৩। ভাল জয়ত্রি দিনের মধ্যে ৪।৫ বার পানের সহিত খাইলে সপ্তাহের মধ্যে খেডপ্রদর ভাল হয়।

- ৪। শীতল জলে কিছু লবণ মিশাইয়া ১ ঘটা পরিমাণ কোমর পর্যাস্ত ড্বাইয়া বিদয়া থাকিলে খেতপ্রদর ঔষধ বিনাও আরোগ্য হয়। সহিষ্ণু হইয়া দীর্ঘ দিন নিয়ম পালন করা আৰত্যক।
- ৫। অশোক গাছের ছাল ২ ভোলা, /১ একসের জল
 ও /। এক পোয়া ত্থ সহ জাল দিয়া /। এক পোয়া থাকিতে
 নামাইয়া পান করিলে শ্বেতপ্রদর নিশ্চয় সারিবে।
- ৬। শিম্লজ্লার ফ্ল সৈদ্ধব লবণের সহিত মাধাইয়া মুতে ভাজিয়া ধাইলেও ঐ রোগ ভাল হয়।
- ৭। বিশ্ল্যাকরণীর পাতা বাটিয়া ১ ভোলা পরিমাণে ছই বেলা সেবন করিলে অচিরাত মুক্তন ও পুরাতন প্রদর ভাল হয়।
- ৮। চাঁপানটিয়া গাছের শিকর ছই ভোলা, জবাফুলের কুঁড়ি ২টি একতা বাটিয়া ২০ দিন খাইলে খেতপ্রদর ভাল হইবে।

अथा अथा

পুষ্টিকর ও সহজ পাচ্য দ্রব্য ভক্ষণ করিবে, উত্তেজক আহার নিষিদ্ধ, অগ্নির আলে যত কম যাইতে পারা যায় ততই ভাল। দিবানিদ্রা ও মৈথুন পরিত্যাগ করিবে।

মৃতবৎদা দোষ

(আরোগ্যের উপায়)

শৈত জবা, খেত কবরী, খেত শিমূল, খেত আকল ও খেত অপরাজিতা গাছের শিকড় সূর্য্য বা চল্লগ্রহণ কালে উঠাইয়া রাখিয়া পরে ঐ শিকড় জলের মধ্যে রগড়াইয়া গভিণীকে খাওয়াইলে স্ত্রীলোকের মৃত্রবংস। আরোগ্য হয়।

পারদ নিবারণের উপায়

পারদে শরীর পরিপূর্ণ হইলেও একটি সামাস্য দ্রব্য দ্বারা শরীরস্থ সমস্ত পারদ নির্গত্ত করা যাইতে পারে । নাটা নামক এক প্রকার কাঁটাযুক্ত বৃক্ষ প্রায়ই পল্লীগ্রামের জঙ্গলে পরিদৃষ্ট হইয়া থাকে। ইহার কলের শাঁস অনেক রোগে ঔষধর্মপে ব্যবহার হইয়া থাকে, সেই নাটাগাছের ক্রচি ডগা (অগ্রভাগ) যাহার গাত্রে এখন পর্যন্তে কন্টকাদি জল্মে নাই এবং পত্রাদিও তাদৃশ সতেজ হয় নাই; সেই ডগার অর্দ্ধভটাক পরিমাণ রস্বিনা জলে বাহির করিয়া প্রভিদিন সেবন করিলে এক সপ্তাহের মধ্যে শরীরস্থ সমস্ত পারদ নির্গত হইয়া যাইবে।

প্রাগি— শারীরে যদি পারদ ব্যবহার জনিত ক্ষত পরিদৃষ্ট হয়, ক্ষত হইতে শোণিত ও পৃঁয নির্গত হইতে থাকে, স্থানে স্থানে ফুলা ও তাহার মধ্যে বেদনা অফুভূত হইলে পূর্ব্বোক্ত ঔষধ সেবন ও নিম্নলিখিত ঔষধ ক্ষতস্থানে প্রয়োগ ক্রিবে। ইহাতে অতি অল্প দিনের মধ্যে শারীরস্থ পারদ নির্গত হইবে এবং ক্তেও ক্ষত ইইয়া ষাইবে।

কুক্সীমা নামক কুদ্র কুদ্র বৃক্ষ পল্লীস্থ পতিত জনিতে প্রায়ই উৎপন্ন হইয়া থাকে। এই কুক্সীমার রস নির্গত করিয়া একটি প্রস্তরের বাটিতে রাখিয়া হস্ত দ্বারা রারংবার নাড়িলে ভাহা লোহিত বর্ণ ধারণ করিবে, তখন ক্ষতের উপরে প্রয়োগ করিবে। এইরূপ প্রত্যহন্তন রস নির্গত করিয়া ক্ষতস্থানে ব্যবহার করিবে। সপ্তাহকাল ব্যবহারে নিশ্চয় আরোগ্য হইবে।

প্রসূতির স্তনে হ্রগ্ধ রৃদ্ধি হইবার ঔষধ

- ১। কাপাস তূলা গাছের পাতার রস ১ তোলা ১৫:২০ কোঁটা মধুসহ প্রাতে ও বৈকালে খাইলে প্রস্তুতির স্তনে অভ্যন্ত হক্ষ হটবে।
- ২। অথবা কাপাসত্লার বীজ হাল্ল ভাঞ্চিয়া চূর্ব করিয়া পরে 'চা' এর মত গরম জলে সিদ্ধ করিয়া সেই জল তৃগ্ধ ও চিনি মিঞ্জিত করিয়া খাইলে প্রস্তির স্তনে প্রচুর তৃগ্ধ হয়।

চুলকানী বা খাজলীর অব্যর্থ ঔষধ

গোল মরিচ ১ ভোলা, ইক্ষুগুড় ১ ভোলা, কালজিরা ১ ভোলা, থানকুনি পাতার রদের সহিত বাটিয়া ভিন্টি গুলি (বটিকা) করিয়া ভিন দিন খাইতে হইবে। প্রভাহ ২৷২ রার

করিয়া দাক্ত হইবে। ইহাতে শরীরের খাজলীর চুলকানীর দোষ নষ্ট হইয়া ভাল হইবে। কেবল হুধ ও ভাতই প্রা।

রাতকাণার ও স্বধ

যাহারা রাত্রিতে কম দেখে বা মাত্রও দেখে না তাহাকে রাত কাণা বলে। দধির সহিত করেকটি বেলপাতা প্রত্যাহ বাটিয়া খাইতে হইবে। কিছুদিন পর্যান্ত সেবন করিলে রাতকাণা দোব ভাল হয়।

হাঁপানীর ও স্বধ

শ্বেত বাইরকলি গাছের শিকড় এক কড় পরিমাণ ১। পোয়াটা গোলমরিচ সহ বাটিয়া সেবন করিবে। ৭দিন এই ভাবে সেবনে হাঁপানী ভাল হয়।

কুপথ্য

শাক, টক, বাসি জিনিষ, পুটিমাছ, বোয়াল মাছ খাওয়া নিষেধ।

মুগী রোগের আশ্চর্য্য ও স্বধ

কনকটাপা ফুল গাছের পাডার রস এক ছটাক, ইক্ষু চিনি আধ ডোলার সহিত মিঞ্জিত করিয়া প্রাতে খাইবে এবং বৈকালে অর্দ্ধ ছটাক রস। • চারি আনা ইক্সু চিনি সহ সেবন করিলে কিছু দিন মধ্যে রোগ ভাল গইবে। কাহার কত দিন খাইতে হইবে তাহা ঠিক বলা যায় না। ২০১ দিন প্রত্যেক রোগীকেই খাইতে হয়। অধিক দিনের রোগীর ৪০ দিন সেবন করিতে হয়।

কুপথ্য

ঔষধ সেবন কাল পর্যান্ত শাক, টক, বাসি জ্ঞানিষ খাওয়া নিষ্কু।

মাথাধরার আশ্চর্য্য ও সধ

চোকপনী মাছ (চক্ষুদানী মাছও বলে) এই মাছ পুকুরের ও ডোবার কিনারায় ভাসিয়া বেড়ায়, বেশী সময় জলের নীচে থাকিতে পারে না। মাছটা ১৯০ ইঞ্জি কি ২ ইঞ্জি লম্বা হয়। সেই মাছের মাথার উপর একখানা পোকরাজ পাথরের মত বস্তু আছে, তাই সর্বাদা চক চক করে। ইহার একটি মাছ ধরিয়া বীচি রহিত এক টুকরা কলার মধ্যে ভরিয়া প্রাতে খালি পেটে একদিন রোগীকে খাইতে দিবে। আধকপালি মাথাধরা নিশ্চয় আলোগ্য হইবে। মাত্র একদিন ঔষধ খাইলে চির-জীবনে আর মাথাধরার কই পাইতে দেখা যায় না।

ক্রিমির বেদনা আরোগ্যের উপায়

ক্রিমির বেদনা বিশেষ কষ্টদায়ক রোগ। এমন কি এই রোগে হঠাৎ মারাও যায়। অতএব ক্রিমির বেদনা উপস্থিত হইলে একটি কাঠালি কলা বীচি-শৃত্য করিয়া ২০ তোলা ইক্ষু গুড়ের সহিত চটকাইয়া রোগীকে খাইতে দিবে। ইহাতে ৫০৭ মিনিটের মধ্যে ক্রিমির বেদনার উপশম হইবে। অনেকে মনে করিতে পারে গুড়ে আর কলায় ক্রিমি বৃদ্ধি করে, অতএব ক্রিমির বেদনা উপস্থিত হইলে তাহা খাওয়াইলে আরও রোগের বৃদ্ধি হইবে। কিন্তু তাহা হইবে না, কারণ গুড় ও কলা খাইবার জ্ব্যু ক্রিমিগুলি নীচের দিকে নামিয়া যাইবে ও বেদনার উপসম হইবে।

বিশেষ বিধি

ঔষধ উত্তোলন ও সেখন দক্ষিণ নাসিকায় শ্বাস-বহন সময় করিতে হইবে। গাছগাছড়ার ঔষধ দিনের বেলায় তুলিতে হয়। জ্বলের মধ্যের গাছগাছড়া রাত্রিতে তুলিলে বিশেষ কার্য্যকারী হয়। যখন তখন গাছগাছড়া ঔষধ তুলিলে ঔষধের বীর্যানিষ্ট হয়, ফলও ভাল হয় না।

পঞ্চামরা

পাঁচটা অমর জিনিষের ছারা এই পঞ্চামরা তৈয়ার হয় বলিয়া ইহাকে গঞ্চামরা বলিয়া বিধিমত তৈয়ারী করিয়া খাইলে খাস, কাশ, শূল, অমুপিত গ্রহণী ও বহুমূত্রাদি উৎকট নানা পীড়া আরোগ্য হয়। পঞ্চামরা ভক্ষণ করিলে সাধক স্থিরচেতা হয়। সাধন অবস্থায়ও এই পঞ্চামরা বিশেষ উপকারী। যহোহা বহুমূত্রাদি উৎকট রোগে ভূগিতেছেন বা নারূপ চিকিৎসায় বিফলমনোর্থ ইইয়া জীবনের আশা ড্যাগ করিয়াছেন তাঁহারা এই প্রভাবর তৈয়ারী করিয়া কিছুদিন সেবন করিলে ইহার আশ্চর্য্য দেখিয়া মৃশ্ধ ইইবেন।

একাতু অমরা দূর্বা ভস্যা গ্রন্থিং সমানয়েৎ।
অস্থাতু বিজয়া দেবী সিদ্ধি রূপা সরম্বতী।
অস্থাতু বিজয়া দেবী সিদ্ধি রূপা সরম্বতী।
অস্থাতু বিজয়া থে নিগু গুটি চামরা মতা।
অস্থাতু কালতুলসী শ্রীবিফোঃ প্রিয়ভোষিশী
এতাঃ পঞ্চামরাজ্যো যোগসাধন কর্মাণ।
(যোগরসায়ন ৩য় ভাগ।)

পাঁচটা অমর জিনিষ কি ?

দূববার প্রন্থি (গাঁইট) ও সিদ্ধি (ভাঙ্গ), বিল্পতা, কাল ভূলসী, নিসিন্দা, এই পাঁচটি জিনিষকে অমর বলিবার কারণ কি? এই পাঁচটি জিনিষ ১০ বংসর শুকাইয়া রাখিলেও ইহার শক্তি নই হয় না. এই জন্মই এই পাঁচটি জিনিষকে অমর ব লিয়াছেন। অক্যান্স গাছগাছড়া ঔষধ শুকাইয়া রাখিলে ১ বংসরের বেশী ভাহার গুণ থাকে না।

প্রশামরা তৈয়ারীর বিধান

- দুর্ব্বার পাতা লইবে না, কেবল গ্রন্থিলিই ছিড়িয়া
 লইবে। তৎপর ভালভাবে শুকাইয়া চুর্ণ করিয়া লইবে।
- ২। সিদ্ধি (ভাঙ্গ) বাজারে কিনিতে পাওয়া যায়। সিদ্ধি, ত্ব্ব ও জলে মিশ্রিত করিয়া জ্বাল দিবে এবং যখন জ্বলটা বেশ ফুটিয়া উঠিবে তথন নামাইয়া সিদ্ধিগুলি ছাকিয়া নিয়া রৌজে শুকাইয়া ভালভাবে চুর্ণ করিয়া নিতে হইবে।
- ৩। বেলপাতার শিরগুলি ফেলিয়া দিয়া শুধু পাতাগুলি লইয়া রৌজে শুকাইয়া চুর্ণ করিয়া লইতে হইবে।
- ৪। কালতুলসীর শুধুপাতাগুলি লইয়া রৌজে শুকাইয়া
 চুর্ণ করিয়া লইবে।
- রিসিন্দার পাতাগুলি রৌজে শুকাইয়া চুর্ণ করিয়া
 লইতে হইবে।

এই পাঁচটি জিনিষ পৃথক পৃথক ভাবে চুর্ণ করিয়া পরে শোধন যন্ত্র দারা গুড়াগুলি পৃথক ভাবে শোধন করিয়া লইডে ছইবে।

শোধন মন্ত্ৰ

দূর্বনা শোধন—ও হরে অমরপুষ্টে অময়ভোত্তব সম্ভবে। অমরং মাং সদাভজে কুরুষ বং হরিপ্রিয়ে। ও দূর্ববারৈ স্বাহা। সিদ্ধি শোধন—ওঁ অমৃতে অমৃতোদ্তবৈ অমৃতবর্ষিণী অমৃত-মাকর্ষয় সিদ্ধিং দেহি সর্কং বশমানয় স্বাহা।

বিল্পতা শোধন—ওঁ কায়সিদ্ধি করে দেবি বিল্পতা নিবাসিনি অমরতং সদা দেহি শিবতুল্য কুরুষ মে। ওঁ শিবদারে নমঃ স্বাহা।

নিসিদ্ধা শোধন—ওঁ নিগু তী প্রমেশানি যোগোনা-মধি দেবতে। সমাং রক্ষতু অমরে ভাবসিদ্ধি প্রদে নমঃ ওঁশোকাপহায়ে নমঃ স্বাহা।

তৃলসী শোধন—ওঁ বিষ্ণোঃ প্রিয়ে মহামায়ে কাল জ্বাল নিবাশিনী। তুলসী মাং সদারক্ষ মামেকমমরং কুরু। ওঁ হ্রীং শ্রীং গ্রহং অমরায়ৈ নমঃ স্বাহা।

অনস্থের ভিন্ন ভিন্ন শিশিতে গুড়াগুলি রাখিয়া দিবে। ভৎপর বিলপত্রাদি চারি ত্রব্য সমপরিমাণ লইবে। আর চারি ত্রব্য একত্রে যে পরিমাণ হয় ডাহার দ্বিগুণ সিদ্ধি মিশাইয়া আবার সিদ্ধি শোধন মস্ত্রে শোধন করিয়া লইবে।

পরে ধেমু, মংস্য ও যোনিমুজা প্রদর্শন করিয়া তত্ত্বমুত্রা দারা গুরুর নামে মন্তকে ৭বার তর্পণ করিবে। পরে বীজ্বমন্ত্র উচ্চারণ পূর্বকে ইষ্টদেবতার নাম করিয়া "তর্পায়ামি নাম নমং" বলিয়া ৭ বার তর্পণ করিবে। পরে ওঁ বদ বদ সর্বস্থ বশঙ্করী শক্রকণ্ঠ "ত্রিশ্লিনী স্বাহা" বলিয়া ভক্ষণ করিবে।

গুড়া ঔষধ সেবনের চেয়ে ঐ গুড়া শীলে সামাস্ত জল দিয়া পুর ভালভাবে বাটিয়া সেবন করিলে বিশেষ ভাল ফল পাওয়া যাইবে। প্রতাহ এক আনা ওজনে খাইতে আরম্ভ করিবে। ক্রমান্বয়ে মাত্রা বৃদ্ধি করিয়া লইলে ভাল হইবে। যাহাতে সামান্ত একটুনেশার ভাব আসে সেই মাত্রায় খাইতে হইবে। অতিরিক্ত নেশা হইলে শরীর থারাপ হইবে। শরীরের অবস্থা ও ধাতু গতি বৃক্ষিয়া কম বেশী মাত্রা ঠিক করিবে।

যদি কেই একান্তপক্ষ মন্ত্রাদি দ্বারা শোধন না করিতে পারে তবে সাধারণ ভাবে তৈয়ার করিয়া খাইবে, ভাহাতেও ফল পাওয়া যাইবে।

শিবযোগ ও সিদ্ধি একবীর তন্ত্র গৃহাযোগ এবং আচারসার ও যোগঃসায়ন প্রভৃতি এন্থে ঐ পঞ্চামরার বছবিধ ফল বণিত ইইয়াছে।

পঞ্চামরা ভক্ষণের অমরো যোগ সিদ্ধিভাগ

(সিদ্ধিযোগ)

এই পঞ্চামরা ব্যবহারে বড় কঠিন রোগী আরোগ্য হইয়াছে। যে মহাত্মার নিকট এই পঞ্চামরার প্রণালী শিক্ষা করি, তিনি নিজে তৈয়ার করিয়া দিয়া বভমূতা, গ্রহণী, অমুপিন্ত ও শূল আরোগ্য করিয়াছেন।

গোর্চিকিৎ সা

হিন্দু-শাস্ত্রকারগণ গোজাতিকে দেবতার আসনে স্থান দিয়াছেন। তাঁহাদের মতে গাভী মাতৃস্থানীয়। তাহার দেহে ৩৩ তেত্রিশ কোটি দেবতার বাস এবং একমাত্র গোসেবা দারাই দ্বীবের ধর্মা, অর্থ, কাম মোক্ষ এই চতুর্বর্গের ফল লাভ হয়।

যাহার যাহাই কাম্যবস্ত হউক না কেন, তাহা লাভ করিতে হইলে জীবন রক্ষা যে সর্বাত্রে প্রয়োজন, এ কথা সকলেই একবাক্যে স্থীকার করিতে হইবে। কিসে আমাদের জীবন রক্ষা হয় ? মাতৃগর্ভে জীবের সঞ্চার হওয়া অবধি মঙ্গলময় পরমেশ্বর মাতৃস্তনে খাত্যের সংস্থান করিয়া রাখিয়াছেন বটে, কিন্তু ইহা বোধ হয় সকলেরই জানা আছে যে, শিশুর কেবল মাতৃস্তম্য দারা জীবন রক্ষা হয় না। ৩।৪ দিন পর্যান্ত গো-হুগ্ধই সেই নহজাত শিশুর জীবন রক্ষার একমাত্র উপায়। কারণ ৩।৪ দিন পর্যান্ত মাতৃস্তনের হুগ্ধ এক রকম ঘন আঠাবৎ থাকে ও অভি সামাশ্র পরিমাণে বাহির হয়, ভাহা দারা শিশুর জীবন রক্ষা হইতে পারে না। শিশুও স্তন টানিয়া খাইতে পারে না। এই গো-হুগ্ধ পান করিয়াই শিশু দিন দিন বাড়িয়া উঠে। গো-হুগ্ধ রে:গীর পথ্য, হুক্রলের বল, বুজের জীবন, এমন

কি মৃত্যুশয্যায় শায়িত মুম্যু ব্যক্তির যখন আহার্য্য বস্তু গিলিবার শক্তি লোপ হইয়া আসিতে থাকে, তখন গো-তৃগ্ধই তাহার মৃতপ্রাণে অস্কৃতঃ কতক সময়ের জন্ম সঞ্জীবনী শক্তি ঢালিয়া দেয়।

দধি, ঘৃত, ননী, ছানা এবং অক্সাক্ত যতপ্রকার উপাদের ও পৃষ্টিকর খান্ত আমরা সচরাচর খাইয়া থাকি, অফুসন্ধান করিলে দেখা যায়, তাহাদের অধিকাংশই গো-চুগ্ধ হইতে প্রস্তুত।

জীবনরক্ষার যাবতীয় উপাদান একমাত্র ছগ্ধ হইতে হইয়া থাকে। কোন বস্তু আহার না করিলেও একমাত্র ছগ্ধ পান করিয়াই আমরা সুস্থদেহে জীবন যাপন করিতে পারি।

স্থিরভাবে চিস্তা করিলে দেখা যায়, মানব সমাজে গোজাভির উপকারিতা একমাত্র হুগ্নেই পর্য্যবসিত হয় নাই। চাষে
ও অভাক্ত কার্য্যে গরু আমাদের নিত্য সহচর। গরু কৃষকের
একমাত্র সম্পদ; স্থতরাং জীবনরক্ষার উপযোগী কৃর্ষিলক্ষ
যাবতীয় উপকরণের জন্মই এই গোজাভির নিকট আমরা
চির-ঋণে আবদ্ধ। এই কথা একবাক্যে সকলেই স্বীকার
করিতে ইইবে।

ব্যবসায় বাণিজ্যের হিসাবেও গোজাতির উপকারিতা কম নছে। জুতা, চিক্লণী, ছাতার বাট, চামড়া প্রভৃতি যে সমস্ত জিনিষ স কর্মা আমরা ব্যবহার করিয়া থাকি, তাহার সধিকাংশই গকর চামড়া, অন্থি, শৃঙ্গ, পুড় এবং পুচ্চ চইতে প্রস্তুত হইয়। থাকে। গোময় জালানী কাষ্ঠরূপে ও জমিতে সার্ত্রূপে নিত্য ব্যবস্থত ত্তীয়া পাকে।

আর দেখা যায় চিকিৎসাক্ষেত্রেও ইহার উপকারিতা কম নতে। প্রীহা ও যকুতের রোগীর পক্ষে গো-মূত্র পান ও গো-মৃত্রের শেক গ্রহণ পরম হিতকর। প্রস্রাবের পীড়া, চক্ষু:রোগ-দোষ, উদারাময়, বাড, গুলা, কুণু, প্রভৃতি বোগ দূর করিছেও ইহার ক্ষমতা অসীম। এতস্তিম গো-মূত্রে আরও বহুরোগ নিবারক গুণ বর্ত্তমান আছে বলিয়া আয়ুকের্বদ শাস্ত্র চারগণ উচ্চ কণ্ঠে ইহার প্রশংসা করিয়া গিয়াছেন।

হিন্দুদের সম্বন্ধে বিশেষ ভাবে অমুধাবন করিলে দেখিতে পাই, নিতা নৈমন্তিক যাবতীয় কার্য্যেই ভাহাদিগকে পো-জ্ঞাতির সহায়তা গ্রহণ করিতে হয়। হিন্দুর খরে গোবর না ত্তলৈ একদণ্ড চলে না। তুর্গন্ধনাশক ও বিশুদ্ধকারক বলিয়া তিন্দ্রমণীগণ প্রভুষ্যে গাড়োখান করিয়া স্কর্ণগ্রে সমস্ত বাডীতে গোময় ছডা না দিয়া অক্য কোন কাঞ্চ করে না।

এইক্ষণ আসরা মোটামৃটি এই বুঝিলাম, ভূমিষ্ঠ হওয়া व्यविध कीवरनत रमय पृष्ट् भर्या स्त्र कीवन-त्रका ६ धर्म व्यर्थ প্রভৃতি সংসারের যাবতীয় ভোগ্য ও কাম্যবস্ত লাভ করিতে চইলে একমাত্র গো-জাতির উপরেই আমাদের সম্পূর্ণ নির্ভর করিতে হয়। কিন্তু বড়ই ছংখের বিষয় এরূপ উপকারী

গো-জাতির প্রতি আমরা এইক্ষণ নানাপ্রকার অনাদর প্রদর্শন করিয়া আসিতেছি।

বর্ত্তমানে গোহত্যা ও গোচারণ ভূমির অভাবে গো-ছাতির সংখ্যা হ্রাসের কারণ অনেকে নির্দ্দেশ করিতেছেন। কিন্তু অনুসন্ধান করিলে দেখা যাইবে এই চুইটীই একমাত্র কারণ নহে। অচিকিৎসা এবং কুচিকিৎসাও ভাহাদের সংখ্যা হ্রাসের প্রধান কারণ। আমরা গো-জাতির চিকিৎসা বিষয়ে এত উদাসীন যে, উহার চিকিৎসা হওয়া যে স্থায়তঃ ধর্মতঃ উচিত ভাহা মনে করি না। গো-জাতি বোবা, ভাহারা মুথ ফুটয়া কোন কথা বলিতে পারে না, কেবলমাত্র বাহ্যিক লক্ষণ দৃষ্টে রোগনির্গয় ও উষধ নির্ব্বাচন করিতে হয়। এন ভাবস্থায় গো-জাতির চিকিৎসা যে বিশেষ বিবেচনাধীন ভাহা সকলেই বৃথিতে পারেন।

পূর্বকালে আর্য্য ঋষিগণের কথা ছেড়ে দেন, বর্ত্তমানে স্থসভ্য ইংরাজ রাজ্যে গো-হত্যা সত্যেও তাঁহারা গো-জাতির রক্ষার ও শ্রীবৃদ্ধির জন্ম কতরূপ যত্ন চেষ্টা করিতেছেন তাহা কেনা জানেন ?

যাহা হউক আমার বক্তব্য এই যে, যাহাতে বিনা চিকিৎ-সায় এই গো-জাতি অকালে মারা না যাইতে পারে তদ্বিয়ে আমাদের সকলেরই দৃষ্টি রাখা বিশেষ প্রয়োজন। সন্তদয় গভর্ণমেন্ট ভিন্ন ভিন্ন স্থানে দাতব্য পশু-চিকিসালয় স্থাপন করিয়াছেন সত্য, কিন্তু চিকিৎসালয়ের সংখ্যা নিতাম্ব কম বলিয়া অভাব সম্পূর্ণ পূরণ গইতেছে না। উক্ত অভাব দুরী-করণার্থে সর্ববসাধারণের বোধগমা অভি সরল ভাষায় এবং অভি সহজ্ঞ চিকিৎসা সম্বন্ধে যত রকম তথ্য মহাত্মাদের নিকট সংগ্রহ করিতে পারিয়াছি ভাগাই সন্ধিবেশিত করিলাম। যাঁহারা সামাক্ত লেখাপড়া জ্ঞানেন ভাঁহারাও মনোযোগ সহকারে এই পুস্তকের লিখামত চিকিৎসা কার্য্য পরিচালনা করি লে স্বর্ব্ বই সফলকাম হইতে পারিবেন। এই বিষয়ে আমি স্পর্কার সহিত বলিতে পারি।

দেশবাসীগণের নিকট আমার বিশেষ অমুরোধ, তাঁহারা এই চিকিৎসা প্রণালী অবলম্বন করিয়া গো-স্থাতিকে ধ্বংসের মুখ হুইতে রক্ষা করিয়া দেশের কল্যাণ সাধন ও কুপালাভ করুন।

গাভীর হ্রন্ধ রদ্ধি হইবার উপায়

যে সমস্ত প্রণালী অবলম্বন করিলে হগ্ধবতী গাভীর হগ্ধ প্রচুর পরিমাণে বৃদ্ধি পায় তাহা বোধ হয় অনেকেই জ্বানেন না। আমি নিয়ে তাহার কয়েকটী লিখিয়া দিলাম।

- ১। পদ্মপত্র এবং তিল /া

 এক পোয়া পরিমাণ একত্র

 করিয়া গাভীকে সপ্তাহ কাল খা

 রয়াইলে গরুর হয় বৢয়ি পায়।
- ২। কচি বেল ও কাটানটিয়ার শাক, মাশকলাই সহ সিদ্ধ ক্রিয়া খাওয়াইলে গন্ধর হুগ্ধ অভ্যন্ত বৃদ্ধি হয়।

- গ্রাসকলাই ও লাউ একত্র সিদ্ধ করিয়া গাভীকে
 কয়েকদিন খাওয়াইলে গাভীর ছয় রদ্ধি হইবে।
- ৪। কৃছিৎ মৎস্যের একটা তৈল (নাড়ীভূড়ী পিন্তাদি)
 কোনরূপ মদলা ও লবনাদি না দিয়া অগ্নিভাপে ভাজিয়া তাহা
 সমান তিন ভাগ করিয়া প্রভাচ প্রাতে এক এক ভাগ কলা
 পাতা দিয়া জড়াইয়া গাভীকে তিন দিন তিন ভাগ খাওয়াইছে
 হইবে এবং যে দিন খাওয়াইবে সেই দিন হইতে ২১ দিন
 পর্যান্ত প্রভাহ দ্বিপ্রহরে গাভীটীকে নদীতে অথবা পুকুরে
 নামাইয়া রীতিমত স্থান করাইবে

এই ঔষধ সেবন করাইলে গাভীর ক্ষ্যা প্রবাপেক্ষা আনেক বৃদ্ধি পাইবে। তথন গাভী যভই খাইতে চায় ততই খাইতে দিবে। কিন্তু খড়াদি শুক্না ঘাস না দিয়া কাঁচা ঘাস ও তরল খাত দিতে চইবে। চাউল ধোয়া জল, ডাল ধোয়া জল কিংবা ভাতের মাড় এবং /৷• এক পোয়া পরিমাণ চাউল ও /৷• এক পোয়া কাঁচা মাসকলাই উত্তমরূপে সিদ্ধ করিয়া এক ছটাক লবণ সহ প্রত্যাহ প্রোতে একবার সন্ধ্যায় একবার মাত্র দিতে চইবে। আর দ্বিপ্রহরে একবার কাঁচা ঘাস দিতে হইবে। এই নির্দ্ধারিত সময় ভিন্ন অন্ত কোন সময়ে আর কোনও খাত্য দিবে না।

মস্তব্য— এইরূপ ভাবে ঔষধ তিন দিন খাওয়াইবে। স্নান ২১ দিন করাইবে, কিন্তু পথ্য যে সময় পথ্যস্ত তুর্ম না পাওয়া যায় সেই পর্যাস্ত এই নিয়ম চালাইতে হইবে। এই ঔষধ খাওয়াইলে যে কোন রোগ থাকুক না কেন ভারাও সারিয়া যাইবে এবং গাভীটি হাইপুষ্ট ও বলিষ্ঠ হুইবে।

৫। প্রদরের ১৫।১৬ দিন পর হইতে মাদকলাই অর্দ্ধদের ও চাউল /॥০ দের একত্রে উত্তমরূপে দিদ্ধ করিয়া তাহাতে লালিগুড় (চিটাগুড়) /।০ এক পোয়া, লবণ //০ এক ছটাক ও পিপুল চুর্ব ১ তোলা মিশাইয়া ভাতের মাড়ের সহিত কিয়া গরম জলের সহিত প্রভাহ সদ্ধ্যাকালে গাভীকে খাওয়াইলে প্রচুর পরিমাণে হৃষ্ণ বৃদ্ধি হইয়া থাকে। এই সঙ্গে ভাতের মাড় এবং গরম জল যতই বেশী খাওয়াইতে পারিবে তভই হৃষ্ণ বেশী হইবে, ঠাওা জল কথনও খাইতে দিবে না। আর এই সকল খাত্ত কিয়া কাঁচা ঘাদ আদি যে কোন খাত্তই দেওয়া হয় না কেন, প্রভাহ ঠিক এক মাত্রায় ও এক সময়ে দি তেইবে। একদিন ক্য ও একদিন বেশী, একদিন হুই ঘণ্টা পুর্বেবি আর একদিন হুই ঘণ্টা পরে যেন দেওয়া না হয়।

৬। প্রত্যহ দিপ্রহরে /। • এক পোয়া বুটের ছাতু ও / ১/ • আধ পোয়া গুড় /১ সের জলে মিশাইয়া খাওয়াইলে তৃগ্ধ প্রচুর পরিমাণে বৃদ্ধি পাইয়া থাকে ।

দীর্ঘকাল হ্রগ্ধ টাটকা রাখিবার উপায়

- ১। হ্র্ম টাটকা রাখিতে হইলে হ্র্মে কিঞ্চিং জনমিশাইয়া হ্র্ম পাত্র মৃত্ অগ্নি জ্বালে রাখিয়া দিলে হ্র্ম ২৪ ঘটা টাটকা থাকিবে।
- ২। বোরাসিক এসিড (Boracic Acid) সুক্ষা চুর্ণ করিয়া কিঞ্চিং মাত্রায় হুগ্নে নিশাইয়া রাখিলে ২৩ দিন পর্যান্ত ছ্গ্ন খারাপ হয় না অথচ ছুগ্নের গুণের বা আস্বাদনের কোন ভফাৎ হইবে না।

হ্বগ্নপরীক্ষার সহজ উপায়

একটি পাত্রে কিছু ত্থ লইয়া একটি বড় স্ট ঐ ত্থে প্রেশে করাইয়া দিবে। যদি ঐ স্টেরে অগ্রভাগে কিছু ত্থ লাগিয়া থাকে তবে মনে করিতে হইবে তৃগ্ন খাঁটি, ভাহা না হইলে তথে জল মিশান আছে ব্যাতে হইবে।

২। একটি কাঁচের গ্লাসে খানিকটা তৃধ ঢালিবে এবং এই তৃধের মধ্যে যদি দৃষ্টি না চলে (অর্থাৎ তৎপর পিঠে না দেখা যায়) সাদা রং দেখা যায় এবং গ্লাসের তলায় তলানি না পড়ে, ডবে খাঁটি তৃথ্ব মনে করিতে হইবে।

ভক্ৰবাক্য ৰা যৌগিকপন্থা—চতুৰ্থ ভাগ

গাভীর হ্রগ্ধ দর্প যাহাতে না খাইতে পারে তাহার উপায়

- ১। শ্বেভ জবার একটি ডাল ও একটি বেলের ডাল একর করিয়া গোয়ালবরের চারি কোনে পুভিয়া রাখিলে সেই হরে আর সর্প যাইবে না ও তৃগ্ধও খাইতে পারিবে না। শ্বেভ জবার ও বেলের উভয়ের শিকড় একত্র করিয়া গোয়াল হরের চারি কোণে ঝুলাইয়া রাখিলেও সেই হরে সর্প আসিবে না।
- ২। ছুই ফোঁটা কার্কলিক এসিড ১০ ফোঁটা নারিকেল ভৈলের সহিত মিশাইয়া গাভীব বাঁটে সন্ধার সময়ে লাগাইয়া দিলেও আর সর্পে হয় খাইতে পারিবে না।

কোন্ কোন্ গাভীর হ্রশ্ধ হিতকর ?

- ১। সুস্কায়, সবল ও স্পাঞ্জেদে বিচরণশীল কাল রং অথবা লাল রংএর গাভীর জ্গ্ন পান করা হিডকর। বৃদ্ধা, বালবৎসা ৩ মৃতবৎসা গাভীর জ্গ্ন পান করা অহিতকর।
- ২। গাভী ও বংসের রং এক হইলে সেই গাভীর তৃগ্ধ বেশী উপকারী। প্রস্বকরার ১৫ দিনের মধ্যে তৃগ্ধ খাওয়া অমুচিত।

৩। রুগ্নাগাভীর হৃগ্ধ স্বাস্থ্যের পক্ষে অতি অনিষ্টকর। গাভীর গর্ভত মাসের হইলে আর তাহার হৃগ্ধ পান করা উচিত নয়।

গরু বিষ ভক্ষণ করিলে আরোগ্যের উপায়

গক বিষ ভক্ষণ করিলে তংক্ষণাৎ তাহার প্রতিকার না হইলে অবস্থা বড় গক্ষতর হইয়া দাঁড়ায়। শুনা যায় আমাদের দেশের মুটিরা চর্মের আশায় ঘাসের উপর বা মাঠে দারমুদ্ধ (সেকো-বিষ), কাঠ-বিষ, কুটিলা প্রভৃতি বিষাক্ত জিনিষ দিয়া গক্ষর প্রাণনাশ করিয়া থাকে ।

লক্ষা —গরু বিষ ভক্ষা করিলে মুখ দিয়া লালা (কেনার মত) পড়িতে থাকে। কিছু আহার করিতে দিলে খায় না। সর্বশরীর কাঁপিতে থাকে, তলপেটে বাথা হয়, লোমের গোড়া শিথিল হইয়া পড়ে, পশ্চংখিদিকের পা ও শৃস দিয়া পেটে গুঁতা মারে, অত্যক্ত পিপাসিত হয়, সর্বাদা লাদে এবং ধনুষ্ঠকারের মত থিচুনী হয়।

চিকিৎসা

শুষ্ঠি চূর্ণ ১। • সোয়া তোলা, মসিনার তৈল /। • এক পোয়া ও গদ্ধক চূর্ণ /d • আধ পোয়া একত্রে /॥ • অদ্ধ সের ভাতের মাড়ের সহিত মিশাইয়া খাওয়াইবে। গরু যে কোন প্রকারের বিষ সেবন করুক না কেন ইহাতেই নিশ্চয়ই সারিবে।

পথ্য

অল্প পরিমাণ কলাই নিদ্ধ করিয়া ভাতের মাড়ের সহিত খাইতে দিবে কিয়া কেবল গরম ভাতের মাড় খাইতে দিবে। যে পর্য্যস্ত পেট নাবে ও পেটে বেদনা থাকে সে প্র্যুস্ত জল পান করিতে দিবে না।

গলাফুলা আরোগ্যের উপায়

গরুর গলাফুলা রোগ অভ্যস্ত ভীতিপ্রদ। আশু প্রতিকার না করিলে কফের প্রকোপ খুব বেশী হটয়া মারা যায়।

লক্ষণ:— কুখা কমিয়া যায়, গাতের লোম সকল খাড়া হটয়া উঠে, নাক মুখ শুক্ষ দেখায়, কোইকাটিয়া হয়, মাথা, গলকখল ও জিহ্বা অভ্যস্ত ফুলিয়া যায়। ক্রমে কণ্ঠনালী ফ্টীত হয়, পেটে ভুমন্ত যন্ত্রণা হইতে থাকে এবং খাস বন্ধ হইয়া যায়। মুখ দিয়া অবিহত লালা ঝরে, নাসাংদ্ধ ও চকুর পর্দ্ধা লাল হইয়া উঠে, গলার মধ্যে ঘড়ঘড়ানি শব্দ আরম্ভ হয় এবং জিহ্বা রক্তবর্গ হটয়া ঝুলিয়া পড়ে।

চিকিৎসা

দিনে ১২।১৪ বার স্ফীত স্থানে গরম জলের সেক দিয়া শুদ্ধ কাপড় দ্বারা ভালরপে মুছিয়া তার্দিণ তৈল মালিস করিবে এবং গরম কাপড় দ্বারা স্ফীত স্থানটি বাঁধিয়া রাখিবে। শ্বাস বন্ধ হওয়ার উপক্রম হইলে উত্তপ্ত লৌহদ্বারা স্ফীত স্থানের ২ ইঞ্চি অন্তর ৩।৪টি দাগ করিয়া দিবে। পরে প্রত্যেকটি দাগের উপর তার্শিণ তৈল দিতে হইবে। জলের পরিবর্গে ভাতের মাড় পান করিতে দিবে। /৮০ পোয়া পরিমাণ ভাতের মাড়ের সহিত ়ে০ অর্দ্ধ ছটাক শুট চুর্ল, গোলমরিচ চুর্ল ৷ ভোলা এবং দেশী মদ /॥০ অর্দ্ধ সের মিশাইয়া খাইতে দিলে খুব ভাল ফল পাওয়া যায়।

২। গরু অথবা মহিষের গলায় মরা কুকুরের এক ২ও হাড় বাঁধিয়া দিলে, গরু মহিষের গলাফুলা রোগ কোন কালে হইবে না। ঐ রোগ হুইলেও বুকুরের হাড় গলায় বাঁধিয়া দিলে বিনা শুষধেই গরু ও মহিষের ফুলারোগ ভাল হইয়া থাকে।

হ্বপ্পবতী গাভীর লক্ষণ

কাল এবং ধার বাঁট লক্ষণ বিশিষ্ট গাভী অধিক পরিমাণে ছুত্ব ক্ষেয়। সক্ষণলা, বজ্বন এবং সক্র শিং, সামনের অধবা পিছনের পা অপেক্ষাকৃত অল্প বড়, দীর্ঘ পুচ্ছ, স্ক্র্ম লোম, চর্ম্ম পাতল। ও পিছন ভারী লক্ষণ বিশিষ্ট গাভী অধিক পরিমাণে হ্যা দেয়। গাভী বেশী বয়সে গভিণী না হইলে হ্যা বেশী দেয় না।

গরুর খরুয়া রোগ আরোগ্যের উপায়

গরুর পক্ষে ইহা একটি কইদায়ক রোগ। ইহা গরুর মুখে পায়েও ওলানে হয়। ইহা হইলে ক্রেমে ক্রেমে পালে ছড়াইয়া পড়ে

লক্ষণ— ব্যারাম হইবার পূর্বের গরুর ক্ষুধা কম হয়,
অলসতা হয় এবং মাঝে মাঝে কম্প হয় ও জর হয়, মুখ
দিয়া সর্বনা লালা বাহির হয়। মুখে, পায়ে ও ওলানে মটর
কলায়ের নত গোটা (ফোস্কা) বাহির হয়। প্রধানত: ভিত্রার
উপরে এই ফোস্কা দেখা দেয়। পরে শরীরের অক্ত জায়গায়
হয়, মুখ বেদনা হয় এবং যুখ বন্ধ করিয়া রাখে। যখন এই
ফোস্কা ফাটিয়া যায় তখন ঘালাল বর্ণ দেখায়। অনেক সময়
এই ঘায়ে পোকা হইয়া থাকে। পায়ের খুরের ভিতর ঘাহয়
এবং ঘাহইলে গরু হাঁটিতে পারে না।

চিকিৎসা

উপযুক্ত চিকিৎসানা করিলে শতকরা ৫ হইতে ৫০ পর্য্যস্ত পূর্ণ বয়স্ক গরু এবং ৫০ হইতে ৮০ পর্য্যস্ত বাছুর মরিয়া থাকে।

গোয়াইল (গরুঘর) হইতে গরুকে কিছু দূরবর্তী স্থানে পরিস্কৃত ও শুক্ষ জায়গায় রাখিতে হইবে। জ্বর বেশী হইলে কর্পুর ৮০ আনা, সোরা ১ তোলা, দেশী মদ //০ এক 'ছটাক ও জ্বল /॥০ সের একত্র মিশাইয়া খাইতে দিবে।

মুখের ভিতর ঘা হইলে ফিটকারী ১।• সোয়া তোলা, গরম জল /া৶৽ আড়াই পোয়া, একত্রে মিশাইয়া প্রতিদিন প্রাতে, দ্বিপ্রহরে ও বৈকালে মুখ ধোয়াইয়া দিতে হইবে।

পায়ে খুরের ভিতর ঘা ইইলে ফিনাইল ও জ্বল একত্র মিশাইয়া প্রভাহ প্রাতে, দ্বিপ্রহরে ও বৈকালে ক্ষতস্থান পরিস্থার করিয়া দিতে ইইবে। নিমপাতা সিদ্ধ করিয়া সেই জ্বল ছারা খোয়াইলেও হয়। পায়ের ঘায়ে পোকা হইলে আলকাতরা ৪ চারি ভাগ ও তার্পিণ তৈল একভাগ মিশাইয়া ঘায়ে দিতে ইইবে। অথবা ফিনাইল এক ভোলা ও তার্পিণ তৈল ॥• ভদ্ধ ভোলা মিশাইয়া ঘায়ে দিলেও পোকা মরিয়া যাইবে।

গোয়াল ঘরে ফিনাইল অথবা কার্কলিক এসিড **জলে** বিশাইরা ছিটাইরা দিৰে।

পথ্য

গরুকে কচি দুর্ব্বাঘাস অথবা নরম টাটকা পথ্য খাইতে দিবে। ভাতের মাড় পুনঃ পুনঃ পান করিছে দিবে। ভাতের মাড়ের সহিত চিটাগুড়ে ও লবণ মিশাইয়া খাইতে দিলেও ভাল হয়। পীড়িত গরুর পরিত্যক্ত খাছ্য অক্য গরুকে খাইতে দিবে না এবং সম্পূর্ণরূপে আরোগ্য না হওয়া পর্যন্ত সেই গাভীর হগ্ধ পান করিবে না এবং বাছুরকেও পান করিতে দিবে না। ইহা পান করিলে বাছুরের নিশ্চয় এই রোগ হইবে।

ক্ষিপ্ত কুকুর কিংবা শৃগাল দংশন আরোগ্যের উপায়

ক্ষেপা কুকুর বিংবা শৃগালের বিষ শরীরে প্রবেশ করিলে গ্রুফ ক্ষিপ্ত হইয়া মারা যায়। অভএব আশু চিকিৎসা হওয়া দরকার।

চিকিৎসা

গ্রম জল /া০ এক পোয়া, ফিটকারী ২ ভোলা এবং জোণ ফুলের (দণ্ডকলসী ফুল গাছের) শিক্ত চুর্ণ ১০ অর্দ্ধ ছটাক একরে মিশাইয়া খাওয়াইলে দংশন জনিত বিষ নষ্ট হয়।

অগ্নিতে পোড়া ঘা আরোগ্যের উপায়

গরুর শরীরের কোন স্থান পুড়িয়া গেলে তৎক্ষণাৎ চুণের জল ও নারিকেল তৈল একতা সমভাগে মিশাইয়া দক্ষ স্থানে দিবে এবং ক্যাকড়া দ্বারা বাঁধিয়া রাখিবে। সা স্পূর্ণ আরোগ্য না হওয়া পর্যান্ত প্রভাহ ইহা দিতে হইবে।

জিহ্বার ঘা আরোগ্যের উপায়

গরুর ছিহ্বায় যা হইলে স্থানে স্থানে কাঁটার তুল্য হয়, জিহ্বার নিমুদেশে গর্তহয়।

চিকিৎসা

চিত্তল মাছের আঁইস-ভত্ম ক্ষতস্থানে লাগাইয়া মুখ বাঁধিয়া দিবে। ঘণ্টা তৃই এক্সপ অবস্থায় রাখিয়া বন্ধনটা খুলিয়া দিবে। এক্সপ করিলে অল্প দিনের সধ্যে যা শুকাইয়া আরাম হইয়া বার। বটগাছের ছাল ভক্ম করিয়া দিলেও বেশ কল দশিবে।

ভত্ম করিবার নিয়ম

একটী মাটির হাঁড়ির মধ্যে চিতল মাছের আঁইসগুলি রাখিয়া হাঁড়ির মুখে একটি সরা চাপা দিয়া নীচে জাল দিলেই পুড়িয়া ভন্ম হইবে। বটের ছালও ঐ ভাবে তন্ম করিতে হয়।

আঘাত আরোগ্যের ঔষধ

গরুর শরীরে আঘাত লাগিলে সোহারা ও নিশাদল সমভাগে লইয়া জলের সহিত মিশাইয়া আঘাতপ্রাপ্ত অথবা মচ্কান স্থানে জলপটি দিলে অল্প সময়ের সধ্যে আরোগ্য হয়।

কাউর ঘা আরোগ্যের উপায়

এই কাউর ঘা গরুর স্কম্মে হয়। যখন চুলকানি আরম্ভ হয় তখন গরু গাছে কাঁধ ঘসিয়া এই ঘা আরও বৃদ্ধি করে। কখন কখন কাকে ঠোকরাইয়াও ঘা বৃদ্ধি করে।

চিকিৎসা

- ১। ফিনাইল কিংবা কেরোসিন তৈল লাপাইলে পরুদ্ধ কাউর স্বা অতি সত্বর আরোগ্য হয়।
- ২। মুদ্রাশভা আধ ভোলা, মতিহার তামাক চুর্ণ // এক ছটাক, সরিষার তৈলের সহিত মিশাইয়া ৫। ৭ দিন ঘারে মালিশ করিলে ভাল হয়।
- ৩। মতিহার তামাক জলে ভিজাইয়া জল ছাঁকিয়া সিদ্ধ করত: সরিষার তৈলের সহিত মিশাইয়া ঘায়ে দিলে বেশ ফল পাওয়া যায়।

বাঁটের ঘা আরোগ্যের উপায়

তৃগ্ধবতী গাভীর বাঁট ফাটিয়া গিয়া ঘা হয়। তথন দোহন করা কঠিন হইয়া পড়ে।

চিকিৎসা

প্রত্যহ প্রাতে ও বৈকালে হল্প গরম জল হারা বাঁট ধোত করিয়া বাঁটে ৩:৪ তিন চারি দিন মাখন লাগাইয়া দিলে ভাল হয়। যদি বাঁট বেশী ফাটে এবং পূঁয বাহির হয় তবে নিমপাতা সিদ্ধ গরম জল হারা ধৌত করিয়া ফিটকারী ৯/০ তুই আনা হি //০ এক ছটাক, মোম ১০ অর্দ্ধ ছটাক, সফেদা /০ এক আনা একত্র করিয়া মিশাইয়া প্রতিদিন ৪।৫ বার বাঁটে লাগাইয়া দিলে বিশেষ উপকার হয়।

দর্প দংশন আরোগ্যের উপায়

লক্ষণ— গ্ৰুকে সাপে কামড়াইলে শ্রীরের লোম আলগা হয় এবং হাত দিলেই উঠিয়া যায়। অনেক সময় পায়ের শিরা ফুলিয়া উঠে ও শ্বাস প্রশ্বাস ঠাণ্ডা হয়।

চিকিৎসা

১। জোণ ফুল গাছের (দওকলনী) পাভার রস প্রায় /॥০ আধ সের খাওয়াইয়া দিলে গরুর শরীরের বিষ নষ্ট ছইয়া সম্বন্ধ আরোগ্য হয়। মাছুষ্কেও সাপে কামভাইলে এই ঔষধ ব্যবহারে বিশেষ কল পাওয়া যায়। এই ঔষধ প্রথম সময় খাওয়াইলে কাজ ভাল করে।

- ২। আমড়ার ছাল ৪।৫ তোলা খাওয়ালেও বিষ নষ্ট হয়।
- ৩। কলমীশাকের একটি লতা গরুর মুখ হইতে লেজের অগ্রভাগ পর্যান্ত মাপিয়া তাহ। খাওয়াইলেও সর্প-বিষ সম্পূর্ণ ক্লপে নষ্ট হইয়া থাকে।

ক্রিমি রোগ আরোগ্যের উপায়

লক্ষণ — ক্রিমি ইইলে গরুর পেট্ মোটা দেখায়, গায়ের লোমের গোড়া আলগা ইইয়া যায়। গরু প্রায় কাশিতে থাকে। ক্ষুধা তৃষ্ণা খুব হয়, কিন্তু খাত্য দ্বা রীতিমত হলম হয় না। গরুরোগা ও শীর্ণ দেখায়। খোপলার নীচে ফ্রাত ইইয়া উঠে। মাঝে মাঝে ভালকা ভালকা পাত্রা বাহ্ হয়।

চিকিৎসা

- ১। কয়েকটি কাগন্ধীলেবুর পাতা বাটিয়া একটি পাধর বাটিতে হুকার জলের সহিত গুলিয়া কিছু লবণ মিশাইবে। পরে উহা ছাঁকিয়া প্রত্যহ একবার করিয়া খাওয়াইলে এক সপ্তাহের মধ্যে ক্রিমি নষ্ট হুইয়া যায়।
- , ২। লবণ ১ ভোলা, হিরাকসের গুড়া 🗸 আনা একত্র মিঞ্জিত করিয়া কলাপাভার মধ্যে পুরিয়া খাওয়াইবে। ইহাডেও ক্রিমি নষ্ট হইয়া বায়।

পেট কামড়ানি আরোগ্যের উপায়

লক্ষণ—এই রোগে প্রায়েই লাদ (বাহ্যি) বদ্ধ হর। প্রায় কেবল চনায় (প্রস্রাব করে), পা ছড়াইয়া ছটফট করে এবং ক্ষান ক্ষান প্রস্রাবিও বিদ্ধাহয়। যায়।

চিকিৎদা

- ১। কদম পাভার রস /d আধ পোর। গুড় //
 ভটাক একত্র মিশাইয়। খাওয়াইলে পেট কাম ঢ়ানিব উপশম
 হয়।
- ২। সোমেরাজা ও তিন তোলা, ইদ্রেষৰ ও তিন তোলা বৈঁচির শিকিড়ের ছাল ও তিন ভোলা একর করিয়া জল দিয়া বাটীয়া প্রতিদিন ও বার খাওয়াইলে বেশ উপকার হয়।

পেট ফাঁপা আরোগ্যের উপায়

- ১। গরুর পেটফাঁপিলে কদম পাতার রস / ১০ আধপোয়া পরিমাণ খাওয়াইয়া দিলে পেট ফাঁপা ভাল হয়। যাহাতে বাহ্যিও প্রস্রোব হয় তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিবে।
- ২। ৩৬ /১ আধ পোষা, কাঁচা হরিন্তার ৩৬ া // এক ছটাক একত্র করিয়া খাওয়াইলে গরুর বাহ্যি ও প্রস্রাব হইয়া গেটকাঁপা ভাল হর।

শিং ভাঙ্গা আরোগ্যের উপায়

গরুর শিং ভাঙ্গিয়া গেলে ঘুটের ছাই ওড়ো করিয়া লাগাইয়া দিলে ভাল হয়।

গাভী প্রদব করাইবার দহজ নিয়ম

- ১। যখন প্রস্ব-বেদনা উপস্থিত হয়, তখন গাভী ছটকট করিতে থাকে, একবার দাঁড়ায়, আবার শয়ন করে। সহজে প্রস্ব না হইলে /ে/• আধ পোয়া পরিমাণ ঘোলের সহিত দেড় ছটাক ধুনা মিশাইয়। খাওয়াইলে অল্ল সময়ের মধ্যেই প্রস্ব হইয়া য়য়।
- ২। নাগদানার মূল /d॰ ছই ছটাক ও চিভামূল //॰ এক ছটাক, জলে মৰ্দ্দন করিয়া সেবন করাইলেও অভি স্কর্
 প্রস্ব হইয়া থাকে।

ফুলপতন—প্রসবের পর গান্তীর ফুল পড়িতে বিলম্ব হুইলে কাঁজির জল /d আধ পোয়া, সাইল ধানের শিক্ত // এক এক ছুটাক ও দেশী মদ /d আধ পোয়া একরে করিয়া খাওয়াইলে অল্প সময়ের মধ্যে ফুল পড়ে।

২। কুক্সিমার লভাপাতা পিসিয়া খাইলেও আচিরে ফুল পড়িরা বার।

প্রদবদ্ধার ফাটা আরোগ্যের উপায়

সৃতিকা রোগ বা হ্রগ্ধ-জ্বর আরোগ্যের উপায়

গরুর ঐ রোগ হইলে কয়েক দিন অর্নপোয়া পরিমাণে দেশী মদ খাওয়াইয়া দিলেই আরোগ্য হয়, ইহা খুব ভাল ঔষধ।

বদন্ত

ইহা বড় ভয়ন্কর রোগ। কোন প্রকারে একটী গরুর বসন্ত হইলে ক্রমে পালের মধ্যে ছড়াইয়া পড়ে। বিষ শরীরে প্রবেশ করিলে ৮।১০ দিনের ভিতরে প্রকাশ হইয়া পড়ে এবং রোগ দীর্ঘকাল স্থায়ী হয়। প্রকাশ হইবামাত্র আশু প্রতিকার করা উচিত।

লক্ষণ

প্রথম অবস্থা —কাণ ঝুলিয়া পড়ে, শরীর শিগরিয়া উঠে, দাঁত কড়মড় করে, কুধা হয় না, সময় সময় ভৃষ্ণা হয়, আস্তে আত্তে জাবর কাটে, শরীরে বেদনা হয়, পেট খিচিয়া ধরে, মুখ গরম হয়, গরুর গোবর কফে মাধান থাকে; এরপে দেখা যায়, পিঠ কুঁজা হইয়া যায়, মেরুদণ্ডে হাত দিলে সহ্য করিতে পারে না।

মধ্যম অবস্থা—ঘন ঘন শ্বাস বহন করিতে থাকে, নড়াচড়। করিতে কষ্টবোধ হয়, পিঠে এবং শিরদাড়ায় বেদন। হয়, শরীর কোন সময় গরম, আবার কোন সময় ঠাগু৷ হয়। ঢোক গিলিভে ও জাবর কাটিতে কষ্টবোধ হয়।

বাহ্যি করিতে কষ্ট হয়, চক্ষে ঝাপদ। ঝাপদ। দেখে, কিছুই খাইতে চায় না, জ্বর ও পিপাস। খুব বেশী হয়, মল এবং প্রস্রাবের ত্বার নোয়াইয়া পড়ে, জিহ্বা কাঁটি: কাঁটা লাগে, পেটে চাপ ধরে, কিছু গিলিতে গেলে কষ্টবোধ হয়।

শেষ অবস্থা—নিশাসে অতিশয় চুর্গন্ধ হয়, চক্ষু মুখ ও
নাকের ছিজে দিয়া সর্ববদা আঠার মত কফ বাহির হয়। কখন
কখন নাকের ছিজে চক্ষুর পাতা এবং জিহ্বান্ন ভিতরের চাম
উঠিয়া যায়। সম্মুখের দাঁত নড়ে, অনেক সময় চামের নীচে
ফুলিয়া যায়। ঢোক গিলিতে বেশী কট হয় এবং গিলিবার
সময় কাশে, সকল শরীর ঠাণ্ডা থাকে, রক্ত ও কফ মিশান বাহ্য
হয়। শ্বাস ফেলিতে কটুবোধ হয় এবং গোঁ গোঁ শব্দ করে। পেট

ভালিয়া পড়ে, অনেক সমর গরুর কুঁচকির, কাঁথের, পাঁজ ঢ়ার ও পালানের চামড়ায় ফুরুরি (গোটা) দেখা যায়। গরমের দিনে গরুর এই লক্ষণ ভাল, কিন্তু ফুন্ডুরি (গোটা) না হইয়া রক্তামাশয়ের চিহ্ন থাকিলে লক্ষণ খারাপ হয়।

প্রধান লক্ষণ — মুখের মধ্যে, মাড়িতে এবং শরীরের অস্তান্ত স্থানে গোটা হয়, রক্তামশায় মিশান বাহ্ন হয়। চক্ষু, মূখ ও নাকের চাম উঠিয়া যাইয়া সেথান হইতে পূঁয পড়ে। শরীরে যত বেশী গোটা দেখা দিবে তত ভাল।

চিকিৎসা

বসস্ত পাকিবার পূর্বে শিমূল তুলার বীচি বাটীয়া ইক্ষ্পুড়ের সহিত মিশাইয়া কলাপাভার মধ্যে ভরিয়া গরুকে খাওয়াইবে। এইরূপ ৩ ডিন দিন ৩ ডিন বার করিয়া খাইতে দিবে।

পূর্ণ বয়স্ক গরুর পক্ষে প্রথম দিন প্রথম বার ২৫টি ছিভীয় বার ১৮টি, ভৃতীয় বার ১০টা বীচি খাইতে দিবে। এইরূপ গরুর বয়স অনুসারে কম বেশী করিয়া এই বীচি ব্যবহার করিবে। প্রথম দিন প্রথম বাব যে কয়টা বীচি লইবে ক্রেমে প্রত্যেক বারে এবং প্রতি দিনে বীচির সংখ্যা কমাইতে ভইবে।

রোগের প্রথম অবস্থায় যদি বাহ্য বন্ধ হইয়া যায় এবং পেট শক্ত থাকে, তবে দিনে ২।১ বার করিয়া কিছু লবণ অথবা লবণ বিশিষ্ট জিনিষ খাইতে দিবে। শক্ত জোলাপ দেওয়া নিষেধ, কারণ অভিরিক্ত দান্ত হইলে গক বেশী তুর্বল হইয়া পড়ে। প্রথম অবস্থায় কর্পুর ৬০ বার আনা, সোডা, চিরতা ঐ পরিমাণ, ধৃত্রার বীচি সিকি কাঁচচা, দেশী মদ /./০ আধ পোয়া একতা করিয়া যতক্ষণ পর্যান্ত তরল বাহ্ন বন্ধ না হয়, ততক্ষণ ৩ ঘটা পর পর এই ঔষধ ব্যবহার করিবে।

কফ, রক্ত ও রেচক ২৪ চবিবশ ঘটার অধিক কাল বাহির হইতে থাকিলে ভাহা বন্ধ করিতে নিমু দিখিত ঔষধও দেওয়া যাইতে পারে।

যথা—চক খড়ি চ্ব, আফিম, পলাশগঁদ (পলাশ ফুল গাছে এক রকম আঠা বাহির হয়) ও চিরভা চ্বিভাল রক্ম গুড়া করিয়া //• এক ছটাক দেশী মদের সহিত খাওয়াইয়া দিবে।

পথ্য

চাউল এবং কলাই ভালরূপে সিদ্ধ করিয়া তাহার মাড় দিবে। জ্বল গ্রম করিয়া শীতল হইলে পান করিতে দিবে।

গরুর বদস্ত না হইবার উপায়

- ১। ধৃত্রার ফুল গাছের মূল।• চারি আনা কি ।√• ছয় আনা গরুকে খাওয়াইলে গরুর বসস্ত রোগ হইবে না।
- ্২। ওকরার ফুল কাল মুরগীর ডিম সহ বাটিয়া খাসের সহিত খাওয়াইলে গরুর বসস্ত রোগ হইবে না।

গরুর বদম্ভ ভাল হইবার একটা ভাল ও)যধ

শ্বেত চামর ও ওকনা চর্ম কিঞিং কলার মধ্যে ভরিয়া খাওয়াইলে গরুর বসস্ত রোগ সম্বর ভাল হয়।

গরুর পাতলা বাহ্নি (ছেড়) হইলে আরোগ্যের উপায়

১। গরুর পাতলা বাফ্সি হইলে ২।১ দিন বাঁশপাত। খাওরাইলে গরুর ছেড় (পাতলা বাফ্সি) ভাল হয়।

২। গরুর পাতলা বাহ্যি অগ্নিশ্বর গাছের পাত। **খাও**য়াইলেও ভাল হয়।

সুলকণ ও কুলকণ বিশিষ্ট গাভী

শুভ-লক্ষণ—যে গরুর জিহ্বা এবং তালু লাল বর্ণ, মাধা ছোট, কাণ ছোট অথচ উচুপনা, বৃক প্রানস্ত, বাঁট চোকা ও লম্বা, চকু লাল আভাষ্ক্ত, দাঁতের সংখ্যা ছয় অথবা নর, শরীরের লোম দেখিতে স্থন্দর এবং খুব তেলতেলে ও লালবর্ণ, পেট ঝোলা, সেই গাভী গৃহস্থের বাড়ী থাকিলে তাহার মঙ্গল হয়। স্থাক্ষণ—যে সকল গাভীর বর্ণ গাধার মত, শীরর বড় ও কুশ, দাঁতের সংখ্যা চার, সাত অথবা দশ, মুখ ও মাথা লম্বা, নাক চণ্ডড়া, শিং বড় ও চঞ্চল, সে সকল গাভী শুভকর নছে।

কোনু গরুকে কিরূপ খাছ্য দিতে ২য় ?

ত্বগ্ধবতী গাভীর খাত্য— কলাই সিদ্ধ, সরিষার খৈল অথবা তিসির খৈল, চাউল এবং খেসারির ডাইল ও কাঁচা ঘাস।

ষাঁড়ের খাজ— খেসারির ডাইল এবং তাহার ভ্ষি, গমের ভূষি এরং সরিষা অথবা তিসির থৈল ও কাঁচা ঘাস।

হালি গরুর খাত্য— খৈল, ভূষি, খড় ও ইহার সঙ্গে ঘাস দিবে।

গোয়াইল ঘর প্রস্তুত করিবার নিয়ম

উঁচু জায়গায় এবং যেখানে বেশ বাতাস ও রৌজ খেলে, সেখানে পূর্বে অথবা উত্তরমুখ করিয়া গোয়াইল ঘর প্রস্তুত করিবে। বাসস্থানের নিকটই গরুর ঘর রাখিবে। ঘরে কোন প্রকার গর্ত বা তুর্গন্ধ যেন না থাকে। ঘরের মেজে কিঞ্ছিৎ ঢালু হওয়া দরকার, গোবর এবং চনা যাহাতে ঘর ছইতে বাহিরে যাইতে পারে তাহার ব্যবস্থা করিবে। প্রভ্যাহ ঘরে ধূপ ও দীপ দিবে। মশার উৎপাত দেখিলে সাজাল দিবে। এরূপ হইলে গরুর স্বাস্থ্য ভাল থাকিবে।

ইতি গো-চিকিৎসা বিধি।

পূর্ব্ব সূচনা

পুরাণ, তন্ত্র, জ্যোতিষ ও স্বর প্রভৃতি শান্ত্রের মৃত্যুর পূর্বব লক্ষণ গুলি বর্ণিত আছে। সেই মৃত্যু লক্ষণগুলি বৃঝিয়া পরীক্ষা করা অনায়াসসাধ্য নহে। বিশেষতঃ অল্প শিক্ষিত ও সাধারণ লোকের পক্ষে একেবারেই অসম্ভব। এই কারণে যেগুলি সহজ এবং স্বরোদয় শাস্ত্রসম্মত এবং বহুবার পরীক্ষা দ্বারা প্রভাহ ফল দেখিয়াছি, সেই সমস্ত লক্ষণগুলি শিক্ষিত, অশিক্ষিত সর্বব-শ্রেণীর লোকের উপকারার্থ সহজ্ব বোধগম্য ভাষায় লিখিয়া প্রকাশ করিলাম।

চক্ষু থাকিতে হক্ষ, সংসার-চত্তে স্থ্যমান জনগনের জক্ত অবিষ্ট লক্ষণ সকল বলিবার পূর্বেক কর্মফল ও পরে অমুষ্ঠান তপস্থা সম্বন্ধে অতি সংক্ষেপে কিছু বলিয়াছি। ইহা পাঠ করিয়া যদি এক ব্যক্তিরও চক্ষু ফুটে, ভাহা হইলে শ্রাম সফল জ্ঞান করিব। এই বিষয়গুলি কোন মহাত্মার অমুগ্রহে প্রাপ্ত হইয়া নোট করিয়া রাখিয়াছিলাম ভাহাই বর্ত্তমানে প্রকাশ করিলাম। সহুদয় পাঠকগণ ভাষার দোষগুণ গ্রহণ না করিয়া পুস্তুকের মুখ্যফল গ্রহণ করিলে সম্ভুষ্ট হইব এবং আমার সা মুনয় অমুরোধ যে, আমার ভ্রম-প্রমাদ, অজ্ঞানতা দেখিলে ভাহা সংশোধন করিয়া দিবেন।

প্রীপ্রাপ্তরবে নম:।

মৃত্যু পরীক্ষা

---:•:----

অনবরত পরিবর্ত্তনশীল নশ্বর সংসারে সকলেই অনিশিচত, কেবল মৃত্যুই নিশিচত। ছায়া যেমন বস্তুর অফুগামী, মৃত্যুও তেমনি দেহীর সঙ্গী। গীতায় ভগরানের উক্তি—

"ভাততা হি ধ্রুবো মৃত্যু ধ্রুব তং জন্ম মৃতস্য চ।"

জন্মগ্রহণ করিলে মৃত্যু অবশ্রস্তাবী। মৃত্যুর হাত হইতে পরিত্রাণ লাভ করিবার উপায় নাই। মৃত্যু কাহাকেও উপেক্ষা করে না। অগণ্য গণ্য পরিবেষ্টিত লোকসংহারকারী বিবিধ অস্ত্র-সম্ভ্র সমন্থিত সমাট হইতে বুক্ষতলবাসী ছিল্লকন্থা-সম্বল ভিধারী পর্যাস্ত্র সকলেই একদিন মৃত্যু মুধে নিপতিত হইতে হইবে।

কর্মক্ষেত্রে সংসারের কোন কার্য্যের বা কোন বিষয়ের স্থিরতা ও নিশ্চয়তা নাই; কিন্তু মৃত্যু নিশ্চয় হইবে। মৃত্যুর মত অব্শাস্তাবী নিশ্চয়তা আর কিছুতেই নাই। প্রাতঃকালে স্র্য্যো-দয় হইলে, স্থ্যান্ত যেমন অবশাস্তাবী; দিবা অবসানে রাত্রি যেমন নিত্যু সংঘটিত হইতেছে, তেমনি জন্মগ্রহণ করিলে মৃত্যু হইবেই। শারীরিক বলবীর্য্য, ধন, জ্বন, সম্পদ, মান, গৌরব প্রভাপ ও প্রভুত্ব প্রভৃতি সর্ব্ব গর্ব্ব মৃত্যুর নিকট থব্ব হইবে। শাস্ত্রে পাওয়া যায় যে, সভ্যযুগ হইতে কলিযুগ পর্যান্ত ৭ জন মৃত্যুকে উপেক্ষা করিয়া অমর হইয়াছেন যথা—

"অখথমা বলিব্যাস হন্তুমানঞ্চ বিভীষণ ক্লপে পরশুরাম সপ্তেতে চিরজীবিনঃ॥"

অর্থাৎ অশ্বথমা, পাতালবদ্ধ বলিরাজ্ব ও ব্যাসদেব, হরুমান, বিভীষণ, কুপচার্য্য, পরশুরাম এই সাতজন চিরজীবি বলিয়া শাস্ত্রে উক্ত আছে।

ছন্মতিথি পূজা করিবার সময় এই সাত নামের উল্লেখ হুইয়া থাকে।

এই সাতজন ব্যতীত এই মর জগতে অমর কেইই নাই।
অংশ্য যোগসাধন ও অ্যান্ত ক্রিয়ামুষ্ঠান দ্বারা দীর্ঘ জীবন লাভ
করা যায় সভা; কিন্তু জন্মগ্রাহণ করিলে আর কিছু হউক, কিন্তা
দশ বৎসর পরেই হউক, সকলেই সেই শমন-ভবনে যাইছে
ইইবে।

মৃত্যু অনিবাধ্য এবং সকলেই যেমন মৃত্যুর অধীন, তেমনি
মৃত্যুর অবধারিত কাল নাই। মায়া মমতাহীন নির্দিয় মৃত্যুর
সময় অসময় নাই, কালাকার বিচার নাই। মৃত্যু কাহার
স্থবিধা অস্থবিধা দেখে না, কাহার উপরোধ অমুরোধ ওনে না,
কাহার ভাল মন্দ চিন্তা করে না—কাহার হুংধ কট বুঝে না,

মৃত্য কাহার নিকট পৃজা-অর্চনা চাহে না,—কাহার তোষামোদে কি কোন প্রকার প্রলোভনে ভুলে না, কাহার রূপ গুণ, ধন মান গৌরবের প্রতি দৃক্পাত করে না।

মৃত্যু বয়সের অংশক্ষা করে না, সাংসাহিক কার্য্য সম্প্রের অসম্পূর্ণতা ভাবে না, কখন কোন অজ্ঞাত প্রদেশ হইতে অলক্ষিতে আসিয়া আপন আয়ত করিয়া লয়। ঐ দেখ বিধবা যুবতী ৪। টি শিশু লইয়া ছুদ্দশায় দিশেহারা ও নিরাশা-নীরে নিমগ্র এবং লওভও হইয়া চকুর জলে বক্ষ ভাসাইতেছে, আর নিজের করে শিরে চপেটাঘাত করিয়া অনুষ্ঠকে ধিকার দিতেছে ; কখনও বা বিধির বিধানের নিন্দা করিতেছে। আহা! উহাদের আসা ভরসার আকাঙ্খা যুবকের যৌবনাস্ত না হইতে জীবনাস্ত হইয়াছে। যে মৃত্যু শিশুদিগের মুখের দিকে না চাইয়া উহাদের অন্তর্দাতা জন্মদাতাকে গ্রহণ করিয়াছে, উপযুক্ত আহার অভাবে শিশুগণ শীঘ্র হয়তো সেই মৃত্যুর অধীন হইবে ; এইরূপ প্রত্যহ দিনরাত কত কত মর্মান্তিক ঘটনা দৃষ্টিপথে পতিত হইতেছে, কিন্তু নিৰ্দিয় মৃত্যুর জ্বদয়ে দয়ার সঞ্চার হয় না। মৃত্যু শোক তাপ, সময় অসময় কিছুই গ্রাহ্য করে না, কোন বাধা বিশ্ব মানে না। কখন কোন ভাবে আসিয়া গ্রাস করিবে ভাহার নিশ্চয়তা নাই: কিন্তু একদিন সকলকেই যে মৃত্যুর অধীন হইতে হইবে ভাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই।

প্রকৃত পক্ষে জগতে এমন কিছুই নাই ও মানুষ্যের এমন কোন সাধ্যই নাই, যদারা ভীষণ বিভীষিকাময় মৃত্যুর গতিরোধ করা যায়। অতএব যখন একদিন মরিতেই হইবে, তখন কতদিন পরে জীবনসঙ্গিনী সহধর্মিণী ও প্রাণাধিক পুত্র কম্মা ছাড়িয়া ধনজনপূর্ণ সুথের সংসার ফেলিয়া শমন-ভবনে যাইতে হইবে, তাহা কাহার না জানিতে ইচ্ছা হয়?

এক বংসর কি ছয় মাস পরে মত্যু হইবে তাহা জ্বানিতে পারিলে, সাংসারিক ও বৈষয়িক কার্য্যে বিশেষ স্থাবিধা হয় এবং নাবালক পুত্র কন্সাদের ভরণপোষণ ও রক্ষণাবেক্ষণের একটা স্বন্দোবস্ত করা যায়। আর কভদিন পরে স্থাধর সংসারের সমস্ত ছাড়িয়া যাইতে হইবে জ্বানিতে পারিলে ঐহিক সকল কার্য্যের স্থাবিধা হউক না হউক, কিন্তু আর একটি কার্য্যের বিশেষ স্থাবিধা হয়, সেই কার্য্য এই—

পারলোকিক।

নানবিধ ভোগ-বিলাস বিজ্ঞ জিত অনম্ভ সুখতু:খপূর্ণ সংসারে লোক সকল ইহলোকে কেহ আনন্দে ভাসিতেছে, কেহ তু:খে ডুবিডেছে, কেহ নানা সুখভোগ করিতেছে, কেহ তু:খ ছুর্দ্দিশায় কষ্ট পাইতেছে, কেহ হয় ত ধনীর গৃহে জন্মগ্রহণ করিয়া আজীবন আমোদ-প্রমোদে, সুখে-স্বচ্ছন্দে দিন কাটাই-তেছে। কেহ হয় ত বুক্ষওলবাসী হইয়া দ্বারে দ্বারে ভ্রমণ করিয়া ভিক্ষা দ্বারা উদর পুরণ করিতেছে। কাহার হয় ভ ছুধে চিনি, আবার কাহার হয় ত শাকের উপর হুন মিলে না। এইরূপ নানা প্রকার বৈষম্য নিত্য চক্ষে প্রত্যক্ষ হইতেছে। এই বৈষ ম্যের কারণ কি? সুখে সম্পদে, রোগে শোকে সকলেই

ভাগ্য বা অদৃষ্টের দোহাই দিতেছে। আবার কেহ বা পরম দ্য়াবান ভগবানের অবিচার বলিয়া সমস্ত দোষ ভগবানের স্কন্ধে চাপাইতেছে। কিন্তু বাস্তবিক কি ভগবানের দোষ ? ভগবান কি কাহাকে সুখী, কাহাকে তুঃখী করিয়াছেন ? কখনই নহে। অনস্ত করুণানিদান স্থায়বান, পক্ষপাত-পরিশৃষ্ঠা। তিনি রাজা, প্রজা, ধনী, গরীব, সুখী, পণ্ডিত, মুর্থ সকলেরই সমান চক্ষে দেখিয়া সমান স্নেহ বিতরণ করিয়া থাকেন। তাঁহার নিকট আত্মপর নাই। তাঁহার সৃষ্টিতে বৈষম্য নাই, পক্ষপাত নাই, তবে জগতে নিয়ম বৈষম্যের কারণ কি ?—কারণ—মানুষ খীয় অদৃষ্ট অনুসারে সুখ ছঃখ ভোগ করিয়া থাকে। কিন্তু অদৃষ্ট ত দেখা যায় না, এই অদৃষ্টপূর্ণ অদৃষ্ট কি ? অদৃষ্ট আর কিছুই নয়,—

নিজ নিজ কর্মফল

মানুষের ভাল ও মন্দ যে কর্মা, সেই কর্মানুর প শুভানৃষ্ট বা ত্রনৃষ্টরূপে ভালমন্দ ফল প্রদান করিয়া থাকে। কর্মা দ্বিবিধ—পাপ ও পুণ্য। এই কর্মক্ষেত্রে সংসারের মানুষ সম্পূর্ণরূপে কর্মের অধীন। গত জ্বামে মানুষ যেমন কর্মা করিয়াছে, বর্জমান জ্বাম সেই কর্মাই অনৃষ্টরূপে ফল প্রদান করিতেছে। আবার বর্জমান দেহে যেরূপ কর্মা করিবে, পরক্ষামে তদমুরূপ ফল ভোগ করিবে। অবশ্য যাহারা হিন্দু-ধর্ম ও শাস্ত্রে অবিশাসী এবং পরকাল প্নকর্ম স্বীকার করে না, তাহাদের ইহা ভাল লাগিযে না, তাঁহারা এই অংশ বাদ দিয়া শেষাংশ মৃত্যু-পরীক্ষা

পাঠ করিবেন ও পরীক্ষায় বৃঝিবেন। যাহারা হিন্দু এবং হিন্দুধর্ম ও প্রাচীন মুনি ঋষিগণের লিখিত শান্তের প্রতি আছা
বিশ্বাস করেন, তাঁহাদের জন্ম বলিতেছি যে মানবের কর্মাই
অদৃষ্টরূপে প্রতিভাত হইয়া ফল প্রদান করিয়া থাকে। শুভ
কর্ম করিলে শুভাদৃষ্ট হয় অর্থাৎ শুভ ফল প্রদান করে, আর
মন্দ কর্মা ও অধর্মা করিলে হুরাদৃষ্টরূপে হংখহর্দ্দশা ভোগ করিতে
হয়। পূর্বে বলিয়াছি মৃত্যু যেমন অবশ্যুদ্ধাবী তেমনি কর্মান ফল ভোগও অংশুদ্ধাবী। অনস্থ জ্ঞানাভার মহামতি ভীম্ম বলিয়াছেন,—

> "মাভুক্ত ক্ষিয়তে কর্ম ক্মকোটি মতৈরপি অবশ্যমেব ভোক্তব্যং কৃতকর্ম শুভাশুক্তং।"

> > (মহাভারত)

ভাল ও মন্দ যে কর্মাকরিবে, ভাছার ফলভোগ অবশ্য করিতে হইবে।

অবশ্য মন্দকল ভোগ করিতে কেই চায় না, কিন্তু কর্মা ভোমার, কর্ম ভো ভোমাকে ছাড়িবে না। তুমি স্বর্গেই থাক আর মর্গ্রেই থাক যেখানে যাইবে, ভোমার কৃতকর্ম, ভোমার নিকট যাইয়া ফলভোগ করাইবে। তুমি যদি ভাল কর্ম করিয়া থাক তবে অবশ্যুই ভাল ফল ভোগ করিবে; আর মন্দ কর্মা, পাপ ও অধ্যক্তনক কার্য্য করিয়া থাক, ভদমুরূপ মন্দকল অবশ্যুই ভোগ করিবে সংশেহ নাই।

পুরাণ, তম্ব প্রভৃতি শাস্ত্রে কম্ম কল ভোগের কথা আছে। যাহারা শিকার দোষে, সংসর্গের গুণে, বয়সের চাপল্যে পরকাল **७ कमा छार्ग बमा, कमा, अन्हें श्रीकांत करत ना, छाठारमंत्र** পরিণামে একদিন নিশ্চয় স্বীকার করিছে চইবে। ইহার প্রত্যক্ষ প্রমাণও অনেক দেখিয়াছি ৷ শাস্ত্রে ব্যক্ত আছে যে,— "কর্মের দরুণই জীবের জন্ম হয়, কর্মের দরুণই জীব মৃত্যুমুধে নিপতিত হয়।" অলোকার ক্যায় জীব উত্তর দেহকে অবলম্বন করিয়া পূর্ব্ব দেহ পরিত্যাগ করিয়া থাকে। কিন্তু এই উত্তর দেহ পাইবার কারণও জীবের কর্ম। পূর্বজন্ম যেরূপ কর্ম করিয়াছে, মৃত্যুর পর তদফুরপ দেহ রূপ ও গুণ ধন মান, বিভা বৃদ্ধি ও অদৃষ্ট পাইয়া সুধ তৃঃধ ভোগ করিয়া থাকে। ইহাই বিধির বিধি, ইহাই শাস্ত্রে লিখিত নিশ্চিত সতা। শাস্ত্রে কৃথিত আছে যে, "মামুষ কর্ম দারা সুখ্ভোগ করে, কর্মের দারাই ত্রংখ ভোগ করে। কর্মবৃশেই ভাহার। জন্ম গ্রহণ করে, কর্ম ছারা শরীর ধারণ করিয়া থাকে এবং কর্মবশেই মৃত্যুমুখে পতিত হয়।"

"কর্মণা স্থম মধান্তি তুঃখমগাতি কর্মণা। জায়ন্তে চ প্রজীয়ন্তে বর্তন্তে কর্মণো বলাৎয়।"

এক ব্যক্তি রোগে, শোকে, হুঃখ ও দারিছ্যে কইভোগ করি-ভেছে। সে ব্যক্তি এ জীবনে কোন পাপ কার্য্য করে নাই। পার-দোষ দর্শনে আমারা খ্ব পটু; স্থতরাং অনেকেই বলিবে "ঐ লোকটা অনেক পাপ করিয়াছে, এখন কুকর্ম্মের ফলভোগ করিভেছে," ইহাই না হয় সীকার করিলাম। কিন্তু পঞ্চম বর্ষীয়

বালকবালিকা কঠিন রোগে দীর্ঘকাল কট্ট পাইতেছে । কেছ বা বিকলাঙ্গ হইয়া অকম্মণা শরীর বহন করিতেছে। উহারা তো এ জ্বানে কোন পাপ কর্মা করে নাই। উহাদের ভাল মন্দ কোন জ্ঞান হয় নাই, পাপ পুণ্য বুঝে নাই, স্মৃতরাং এ জন্মে পাপ পুণা কিছুই নাই, তবে কেন উহারা বিষম হঃখ কষ্ট ভোগ করিতেছে। এই সব দেখিয়া কোন নির্কোধ বলিবে যে, ভগবান উহাকে কষ্ট দিতেছেন। কিন্তু ধাৰ্ম্মিক ও জ্ঞানবান ব্যক্তির একথা কর্ণগোচর হইলে. তিনি বলিবেন যে.— "ভগবানের কোন দোষ নাই" উহার জ্মান্তরীণ কর্মক:ল ও জ্বে হুদ্রশা ভোগ করিতেছে। বাস্তবিক এ কথা সত্য। **পূর্বেই বলিয়াছি ভগবান সর্বেজীবে সমান দয়া করেন এ**াং সমদৃষ্টিতে সকলকে দেখিয়া থাকেন। স্তরাং উহারা যে পুর্ব জন্মের নিজকৃত কর্মফল ভোগ করিতেছে, এ জন্মের হুঃখ হুদ্দিশা ভাগার সভ্যতা প্রতিপন্ন করিতেছে। অতএব কন্মানুযায়ী ফলভোগ অবশাই করিতে হইবে ।

যাহারা মনুষ্যকুলে জন্মগ্রহণ করিয়া ধনোপার্জ্জন, পরিবার পোষণ ও ভোগ-বিলাসে দিন যাপন করাই মানব জীবনের চরমোল্লতি এবং একমাত্র কর্ত্তব্য স্থির করিয়া নিশ্চিত; যাহারা ধনসংগ্রহ, যশ, মান প্রভৃতির আশায় সর্ব্বদা ব্যতিব্যক্ত; যাহারা ধন্মের ধার ধারে না, ভ্রমেও ভগবানের নাম শ্ররণ করে না। ইহাদের সকলেরই পরজন্মের স্থের পথ কণ্টকাকীর্ণ। পূর্ব্ব জন্মের সংক্রমের ফলে এই জন্মে ধনী হইয়াছে। কিন্তু এই জন্মে ধন্মে কর্মে রত থাকিয়া অর্থের সহব্যবহার ও সাধন ভজনাদিনা করিলে পরজন্মে তৃঃধ দরিমত। অবশাই হইবে। অসীম ধীশক্তিশালী তীক্ষ্ব বৃদ্ধি পণ্ডিত চাণক্য বলিয়াছেন —

"কর্দ্ধ দোষণ দরিদ্রতা।"

কথা সত্য। যাহারা পূর্ব্ধ জন্ম ধর্মার্থে পুণার্থে অর্থের সদ্যবহার করে নাই, ভাহারাই বর্ত্তমান জ্বান্ম দরিজভার জীষণ আবর্ত্তে পড়িয়া হার্ডুব্ খাইতেছে। যাহারা বর্ত্তমান জ্বান্ম আয় ও অবস্থামুরূপ অর্থের সদ্যবহার এবং সাধন ভল্জন করিতেছে না, ভাহারা আগত জন্মে দরিজ্বরূপে নানা হৃঃথ তৃদিশা ভোগ অথবা পশ্বাদি যোনিতে জ্বাপ্রশান্ত হই বে।

"অর্থ কপুষ চরণাঃ অভ্যাসেছ কপুরাং যে নিমাপদ্যেরণর শ্বোনি বা শুকর যোনিং বা চণ্ডাল যোনিং বেভি।"

অর্থাৎ বিধিনিষিদ্ধ শাস্ত্রবিরুদ্ধ পাপ কম্মার্ম্প্রদান দারা শীপ্র নীচ যোনি কিংবা শৃকর, কুরুর, প্রভৃতি পশু যোনি অথবা গীতায় ভগবান বলিয়াছেন—

> "ভানহং ঘিষভ: কূরাণ সংসারেযু নরাধম ক্ষিপাস্যজ্ঞ মাস্থভানা স্থরীম্বেব যোনিষু।"

নিত্য অশুভ কম্মানুষ্ঠান রত ও বেষী, ক্রুর, নরাধম প্রভৃতি অস্তর প্রকৃতি মানবগণকে আমি জন্ম মৃত্যু-মার্গে নিপতিত করিয়া অতি ক্রের ব্যাঘ্র স্পাদি যোনিতে ভ্রমণ করাই।

অভএব যাহারা ধনোপাজ্জন ও বিলাসে জীবন যাপন

করিভেছেন, ধর্মকর্ম সাধন এবং ভঙ্কন করিবার অবসর পান
নাই, তাঁহারা যদি জানিতে পারেন যে আর এক বংসর কি
ছয় মাস পরে স্ত্রী-পুত্রাদি ও সাধের ধন ও বিবয় আশায়
ভবসংসারের সব ছাড়িয়া শৃত্য হত্তে নি:সম্বল অবস্থায় অসহায়
একা চলিয়া যাইতে হইবে, ভাহা ছইলে বিষয়-বিভ বাদির জ্বত্য
স্থবন্দোবস্ত এবং পুণ্যাদি কম্মের ছারা পরলোকেরও ইউ সাধন
করিতে পারিবেন।

সকল শ্রেণীর লোক যেমন ইহজীবনের সাংসারিক স্বার্থ লইয়া তৎপর, তেমনি ইহ-পরলোকের মঙ্গল ও সুথের জন্ম সকলেরই স্বাস্থাতীয় ধর্মানুষ্ঠান ও সাধন ভক্ষন করা কর্ত্তব্য ।

সকল প্রাণী অপেক্ষা মনুষ্য শ্রেষ্ঠ । এই বিশ্ব সংসারে জ্বলে স্থলে আশি লক্ষ যোনিতে ভ্রমণ করিয়া পরে মনুষ্য-জন্ম লাভ হয়। পশু পক্ষী আদি হইয়া কত জন্ম কোথায় থাকিতে হয়, ভাহা শাস্ত্রে নির্দ্ধিই আছে ।

> "ছাবরং বিংশলকন্ত জনজা নব লক্ষকাঃ। কৃষিজা কৃত্ৰেলকান্ত পাশবো দশ লক্ষকাঃ। অঞ্জা ত্রিংশলকান্ত চতুল কান্ত মানবাঃ।"

জলে ও স্থলে, পশু, পক্ষী, কীট পতঙ্গাদি, নানারূপ আশিলক্ষবার জন্মগ্রহণ করিয়া শেষে মানব দেহে চারি লক্ষবার
জন্মগ্রহণ করিতে হয়। মানবদেহ ধারণ করিয়া পুণ্যপ্রভাবে
ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়া থাকে। কারণ ভারতবর্ষের ক্সায়
পুণ্যপ্রদ স্থান পৃথিবীর আর কোথাও নাই। প্রাণীগণ বছ জন্মের

পর কদাচিৎ পুণাভূমি ভারতে মানব-দ্রুম লাভ করিয়া থাকে।
শাস্ত্রে উক্ত আছে যে, ভারতবাদীরা দেবগণ হইতেও শ্রেষ্ঠ এবং
ধক্ত, কারণ ভাহাদের জন্মভূমি স্বর্গ ও মাক্ষ উভয় লাভের হেতু।
স্বর্গপ্রদ পুণাকর্ম ক্ষয় হইলে আবার কি প্রকাবে দম্দয় ই প্রিয়্ব মৃক্ত হইয়া ভারতে জন্মগ্রহণ করিব দেবভারাও এই কামনা
করেন। প্রকৃতপক্ষে ভারতবর্ষ পারলৌকিক কার্য্যামুষ্ঠানে
সর্বব্রেষ্ঠ। মর্ত্রলোকের মধ্যে এই ভারতবর্ষে বিসয়াই মৃনি
শ্বিরা তপস্থা করিয়া থাকেন। পরলোকের আদর ও উপকারার্থ
যে কিছু দান কার্য্য ভারাও এই স্থানে সম্পাদিত হইয়া থাকে।
ভারতবাদীরা পৃথিবীর মধ্যে ভারতভূমিকে কর্ম্মভূমি বলিয়া
ইহ-পারলৌকিক মঙ্গল উদ্দেশ্যে ধর্ম কার্য্যামুষ্ঠান করিয়া
থাকে।

এ হেন দেব-প্রার্থিত ভারতবর্ষে জর্মগ্রহণ করিয়া যাহারা ধর্মচিন্তা ও পারলৌকিক মঙ্গলোদ্দেশ্যে কার্য্যান্তর্হান না করে, ভাহারা অতি মন্দভাগ্য এবং পাপের জীবস্তু মূর্ত্তি।

সাংসারিক ও বৈষয়িক কার্য্যে নিয়ত ব্যাপৃত থাকিয়াও সকলেরই ধর্মানুষ্ঠান ও উপাসনা করা কর্ত্তব্য।

যাহারা ধন উপাব্দ্রনি, ধনসংবৃক্ষণ ও ধনের পরিমাণ বৃদ্ধি করণ চিস্তায় সভত নিযুক্ত এবং যাহারা চকিবেশ ঘণ্টাকাল সংসার নিয়া ° ব্যাপৃত ;—যাহারা এই মর-জগতে অমর ভাবিয়া চিরকালের জন্ম কায়েমী পাট্টা লইয়া আসিয়াছেন মনে করিয়া

সতত স্বার্থ সাধনে রত থাকিয়া ধর্ম কর্ম করিতে ও ভগবানের আরাধনা করিতে সময় পান নাই, অথবা তৎ প্রবৃত্তি যাহাদের মনের মধ্যে স্থান পান নাই, তাহারা যদি জানিতে পারেন যে, মৃত্যু ভীষণ বদন ব্যাদান করিয়া সম্মুখে তাণ্ডব নৃত্যু করিতেছে; আর ছয় মাস কি এক বৎসরাস্থে ইত সংসারের ধন সম্পদ প্রিয় পরিজ্ঞনাদি ত্যাগ করিয়া যাইতে হইবে, তাহা হইলে আর কিছু হউক না হউক, ঐ অল্প সময়ের মধ্যেও পরকালের মঙ্গল-জনক অনেক কার্য্য করিতে পারেন।

সংসারের চক্রে ঘূর্ণ্যমাণ ও মায়ামরিচিকায় মোহিত সাংসারিক লোকের সদগতি কি প্রকারে হইবে, মরণের লক্ষণ-গুলি জানিয়া অল্প সময়ের মধ্যে কিরপে পরজন্মের স্থের পথ স্প্রশস্ত ও পারলৌকিক তঃথত্গতি দূর করিয়া স্থ-দৌভাগ্য লাভ করা যায়, তাহা জ্ঞানিতে কাহার না ইচ্ছ। হয় ? অগ্রে মৃত্যুলক্ষণগুলি বলিয়া পরে তিবিয়ের সত্পায় ও কর্ত্ব্য বর্ণন

মরণের পৃক্রে মনুষ্যের শরীরে নানাবিধ বিকার উদ্ভব হইতে থাকে। সে সকল বিকার ও সেই সকল মরণ-লক্ষ্ যোগীরা উত্তমরূপে বৃঝিতে পারেন। আমরা তাহা কিছু মাত্র বৃঝিতে পারি না। তন্ত্র, পুরাণ, জ্যোতিষ ও স্বরোদয় শাস্ত্রে অনেক রক্ষের মৃত্যু-চিহ্ন বা মৃত্যু-লক্ষণ বর্ণিত আছে। সেই সমস্ত একত্রে সংগৃহীত করিলে বৃহদাকার পুস্তক হইয়া পড়ে। ভাহা পাঠ করিয়া মৃত্যু-লক্ষণ নির্ণয় করা সাধারণের পক্ষে একেবারেই ছঃসাধ্য। এজকা সাধু মহাত্মাদের নিকট যে সকল সহজ মৃত্যু-লক্ষণ জানিয়াছি এবং বহুবার পরীক্ষা দারা প্রভাক্ষ সভ্য কল দেখিয়াছি, সে সমস্ত সংক্ষেপে ব্যক্ত করিভেছি।

দাতব্যং গুরুতজার ন দ্যান্তমানসে।

যশ্ম্যে কশ্ম্যে ন দাতব্যং নাল্যথা শঙ্করোদিতং॥

অর্থাৎ এই বিষয় গুরুতজিচিত্ত ব্যক্তিকেই প্রদান করিবে।

ছুষ্টমতি এবং যাহাকে ভাহাকে দিবে না। ইহাই শিববাক্য।

মৃত্যু লক্ষণ

(5)

নিজস্য প্রতিবিদ্দ্য নিশ্চলেমুদকাদিয়। উক্তমার্থং ন পঞ্জে যঃ যথাসেন বিনশ্রতি ॥

স্থির জলের উপর যে ব্যক্তি নিজের ছায়া সপ্তকহীন অবলোকন করে, ছয় মালের মধ্য ভাহার মৃত্যু হয়।

()

করাবরুদ্ধশ্রবণঃ মংস্থোতি ন চ ধ্বনিং। ছূলঃ কুশঃ কুশঃ ছূলস্তদা মাসান্নবর্ত্তে॥

হস্ত দারা হুই কর্ণ অবরুদ্ধ করিলে বাহিরের কোন শব্দ শুনা যায় না, কিন্তু কর্ণকুহরে বায়ুর এক প্রকার অস্পৃষ্ট অব্যক্ত শব্দ আঁতিগোচর হইয়া থাকে। ইহাই স্বাভাবিক নিয়ম। যে ব্যক্তি কর্ণদ্বয় হস্তদারা অবকৃদ্ধ করিয়া কর্ণকুহরান্তর্গত ঐ প্রকার শব্দ শুনিতে না পায় এবং কোন কারণ নাই, হঠাৎ স্থুল শরীরবিশিষ্ট ব্যক্তি যদি অকস্মাৎ কুশ হয় ও কুশ ব্যক্তি অকস্মাৎ (বিনা কারণে) স্থুল হয়, তাহা হইলে একমাস মধ্যে মৃত্যু নিশ্চিত।

(•)

ত্রিখার কর্ণনিযোঁষং ন স্থগোড্যাত্ম সম্ভবম্। মুখ্যতে চক্ষুযো জ্যোতির্বস্য সোহপি ন জীবতি॥

তুই কর্ণ আচ্ছাদন করিলে বাহিরের কোন শব্দ শুনা যায় না; কিন্তু নিজের উচ্চারিত শব্দ শুনিতে পাওয়া যায়। যে ব্যক্তি কর্ণ আচ্ছাদন করিয়া আপনার উচ্চারিত শব্দ শুনিতে না পায় এবং যাহার চক্ষুর জ্যোতি নষ্ট হইয়া যায়, সে ব্যক্তি অধিক দিন বাঁচে না।

(8)

নাসিকা বক্তভামেতি করমোর্গময়েতি।
নেত্রে বাঙ্পংক্ষেরেদ যস্য স গচ্ছেদ যমমন্দিরং॥
নাসিকা বাঁকিয়া গিয়াছে, কর্ণদ্ব নিম্নদিকে ভাঙ্গিয়া
পড়িয়াছে এবং চক্ষে জল বাহির হইডেছে এরূপ দেখিলে মরণ
নিকট হইয়াছে বুঝিতে হইবে।

এরপ লক্ষণের পূর্ব্বে কখন কাহার কাহার ছই চক্ষে জ্বল বাহির না হইয়া কেবল বামচক্ষে নিঃসাড়ে জ্বল বাহির হইয়া থাকে। ইহা প্রভাক্ষ দেখা গিয়াছে।

(()

ত্মপ্রতাস্যাপি যস্যাপ্ত হৃদয়ং পরিপ্তথ্যতি। চরণোচ কারা চাপি ত্রিমাসং তস্য জীবিতং॥ সান করিৰামাত্ত যাহার বুকের জ্বল হস্তপদ অবিলম্বে শুকাইয়া যায়, ভাহার আয়ু তিন মাসে শেষ হয়।

কাহার কাহার হাত ও পায়ের জল না শুকাইয়া, কেবল বৃক্তের জল শুকাইয়া যায়। এরপ হইলে বৃক্তিতে হইবে অর্থাৎ যে দিন স্নান করিবামাত্র বৃক্তের জল শুকাইয়া যায় সেইদিন ইইতে ছয় মাস জীবিত থাকিবে। পরীক্ষিত।

(6)

ভজেহ ছিবারে স্থ্যাস্য পুষ্টিক্ত্যা দিবাকরং। প্রকৃত্যাপ্স্কুল পত্তেৎ বঞ্চাসেন মৃত্যুভাক্॥

ভান্তমাসের রবিবারে দিবাভাগে যে ব্যক্তি জ্বল মধ্যে সূর্য্যের ছায়া দেখিতে পায় না ছয় মাস পরে তাহার মৃত্যু হয়।

()

য়তে তৈলে তথাদর্শে তোরে চ ততুমাত্মনঃ। ২শ্চ পশ্যেদ শিরস্কাং মাসাদৃদ্ধং ন জীবিত।।

যে ব্যক্তি ঘূতে, তৈলে আদর্শে অথবা জলে আপনার দেহ মস্তকহীন দৃষ্টি করে, সে ব্যক্তি একমাসের অতিরিক্ত বাঁচে না।

প্রত্যহ প্রাতে ঘৃতে নিজ প্রতিবিশ্ব দর্শন করিলে পরমায়ু বৃদ্ধি
হয়। প্রাতে শৌচ-ক্রিয়ান্তে মুখ হাত ধুইয়া বস্ত্র ভ্যাগ করিয়া
ঘৃতে মুখ দেখিলে আয়ু বৃদ্ধি হয়, শরীর সুস্থ থাকে। যোগীরা
বলেন ইহা পরীক্ষিত সভ্য। চেতনা (চ্যাটালো) পাথরের

বাটীতে তরল ঘৃত লইলে বেশ মুখ দেখা যায়। কিন্তু গব্য ঘৃত হওয়া আবশ্যক। আর মুখের এরপ নিকটে ঘৃত্পাত্র রাখিতে হয় যে, মুখ দেখিবার সময় ঘৃতের আণ যেন নাসারক্ষে প্রবেশ করে। নিত্য এরপ করিলে মন প্রফুল্ল ও শরীর সুস্থ ধাকে ইং। বিশেষ পরীক্ষিত।

(6)

য তা বীর্য্যং মলং মৃত্রং কুতং কুনমদন্তরং। ইতিহকদা ভবেত্যাপি অন্দং ওত্যায়ুক্লচাতে॥

যাহার বীষ্য, মল, মৃত্র, হাচি এক সময়ে নির্গত হয়, সে ব্যক্তি সেই দিন হইতে এক বৎসর জীবিত থাকিবে।

(a)

মৃত্রং পুরীষং বায়ুশ্চ সমকালং প্রজায়তে। ভদাসো চলিতো ভেয়া দশাহে আয়েতে ধ্রুবন্॥

যাহার মল, মৃত্র, অধোবায়ু এক সময়ে একতা বহির্গত হয় দশ দিন পরে সেই ব্যক্তির মৃত্যু হইবে।

(5.)

সংপ্রবর্ত্তে নিধুবনে মধ্যাত্তে ক্ষোতি যো নর:। নিশ্চিতং পঞ্চমে মাসি ধন্মরাজতিথিতবেৎ॥

যে ব্যক্তি স্ত্রীসংসর্গে প্রবৃত্ত হইয়া মধ্যে ও অস্তে হাঁচে, সে ব্যক্তি পাঁচ মাস পরে যমরাজ্ঞার বাড়ীতে অভিধি হইবে। (22)

যম্ম বৈস্নাত গাত্রম্ম কপোলমাস্ত শুমাতি। পীতঞাপি জলং ভবেৎ দশাহং তম্ম জীবনম্॥

যাহার স্নান করিবামাত্র গণ্ডস্থল শুক্ষ হয় এবং যে ব্যক্তি নদী পুক্ষরিণী প্রভৃতির জ্বলা পীতবর্ণ দর্শন করে, সে ব্যক্তি দশ দিনের অধিক কিছুতেই বাঁচিবে না।

(><)

যস্ত বক্তে শবগজো গাতে বসনয়োরপি। ভস্তায়ুম্বিসকংজ্ঞোং যোগিনামপি জীবনম॥

যে ব্যক্তির মুখে, গাত্রে, বস্ত্রে শবগন্ধ নির্গত হয়, সে যদি পরম যোগী হয়, তথাপি একমাস পরে মৃত্মুখে নিপতিত হইবে।

কখন কংন কাহার শরীরে শবগদ্ধ প্রকাশ না হইয়া শারীর হটতে অগ্নিগদ্ধ নির্গত হইতে থাকে, এরূপে হইলে সে ব্যক্তির আয়ু এক মাসের কিছু অধিক আছে, ইহা অমুমান করিবে।

(50)

যে ব্যক্তি প্রদীপ নিকাচিনের গন্ধ পায় না এবং রাত্তিকীলে অগ্নি দেখিয়া "ভয় পায়" এরূপ ব্যক্তি ছয় মাসের অধিক কোন মতেই জীবিত থাকে না। প্রদীপ অর্থে এখনকার প্রচলিত কেরোসিন তৈলের ল্যাম্পাদি নহে। বাঙ্গালীর চির-প্রচলিত মাটির প্রদীপ সর্ধপ বা রেড়ীর তৈলে পলিতা দিয়া যাহা ছলিয়া থাকে।

(28)

যস্য বৈ ভুক্তমাত্রস্য হৃদয়ং বাধ্যতে কুথা। জায়ন্তে দন্তহ্বাশ্চ স গভায়ু: ন সংশয়:॥

শাহার আবঠপুর্ণ আহার করিবামাত্র অনভিবিলয়ে পুনরায় ক্ষুধার উদ্রেক হয় এবং দস্তহর্য উপস্থিত হয়, তাহার মৃত্যু অভি নিকটে বুঝিতে হইবে।

(50)

অহোরাত্রং যদৈকত বহতে যস্য মারুতঃ। তদা তস্য ভবেদায়ঃ সংপূর্ণ বৎসরত্রয়:॥

দিবারাত্রি যাহার উভয় নাসিকায় এক সঙ্গে শ্বাসবায়ু প্রবাহিত হয় সে ব্যক্তি সেই দিন হইতে ভিন বৎসর পরে মৃত্যুমুশে নিপতিত হইবে।

যাহারা ভানেন ছুই নাসিকায় সমান ভাবে শ্বাস প্রবাহিত হুইয়া থাকে তাহা ভ্রম। নিশ্বাসের স্বাভাবিক নিয়ম এই যে এক নাসিকায় এক ঘন্টা পর্য্যস্ত শ্বাস প্রবাহিত হুইয়া আবার অপর নাসিকায় এক ঘন্টা কাল শ্বাস প্রবাহিত হুয় এইরূপ ভাবে দিবারাত্র একবার বাম নাসিকায় এক ঘন্টা ও একবার দক্ষিণ নাসিকায় এক ঘণ্টা পর্য্যায়ক্তমে শ্বাস প্রবাহিত হইয়া থাকে। ইহার বিস্থারিত বিবরণ মংপ্রণীত গুরুবাক "দ্বিতীয় ভাগে" বর্ণিত আছে।

(১৬)

অহোরাত্রং দ্বয়ং যস্য পিঙ্গলায়াং সদাগভিঃ। ভস্য বর্ষয়ং জ্রেয়ং জীবিতং ভক্মাদিভিঃ॥

যে ২্যক্তির উপযু ্তিপরি ছুইদিন দক্ষিণ নাসিকায় নিয়ত শ্বাস প্রবাহিত হয়, সেই ব্যক্তি তুই বৎসরের অধিকাল জীবিত থাকে না।

(59)

ত্রিরাত্তং বহুতে যত্ত্র বায়ুরেক পুটে ছিডঃ। সংবৎসরং যাবদায়ু:স্যাৎ বদন্তি মনীবিণ:॥

যদি ত্র মাগত তিন দিন এক নাসিকায় অনবরত শ্বাস প্রবাহিত হয়, তাহা হইলে বুঝিতে হইবে যে, সেই দিন হইতে আর এক বৎসর পরমায়ু আছে।

(26)

একাদি যোড়শাহানি যদি ভামুনিরগুরন্। বহেদ যস্যচ বৈ মৃত্যুঃ শেষাহেন চ মাসিকৈ॥

যদি একাধিক্রমে যোল দিন দক্ষিণ নাসিকায় নিয়ত শ্বাস প্রবাহিত হয়, তাহা হইলে প্রথম দিন হইতে ত্রিশ দিনের দিন মৃত্যু হইবে। (22)

সম্পূৰ্ণং বহতে সৃষ্যশচন্ত্ৰমা দৈব দৃশ্যতে। পক্ষেণ জায়তে মৃত্যুকাল জ্ঞানেন ভাষিতম।।

বংসর বা মাসের প্রথম দিন কিম্বা শুক্র ও কৃষ্ণপক্ষের কোন প্রতিপদের দিন দক্ষিণ নাসিকায় নিয়ত যদি শ্বাস প্রবাহিত হয় এবং সেদিন একেবারেই বাম নাসিকায় শ্বাস বহন না হয়, তাহা হইলে পনর দিন মধ্যে মৃত্যু হইবে।

(२•)

সম্পূর্ণং বহুতে চন্দ্র: ছুর্য্যো নৈবচ দৃশ্যতে। মাসেন দৃষ্যতে মৃত্যুকাল জ্ঞানেন ভাষিতম।

বৎসর বা মাসের প্রথম দিন অথবা কোন পক্ষের প্রতিপদে বাম নাসিকায় নিয়ত যদি শ্বাস বহন হয়, তাহা হইলে একমাস মধ্যে মৃত্যু হইবে।

প্রাত্তকালে স্র্য্যাদয়ের সময় হইতে এক ঘণ্টা বাম
নাসিকায়, পরে দক্ষিণ নাসিকায় একঘণ্টা নিশাস বহন
হইয়া থাকে। এইরূপ দিবা রাত্তি মধ্যে বারো বার বাম
নাসিকায় বারো বার দক্ষিণ নাসিকায় খাস বহন হইয়া থাকে,
ইহাই স্বাভাবিক নিয়ম। এরূপ নিয়মে নিশাস বহন না
হইয়া যদি একদিন নিয়তই বাম নাসিকায় কিম্বা দক্ষিণ
নাসিকায় খাস বহন হইয়া থাকে, ভাহার মৃত্যুর পূর্ব লক্ষণ
বৃক্তিত হইবে।

(52)

রাত্রো চল্ডো দিবা সুর্য্যে বছেদ যস্তা নিরন্তরম্। বিজ্ঞানীয়াত্তসমৃত্যুঃ যথাসাভ্যস্তরে ধ্রুবম্॥

যাহার রাত্রিকালে নিয়ত বাম নাসিকায় এবং দিবাভাগে দক্ষিণ নাসিকায় খাস বহন হয়, তাহার ৬ ছয় মাস মধ্যে মৃত্যু হয়।

প্রতিকারের উপায়

শেশাঙ্ক বারয়েক্তাত্রৌ দিবা কার্য্য দিবাকর:।

সমস্ত রাত্রি যদি দক্ষিণ নাসিকায় শ্বাস বহন না ইইয়া কেবল বাম নাসিকায় বহন হয়; কিন্তা দিবাতে একবারও বাম নাসিকায় শ্বাস বহন না ইইয়া কেবল দক্ষিণ নাসিকায় বহন হয়, ভাহা ইইলে পুরাতন তুলা দ্বারা দিবাতে দক্ষিণ নাসিকা বন্ধ রাখিবে, সন্ধ্যার সময় দক্ষিণ নাসিকা ইইতে তুলা খুলিয়া লইয়া তদ্বারা বাম নাসিকা সমস্ত রাত্র বন্ধ করিয়া রাখিবে। ইহাতে মৃত্যুর সময় পরিবর্ত্তন ইইয়া যায়।

(22)

অরুদ্ধতীং ধ্রুবঞ্চৈব বিষ্ণোস্ত্রীণি পদানি চ। আয়ুহীনা ন পশুস্তি চতুর্থং মাতৃমগুলম্। যাহাদের মৃত্যু নিকটবর্ত্তী ভাহারা আকাশে অবস্থিত সপ্তর্মিণ্ডল মধাগত অক্সন্তী ও ঞ্চর নক্ষত্র, বিফুপদত্র য় এবং মাতৃমণ্ডল নামক ভারা দেখিতে পায় না।

স্থনাম বিখ্যাত এই নক্ষরগুলি অনেকেই চিনেন। কৃষ্ণ-পক্ষের রাত্রে স্পষ্ট দৃষ্ট হয়। আমরা বাল্যকালে দেখিয়াছি যে, প্রাচীনগণ প্রায় সকলেই রাত্রে এ নক্ষত্র কয়টী চিনিতেন এবং প্রায়ই রাত্রে এ সকল দেখিয়া আয়ু পরীক্ষা করিতেন।

এপনকার নব্য শিক্ষিতগণ যাহারা প্রাচীনদিগের বিজ্ঞা বৃদ্ধির ও প্রাচীন প্রথার নিন্দা করিয়া পাশ্চাত্য শিক্ষা, দীক্ষা, চাল চলনের পক্ষপাতী তাহারা আক্রেশ এবং নিজ দেহে পরীক্ষা করিলে প্রভাক্ষ ফল দেখিতে পাইবেন।

বৃহৎ ব্রহ্মাণ্ডে আকাশ, নক্ষ্ম, নদ নদী, ভীর্ব প্রাভৃতি ক্ষ্ম বৃহৎ যে সমস্ত বস্তু বিভিনান বহিয়াছে, ভদ্সমস্তই মনুষাদেহে আছে। এই জন্ম মানবদেহকে ক্ষ্ম ব্রহ্মাণ্ড বলে। আকাশস্থিত নক্ষত্রের ন্যায় মানবের শরীর মধ্যে নাসিহা, ক্র ও জিহ্বা প্রভৃতি পূধক পূথক নাম আছে। যথা:—

> অরুদ্ধতী ভবেদ জিহ্বা ধ্রুবোনাসাগ্রামূচ্যতে। জ্রবোর্দ্মধ্যে বিষ্ণুপদং তারকং মাতৃমগুলম্॥

জিহবার নাম অকন্ধতী, নাসিকার অগ্র ভাগ প্রব, জায়ুগলের মধ্যভাগ বিফুপদ, চকুর তারা মাতৃমণ্ডল অভিহিত হয়।

আসন্নম্ভূয় ব্যক্তি যেমন আকাশপদস্থিত অক্তমতী, বিফুপদ, মাতৃমণ্ডল ও গ্রুব নামক নক্ষত্র দেখিতে পায় না; সেইরূপ নিজ দেহস্থিত নাসার অগ্রভাগও জিহ্বার অগ্রদেশ এবং ভ্রুৎয়ের মধ্য ও চকুর তারা দেখিতে পায় না ।

জিহ্বার অগ্রভাগাদি নিজে নিজে সহজে দেখা যায়, কিস্তু চক্ষুর ভারা অর্থাৎ মাতৃমণ্ডল সহজে দেখা যায় না। চক্ষুর ভারা (মাতৃমণ্ডল) দেখিবার একটি কৌশল আছে। পাঠকগণের অবগতির জন্ম ভাহা বলিভেছি।

(20)

কোণমন্মোহঙ্গুলীভ্যান্তক্ষিঞ্চিংশীভ্যনিরীকয়েং। যদি ন দৃশ্যতে বিন্দুর্দশাহেন সনোমুভ: ।

চক্ষু মুজিত করিয়া একটি অঙ্গুলীর অগ্রভাগ দারা চক্ষুর কোণ ঈষৎ চাপিয়া পীড়িত করিলে তদিপরীত দিকে চক্ষুর তারার আকৃতি একটি গোল জ্যোতিঃ দেখিতে পাওয়া যায়। ইহাই মৃত্যুর দশ দিন পূর্বে হইতে ঐ জ্যোতি আর দেখা যায়না:

(28)

দক্ষিণ হস্ত মৃষ্টিবদ্ধ করিয়া নাকের সমান মস্তকের উপর কিয়া ক্রর উর্দ্ধে কপালের উপর বদ্ধমৃষ্টি রাখিয়া নাসিকার সম্মুখে হাতের কজীর নীচে সমানভাবে দৃষ্টি স্থাপন করিলে হাত খুব সরু দেখা যায়, ইহাই স্বাভাবিক নিয়ম। কিন্তু মৃত্যুর ছয় মাস পুর্ব্বে এরপে সরু না দেখাইয়া এ স্থান কাঁক দেখা যাইবে। অর্থাৎ বেধে হইবে হাতের সহিত মৃষ্টির যোগনাই; হাত হইতে মৃষ্টি বিভিন্ন; এরূপ যে দিন দেখা যাইবে, সেই দিন হইতে ছয় মাস মাত্র আয়ে অবশিষ্ট আছে বৃঝিতে হইবে।

(३৫)

যে মহুষ্যের স্তানের চর্ম অসাড় হয়, সেই ব্যক্তি পাঁচি মাস অস্তে যমালয়ে যাইবে

(२७)

দস্তশ্চর্ষনৌ হস্তান কিঞ্চিদপি পীদ্যতে। ভৃতীয়ং মাসমাবশ্যং কালাজ্ঞয়া ভবেরর:॥ (শিব—স্বরোদয়।)

যে ব্যক্তির দম্ভ ও কোষ টিপিলে কিছুমাত্র বেদনা অনুভব নাহয়, সেই ব্যক্তি তিন মাস মধ্যে যমরাজের অধীন হুইবে। (২৭)

মধ্যমাঙ্গুলিনাং ত্রিভয়ং বক্রং।
রোষাং বিনা শুষ্যতি যদ্য কণ্ঠ:॥
মরণং ভদ্য নির্দিষ্টং ষণ্মাদেন নিশ্চিভম্॥
(শিব—স্বরোদয়)

যাহার ভজ্জনী, মধ্যমা ও অনামিকা এই তিন অঙ্গুলি পীড়া
 ব্যতীত নিম্নদিকে বাঁকিয়া পড়ে এবং কোন রোগ বিনা সর্বাদা
 কণ্ঠ ওছ হয়, সে ব্যক্তি ছয় মাস মধ্যে পঞ্ছ প্রাপ্ত হইবে।

٠.

(26)

বাপ্যং পুরীষ মুত্রাণি স্ববর্ণ রক্কতং তথা। প্রতংক্ষমথবা সপ্তেম দশ মাদার জীবিত॥

(শিব---স্বরোদয়।)

যে মনুষ্য জাগ্রত কিন্তা নিজিতাবস্থায় স্বপ্নে মল, মৃত্র, স্কুবর্ণ কি রৌপ্যের স্থায় দর্শন করে, সেই ব্যক্তি দশ মাসের অধিক বাঁচেনা।

(22)

লক্ষং লক্ষিত লক্ষণেম সলিলে
ভামুর্যদা দৃশ্যতে ক্ষীণো দক্ষিণে
পশ্চিমোন্তর পুর: বটন্তি দ্বিমাসৈকত: ।
মধ্যং ছিন্তমিদং ভবেদ দশদিনং
ধুমাকুলং তদ্দিনে সর্ববৈত্তরপি
ভাষিতং মুনিববৈরায়ু: প্রমাণং স্ফুটম ॥

সর্বজ্ঞ মূনিবর বলিয়াছেন, যে ব্যক্তি জ্ঞালের মধ্যে স্থের প্রতিবিশ্ব ক্ষীণ দক্ষিণাদি দিকে দেখে সে ব্যক্তি ছয়, তিন, তুই ও এক মাস বাঁচিবে। অর্থাৎ স্থেরর প্রতিবিশ্বের দক্ষিণ দিকে যদি কটা রং দেখে তবে ছয় মাস, আর পশ্চিম দিকে কটা দেখে তো তিন মাস, উত্তর দিকে কটা দেখে তবে তুই মাস, আর প্রকিদিকে দেখিলে একমাস পরমায়ু আছে বৃঝিতে হইবে। আর প্রতিবিশ্বের মধ্যে ছিল্ত দেখিলে দশ্ দিন মধ্যে এবং সম্পূর্ণ প্রতিবিশ্ব ধুমাবর্ণ দেখিলে সেই দিনই মৃত্যু হইবে।

স্বাফল

মৃত্যুর পূর্বেবে যেমন শারীরিক বিকার ও নানাবিধ লক্ষণ প্রকাশ হয়, তেমনি মরণের পূর্বেব অরিষ্টজনক অনিষ্টকারী স্বপ্ন দৃষ্ট হইয়া থাকে। অনেকে বলেন যে, স্বপ্ন সকল অমূলক চিস্তা মাত্র, কোন কার্য্যকরী নহে। একথা কোন মতেই স্বীকার করিতে পারি না, সামবেদের কোন শাখায় সুস্বপ্ন বর্ণিত আছে, তাহা একেবারে মিথ্যা কল্পনাপ্রস্ত বলিয়া উড়াইয়া দেওয়া যায় না। যথন বেদ, আয়ুবের্বদ, তন্ত্র, জ্যোতিষ এবং স্বরোদয় প্রভৃতি শাল্তে শুভ ও অশুভজনক স্বপ্নের বিষয় বর্ণিত আছে, তখন স্বপ্ন মিথ্যা নহে। শান্ত্রবাক্য ব্যতীভও প্রত্যক্ষ দেখা যায় যে, অনেকেই স্বপ্নে ঔষধ প্রাপ্ত হইয়ারোগমুক্ত হইয়াছেন। এরূপ ঘটনা বিরল নহে।

বাল্যকালে কোন পুস্তকে পড়িয়াছি—"অপ্ন সকল অমূলক
চিন্তা মাত্র।" একথা অভ্রান্ত সভ্য জ্ঞানে হাদয়ে দৃঢ়রদ্ধ ছিল।
সেই সময় বৃদ্ধ বিজ্ঞগণের কথা অবজ্ঞা করিয়া উড়াইয়া দিয়াছি।
কিন্তু অদৃষ্টচক্রের আবর্তনে মতিগতির পরিবর্তনে গুরুদেবের
কুপায় শান্ত্রমাহাত্ম্যে ও কার্য্যকারণের প্রভ্যক্ষ ফলে প্রের্বর
সংস্কার সব দূর হইয়া গিয়াছে। স্কুভরাং এখন বলিতে পারি
না স্থপ্ন সকল অমূলক চিন্তা মাত্র ও কোন কার্য্যকরী নহে।
প্রকৃত প্রস্তাবে এখন জ্ঞার করিয়া বলিতে পারি, স্বপ্ন অনেক

ক্ষেত্রে মনুষ্য জাগ্রত অবস্থায় যে বিষয়ের চিস্তা করে এবং যাহা প্রত্যক্ষ করিয়া থাকে; সেই বিষয় অবিকল অথবা ভিন্ন ভিন্ন আকারে প্রকারে স্বপ্ন দেখিয়া থাকে। আবার কোন মিল নাই, সামজ্জদ্য নাই, ভিন্ন ভিন্ন স্থান, বিভিন্ন লোক ও বিভিন্ন কার্য্য স্বপ্ন দেখিয়া থাকে। যাহা কোন দিন চিন্তা করে নাই, যাহা কোন দিন পূবের্ব দেখে নাই, এরূপ অজ্ঞাভ বিষয় সচরাচর স্বপ্নে দেখিয়া থাকে; সকল স্বপ্ন সফল হয় না বটে; কিন্তু অনেক স্বপ্ন সফল হইয়া থাকে। স্বপ্ন কেন হয়, সত্য ও মিথ্যা ফল দেখা যায়, ইথার কারণ নির্মা করিতে বিজ্ঞান এখনও পারে নাই। যোগীরা বলেন যে, স্থুমের মধ্যে যথন ইন্দ্রিয় সমুদ্র বিজ্ঞানময় পুরুষ হাদর-কমলের আবরণ স্বরূপ শ্বরীতং" নামী নাড়ীতে পরিভ্রমণ করিতে থাকেন, এইরূপ সময় স্বপ্নাবস্থা এরং এই সময় জীব স্বপ্ন দেখিয়া থাকে।

স্বপ্নের অর্থ আছে, ইহা পৃক্র কালে সকল দেশেই বিশ্বাস করিত। ভারতবর্ষে হিন্দু-রাজনরবারে স্বপ্ন-অর্থ নির্ণয় করিবার জম্ম স্বপ্নাথবিৎ পণ্ডিত নিযুক্ত থাকিত। রোম, মিসর, গ্রীক্ প্রভৃতির ইতিহাসে স্বপ্নার্থবিং পণ্ডিতের উল্লেখ আছে। আমাদের দেশে তন্ত্র, পুরাণ, জ্যোতিষ ও স্বরশাস্ত্রে স্বপার্থ নির্ণয় আছে।

কোন অবস্থায় দৃষ্ট স্থা সভ্য হয় এবং কোন অবস্থায় দৃষ্ট স্থাপ সভ্য হয় না; কভ দিন পরে স্থাপের ফল ফলিবে এবং স্থাপ দেখার পরে কর্ত্তব্যাকর্ত্তব্য সমস্ত শাস্ত্রে বর্ণিত আছে সাধারণের অবগতির জ্বন্ত সংক্ষেপে ভাহা বলিতেছি ।

পীড়িতাবস্থায় এবং ধাতৃ বিকার হেতু স্বপ্ন দেখা যায়। এরপ অবস্থায় ও দিবাভাগে নিস্মিতাবস্থায় যে স্বপ্ন হয়, তাহার ফল হয় না।

> চিন্তাব্যাধি সমাযুক্তো নর: স্বপ্নঞ্চ পশ্যতি তৎসর্ব্বপ্নং নিক্ষলং তাত প্রয়াতোবঃ ন সংশয়ঃ জ্বো মৃত্র প্রীষেণ পীড়িতশ্চ ভয়াকুলঃ দিগস্বরো মৃক্তকেশো ন লভেং স্বপ্নস্কং ফলঃ॥

চিন্তাব্যাধি সমাযুক্ত যে ব্যক্তি স্বপ্ন দর্শন করে তাহার ফল হয় না। মূত্র পুরীষপীড়িত ভয়াকৃলিত চিত্ত মৃক্তকেশ এবং নিজিতাবস্থায় পরিধেয় কাপড় খুলিয়া গেলে অথবা দিগস্বর হইয়া শয়ন করিলে যে স্বপ্ন দেখা যায় ভাহার ফল নিক্ষল হয়।

দৃষ্টা স্বপ্নাঞ্চ নিজালু যদি নিজাং প্রয়াতি চ
ন লভেৎ স্বপ্নজং ফলং।
উক্তা কাশ্যপগোত্রেচ বিপত্তিং লভতে গ্রুবং॥
ন প্রকাশ্যশ্চ সুস্বপ্ন প্রাপ্তিভৈং কাশ্যপে ব্রজ্ঞ॥

স্বপ্ন দর্শনের পর পূনঃ নিজিত হইলে এবং কাশ্যপ গোত্রজ্ব ব্যক্তির নিকট স্বপ্নের বিষয় বলিলে সে স্বপ্নের ফল হয় না। তন্ত্রাদি নানা শাল্রে স্বপ্নের ফল বর্ণিত আছে, তন্মধ্যে স্বর-শাল্তে সন্মত এবং যদারা যোগীরা আপনার মৃত্যু জানিতে পারেন, সেইগুলি মাত্র বর্ণন করিতেছি।

মৃত্যুসূচক স্বপ্ন

- ১। যে ব্যক্তি রক্তবর্ণ ও শুল্রবর্ণ রদ কি বিষ্ঠ। মূত্র বমি ছওয়ায় স্বপ্প দর্শন করে, সে ব্যক্তির দশ মাস আয়ু অবশিষ্ট আছে বৃঝিতে হইবে।
- ২। কোন জ্রীলোক কৃষ্ণবর্ণ বস্ত্র কিম্বা রক্তবর্ণ বস্ত্র পরিধান করিয়া হাসিত্তে হাসিতে দক্ষিণ দিকে লইয়া যাইতেছে এরূপ স্থপ্ন দেখিলে জ্ঞানিবে যে, সে ব্যক্তির মরণ নিকট হুইয়াছে।
- ৩। ভয়ানক কৃষ্ণবর্ণ পৃক্ষ অস্ত্র উন্থত করিয়া কিম্বা প্রস্তর্মাতে বধ করিতে আসিতেছে, এরূপ স্বন্ন দেখিলে সেই দিনেই মৃত্যু হইবে।
- ৪। উলঙ্গ সন্ন্যাসী নাচিতেছে, হাসিতেছে, ক্রুর দৃষ্টিতে চাহিতেছে, এরূপ স্বপ্ন দেখিলে ভোগ স্থাস্থর আশা পরিত্যাগ করিয়া ধর্মকার্য্যে রত হইবে।
- কৃষ্ণবর্ণ পুরুষ কৃষ্ণবন্ত্ত পরিধান ও লোহদণ্ড ধারণ করিয়া সম্মুখে দাঁড়াইয়া আছে এরপ স্বপ্ন দেখিলে, তিন মাসের মধ্যে ব্যালকে ঘাইতে হইবে।

- ৬। যে বাক্তি স্বপ্নে কৃষ্ণাবর্ণা রমণীকে বাছপাশে বদ্ধ করে, সে ব্যক্তি ছয় মাস পরে পঞ্চত্ত প্রাপ্ত হয়।
- ৭। আপনার শরীর গন্ধ পুষ্পাদি ধারা ভূষিত হইয়াছে, এরূপ স্বপ্ন দেখিলে আট মাদের অধিক বাঁচিবার আশা নাই, নিশ্চয় জানিবে।
- ৮। ভদ্মরাশি কি বাল্মীকের উপর দাঁড়াইয়া আছে, এরূপ স্থানে বিলে আট মাস আয়ু অবশিষ্ট আছে জানিবে।
- ৯। আপনার মস্তকে কি গাত্রে শুক্কার্চ অথবা তৃণ রহিয়াছে, এরপ বল্প দেখিলে বৃকিবে আর ছয় মাস মাত্র জীবিত থাকিবে।
- ১০। শৃগাল, শৃকর, শকুনি, রাক্ষস, অসুর, পিশাচ, ভূত, প্রেড, পতঙ্গ কুরঙ্গ কিম্বা শোল পক্ষী, ইহাদের মধ্যে কেহ তাহাকে দংশন করিতেছে, কি ভক্ষণ করিতেছে এরপ স্বপ্ন দর্শন করিলে এক বৎসরাস্তে নিশ্চয় শমন ভবনে গমন করিতে হইবে।
 - ১১। নিজের সমস্ত দাঁত পড়িয়া গিয়াছে, যদি এরপ স্বপ্ন দেখা যায়, ডাহা হইলে মৃত্যুর বিলম্ব নাই বুঝিছে হইবে।
- ১২। বানর পৃষ্ঠে আরোহণ করিয়া পূর্বদিকে যাইভেছে, এরূপ স্বগ্ন দেখিলে পাঁচ দিনের মধ্যে যমালয়ে যাইভে হইবে সন্দেহ নাই।
- ্র ১৩। গদিভ কিহা মহিষের পুষ্ঠে উঠিয়া দক্ষিণ দিকে

যাইতেছি, এরপ যে ব্যক্তি দর্শন করে ভাহার মৃত্যুর জন্ম প্রস্তুত হইয়া অন্তিবিলয়ে ভীর্থস্থানে যাওয়া উচিত।

মৃত্যুস্চক স্থা সমস্তই এক ব্যক্তির দৃষ্ট হয় না। স্থাপ্তলির মধ্যে কোন কোন স্থা কেহ বেহ দেখিয়া থাকেন। ফল কথা সকলেই মৃত্যুস্চক স্থা দেখিয়া থাকে সন্দেহ নাই; কিন্তু ফলাফল না জানা বশতঃ কেহবা অগ্রাহ্য করিয়া সথা বিশ্বাস করে না এবং তৎপ্রতি লক্ষ্যও রাখে না।

মৃত্যুর পূর্বে অরিষ্টস্কেচক যে সকল শারীরিক লক্ষণ প্রকাশ হয় ভাষা প্রথমে বলিয়াছি। ঐ লক্ষণ গুলির প্রথমাংশে বনিত কোন লক্ষণ কাহার শরীরে প্রকাশ না হইলেও ১৫ হইতে ২৪ নম্বর পর্য্যস্ত লক্ষণগুলি প্রত্যেক ব্যক্তির অমুভব হইবে, ইহা স্থির নিশ্চয়। ঐ লক্ষণগুলি নিশ্বাসের গতি দেখিয়া ব্রিতে হয়, কিন্তু নিশ্বাসের গতি ও শ্বাসের পরিচয় কেইই জানে না। (শ্বাসের গতি সহক্ষে গুরুবাক্য "প্রথম ও দ্বিতীয় ভাগে" বিস্তারিত লিখিত আছে)। এই জন্ম যদি কেই নিশ্বাসের গতি ব্রিতে না পারেন ভাহা হইলে ২০ ও ২৪ নম্বরের লক্ষণ ছইটি সকলেই স্ব স্থ দেহে ব্রিতে পারেন।

২৩ ও ২৪ নম্বরের লক্ষণ সকলের শরীরেই প্রকাশ হইবে। এই লক্ষণ বৃঝিবার জন্ম কাহার নিকট বিভা বৃদ্ধি ধার করিতে হইবে না, এবং কোন অস্থবিধা ভোগ করিতে হইবে না।

চবিবেশ নম্বর চিহ্ন যে দিন দেখা যাইবে, সেই দিন ছইতে ছয় মাস পূর্ণ হইলে মৃত্যু হইবে। ঐ লক্ষণ প্রকাশ হওয়ার পরে প্রত্যহ প্রাতে চক্ষের কোণে অঙ্গুলী দ্বারা নাড়িয়া (২০ নম্বরের লিখিত) মাতৃমগুল যে দিন দেখা না যাইবে, সেই দিন হইতে দশ দিনের মধ্যে যমালয়ে যাইতে হইবে।

যে সমস্ত অরিষ্ট লক্ষণ প্রকাশ করিলাম তাহার মধ্যে ঐ হটি লক্ষণ সকল ব্যক্তির শরীরে প্রকাশ হয় এবং সকলেই নিজে নিজে নিজ দেহে পরীক্ষা করিয়া বৃঝিতে পারিবেন। মৃত্যুর পূর্বের লক্ষণ বৃঝিতে পারিলে মৃত্যুর জন্ম প্রস্তুত হওয়া অতি কর্তব্য। কিন্তু ধন-সম্পদ ও বিষয় বিভব রক্ষণাবেক্ষণের জন্ম এবং স্ত্রী-পুত্রাদির ভাবনা ভাবিয়া অসার মায়ামোহে মৃহ্মান হইয়া আসল কথা ভূলিবেন না। অর্থাৎ পরজ্পে আবার যাহাতে মানবদেহ প্রাপ্ত ইইয়া সর্ববিপ্রকার স্থ-শান্তি ভোগ করা যায় তাহার জন্ম প্রস্তুত হওয়া অতি কর্তব্য। কিন্তু প্রস্তুত হইবার ২টি উপায় আছে। একটি দান; অপরটি তপ্রস্তা।

ভাবিবার বিষয়

একবার ভাবিয়া দেখিবেন যে, কত পরিশ্রম, কত কট করিয়া ধন উপাজ্জন করিয়া সঞ্চয় করিরাছেন। আপনি মরিয়া গেলে স্ত্রী-পুত্রাদি অর্থের জন্ম কট পাইবেনা, সুখে থাকিবে এই আশায় অর্থ সংগ্রহ ও ভোগবিলাস করিয়াই জীবন কাটাইয়াছেন। কিন্তু আপনি যখন সেই অজ্ঞাত প্রদেশে চলিয়া যাইবেন, তখন পথখরচ বলিয়াও একটি প্রসা সঙ্গে লইয়া যাইতে পারিবেন না। স্ত্রীপুত্রাদি কেইই ভো সঙ্গে

যাইবে না। সঙ্গে যাইবে কেবল আপনার কর্ম এবং কর্মান্থযায়ীই ফলপ্রাপ্ত হইবেন। এখানে অধর্ম করিয়া যে সকল
পাপ করিয়াছেন, তাহার জন্ম যখন শান্তি ভোগ করিবেন,
তখন স্ত্রী, পুত্র, ধন, জন, লোক লক্ষর কাহারও দ্বারা কোন
উপকার পাইবেন না। নিজেই কেবল যন্ত্রণা ভোগ করিয়া
চক্ষ্র জলে বক্ষ ভাসাইবেন। এই যে অধর্ম আশ্রয় করিয়া,
পরের অনিষ্ট করিয়া অর্থ উপার্জ্জন ও সঞ্চয় করিয়াছেন; এখন
ঐ অর্থ দ্বারা আপনার কোন উপকার হইবে না। আর
অর্থ সংগ্রহের উদ্দেশ্যে যে অধর্ম করিয়াছেন তাহার জন্ম তীব্র
যাতনা ভোগ করিবেন। হায়! এমন সাধের অর্থ তাহার
এক কপদ্দিকও সঙ্গে যাইবে না।

বরং দারিজ্যমস্থায়, প্রভাবাদ বিভবাদপি।
ক্ষীণতা পানতা দেহে পানতা নতুরোগজা।

বরং দরিন্ত হইয়া ছঃখে থাকা ভাল তথাপি অস্থায় উপায়ে বিভবশালী হওয়া ভাল নয়। সুস্থ ক্ষীণ শরীরও ভাল তথাপি রোগে ফুলিয়া মোটা হওয়া ভাল নহে। স্থভরাং অস্থায় উপায়ে ধন উপাৰ্জ্জন করা অকর্তব্য।

হায়! এমন সাধের অর্থ ; তাহার এক কপদ্দকও সঙ্গে যাইবে না। এই শাস্ত্রে বলিয়াছেন—

এক এব স্থল্জশ্মো নিধনেহপ্যস্থ্যাতি যা।
শরীরেণ সমং নাশং সর্ব্যস্তত্ত্ব গছতি ॥

অথাৎ ধন, মান, বিষয়, আশয়, ন্ত্রী-পুত্র, বন্ধু বান্ধব সকলই শরীরের সহিত নষ্ট হইয়া যায়। ধর্মাই কেবল একমাত্র সুহাদ কেন না, ধর্ম মৃত্যুর পরেও আমাদের সঙ্গে গমন করেন।

শাস্ত্রে আরও বলিয়াছে যে, ধনই বল আর জীবনই বল, পদ্ম-পাত্রের মধ্যে জলবিন্দুর স্থায় সকলই চঞ্চল। অতএব ধর্মাচরণ কর। আতি স্থৃতিতে যে বিহিত ধর্ম নির্দিষ্ট আছে, মনুষ্য যদি তদনুষায়ী কার্যা করে, তাহা ইহকালে কীর্ত্তি পরকালের অনস্ত সুখের অধিকারী হয়। এই সুত্র্লভি মানবদেহ ধারণ করিয়া যে ব্যক্তি ধর্মোপার্জ্জন করিতে পারিল না, তাহার জীবন র্থা এবং সে ব্যক্তি ইহ-পরকালে ছঃখ ভোগ করিয়া থাকে।

আদিত্য পুরাণে ব্যক্ত আছে—

মন্ত্র্যং যঃ সমাসাত্ত স্বর্গ মোক্ষ প্রদায়কম্।

দ্বয়োন সাধ্যত্যেকং সমৃতক্তপ্যতেচিরম॥

হুর্গ-মে ক্ষ্প্রের মনুষ্ট্র পর দারণ অনুভাপগ্রস্ত হয়। একটাও সাধনা না করিল, সে মৃত্যুর পর দারণ অনুভাপগ্রস্ত হয়। মহাভারতে আছে যে—

> যস্তাত্রির্গ শৃক্তস্তা দিনাক্যায়ান্তি যন্তি চ। সংলীহাকার ভাস্তেবে সুসন্নিপ ন জীবতি॥

. ধর্মোপার্জ্কনাদি না করিয়া যে ব্যক্তির দিন আসিতেছে ও যাইতেছে; কর্মকারের ভন্তা যেমন বৃথা নিশ্বাস প্রশোস কেলিয়া থাকে, সে ব্যক্তিও সেইরূপ বৃথা জীবিত থাকে। মহাভারতে আরও বলিয়াছেন—

বিজ্ঞাবিত্তং বপ্নঃ শৌর্য্যং কুলে জন্মনিরোগিতা। সংসারোচ্ছিত্তি হেতৃশ্চ ধর্মাদেব প্রবর্ত্ততে॥

বিভা, বিত্ত, দেহ, শোষ্য্য, কুলিন ও শ্রেষ্ঠ বংশে জন্মগ্রহণ করা, দেহ অরুগ্ন থাকা, সংসার বন্ধন হইতে মুক্ত হওয়া সকলই ধর্ম হইতে প্রস্ত হয়।

ধর্ম উপাজ্জন করিলে ইহ-পরকালে সুখ হয় এবং অধান্মিক লোক হংখ ভোগ করে, ইহাতে সন্দেহ নাই। কর্মামুরূপ ফল ভোগ যদি না করিতে হইত তাহা হইলে সংসারে ধর্ম ও পুণ্যের নাম গন্ধও বিভ্যমান থাকিত না। সকলেই পাশব আচরণে ইন্দ্রিয় সুখ সম্ভোগ ও অসৎ বাসনা পূর্ণ করিতে থাকিত।

এখন কথা এই যে, এই ধর্ম কিসে হয় ? কলিযুগে গৃহস্থের পক্ষে দান একমাত্র ধর্ম। স্থায়ানুমোদিত উপার্জিত অর্থের কিছু অংশ দান করিতে হইবে। অর্থাৎ যাহার যেমন আর্থিক অবস্থা, তিনি তদমুরূপ দান করিবেন। তাহা বলিয়া তুমি ধর্মের মস্তকে বজ্ঞাঘাত ও স্থায়ের মস্তকে পদাঘাত পূর্বক একজনের সর্বনাশ করিয়া অর্থ সংগ্রহ করিলে কিংবা চাকুরী করিতে গিয়া মনিবের চক্ষে ধুলি দিয়া অর্থ সংগ্রহ করিয়া কিঞ্চিৎ দান করিলে অথবা সেই অর্থে দশজন লোক খাওয়াইলে অর্থাৎ তোমার নিমকহারামী ও অধর্ম-প্রাণোদিত ও ভক্ততার

বহিভূতি অক্যায় উপাৰ্জিত অৰ্থ দ্বারা দানাদি করিলে, তোমার কোনই উপকার হইবে না। ধর্মসঙ্গত ক্যায় উপাক্ষিত অর্থ সার্থক, তাহার কিছু অংশ দান করিতে হইবে।

যাহারা বাহিরে ধর্মের কুত্রিম আবরণে আবরিত, ভিতরে নিত্য বাহিরে অধর্মের পৈশাচিক নৃত্য ;—এরূপ তুর্ব্ব দ্ধিসম্পন্ন এমন অনেক লোক দেখিয়াছি যে, তাহারা অন্ধ, খোড়া ও রোগগ্রস্ত তুর্দ্দশাপন্ন বিপন্ন বাক্তিকে দান করে না। তাহারা বলিয়া থাকে, উহারা পাণী। ভগবান যখন উহাদিগকে দণ্ড দিতেছেন তখন আ মরা সাহায্য করি কেন? উহাদিগকে দান বা কোন প্রকার সাহায্য করিলে ভগবানের বিধির বিরুদ্ধাচরণ এবং অপ্রিয় কার্য্য করা হয়। ইহা কিন্তু বর্তমান যুগের নব্য শিক্ষিতদের বিবেক বৃদ্ধিসম্মত। (এই বিষয় আমি স্বকর্ণে ছুই একজন ডেপুটী মুনসেফের মুখে শুনিয়াছি) এই নজীর দেখাইয়া অনেকে মৃষ্টিভিক্ষা পর্যান্ত বন্ধ করিয়া বাজে খরচ হইতে নিষ্কৃতি পাইয়াছেন। কিন্তু আধুনিক বিবেকবাদীগণ নিঞ্চের নির্ব্বৃদ্ধিতা বশতঃই তপপরায়ণ ঋষি প্রণীত শাস্ত্র অবিশ্বাস করিয়া প্রভাব্যয় ভাগী ছইতেছেন। প্রকৃত তত্ত্ব অবগত হইতে হইলে শাস্ত্রের আশ্রয় এবং শান্তবাক্যে বিশ্বাস ব্যতীত অম্ম গতি নাই। যাহারা ধর্মকর্মা স্বেচ্ছাচার মত পোষণে প্রয়াসী এবং শাস্তবাক্যে অবিশাসী, যাহার। শাস্ত্রবাক্য উপেক্ষা করিয়া চঞ্চল বৃদ্ধি কর্তৃক চালিত হইয়া কর্মানুষ্ঠান করে, তাহারা ইহলোকে স্থপ ও প্রলোকে উদ্ধনগতি প্রাথ হয় না।

এই বিষয় গীতায় ভগবান বলিয়াছেন—
যঃ শাস্ত্রবিধিমুৎস্কা বর্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্লোতি ন সুখং ন পরাং গভিম্।
(গীতা ১৬শ আঃ)

যে ব্যক্তি শাস্ত্রবিধি পরিত্যাগ পূর্বক স্বেচ্ছাচারী হইয়া কার্য্য করে তাহার চিত্তশুদ্ধি হয় না; তাহার ইহলোকে সুখ ও পরলোকে উদ্ভমগতি লাভ হয় না— অর্থাৎ তাহার ইহকালও নাই, পরকালও নাই।

অভএব যাহারা নিঞ্চের স্বেচ্ছাচারী ধর্মমতের অসার ভিত্তি অবলম্বন করিয়া শাস্ত্র অবহেলা করিয়া দান করিতে পরাল্ম্খ তাহাদের ভগবানের এই মহাবাক্য সর্বদা স্মরণ রাখা কর্ম্বর। দয়াতেই ধর্ম্মের অবস্থিতি। লোকের কষ্ট ও হুর্দ্দশা দেখিয়া যদি তোমার মনে দয়ার উদয় না হয় এবং দান ও সাহায্য করিতে প্রবৃত্তি না হয়, তবে তোমার ধর্ম কোথায় ? যাহার দয়া নাই, তাহার ধর্মও নাই। মানুষের মন বৃদ্ধি প্রভৃতি অন্ত:করণ সত্ত, রক্ষ: তম এই ত্রিগুণের দ্বারা গঠিত। হুভরাং ভাহার কার্য্যাকার্য্য বিচারে শক্তি কোথায় ? জীবের বৃদ্ধি নিজ সংখারামুরূপ গঠিত। এ কারণ সর্বসংস্কার ২ জিত তত্ত্বাম ঋষিগণের প্রণীত শাস্তামুসারে অন্ধ্র খোঁড়া, দীন ছঃখী ও তপস্বীদিগকে দান করা কর্তব্য। যে ব্যক্তি পাপের ফলে দণ্ডভোগ করিতেছে, সে ত কন্মানুরূপ ফলভোগ করিবেই, সে ভেমনি ফলভোগ করিবে।—এ কথা ভো

পড়িরাই আছে, তুমি অপরের দোষগুণ—কর্মাকর্ম বিচার না করিয়া ভোমার কর্ত্ব্য তুমি কর। দান গৃচস্থাশ্রমের একটা প্রধান ধর্ম, তখন ভোমার অবস্থানুরূপ দান করিয়া ধর্মানুষ্ঠান কর।

তস্মাচ্ছান্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্য ব্যবস্থিতৌ। জ্ঞাত্ম শাস্ত্রবিধানোক্তং কর্ম কর্ত্ত্রমিহার্হসি॥

গীতা ১৬শ অ:)

কার্য্যাকার্য্য নিরুপণে শাস্ত্রই তোমার প্রমাণ। অতএব শাস্ত্রাস্থ্যারে নিজ অধিকার মত শাস্ত্রীয় ব্যবস্থা জ্ঞাত হইয়া কর্ত্তব্য কম্মে প্রবৃত্ত হও। যুগ বিশেষে লোকের মতিগতি ও দেহাকুরূপ ধর্ম ও কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে এবং সকল শাস্ত্র এক-বাক্যে বলিভেছে কলিযুগে দানই পরম ধর্ম।

যথা মন্তু বলিয়াছেন-

তপঃ পরং কৃতেযুগে ত্রেতায়াং জ্ঞানমূচ্যতে। দ্বাপরে যজ্ঞমিত্যাহ্নদ নিমেকং কলোযুগে॥

সভাষুণে তপস্যা, ত্রেভাষুণে জ্ঞান, দ্বাপর্যুণে যাগ্যজ্ঞ নির্দিষ্ট ছিল। কলিযুগে মনুষ্য অল্লায়্ অল্লজ্ঞানী; অভএব দান একমাত্র ধর্ম।

বৃহস্পতি বলিয়াছেন—

তপোধর্ম: কৃতে যুগে জ্ঞানং ত্রেদ্ধাযুগে স্মৃতং ছাপরে চর্ববরা: প্রোক্তা: কলৌদানং দয়াদম: ॥ ভপস্থা সত্যযুগের ধর্ম; ত্রেভাযুগের ধর্ম জ্ঞান; দ্বাপরের ধর্মাযজ্ঞ, কলিতে দান, ও দেয়াই ধর্মা।

যম বলিয়াছেন -

যতীনাস্ত শমোধশ্ব স্তিনাহারো বনৌকদাং। দানমেব গৃহস্থানাং শুশ্রাষা ব্রহ্মানারিশাং॥

শম যতিদিগের ধর্ম্ম ; অনাহার বনৌকসের ধর্ম ; দান গৃহস্থাপ্রমের ধর্ম ; ত্রন্মগারীদিগের ধর্ম প্রক্রসেবা।

ষাজ্ঞবন্ধামুনি বলিয়াছেন—

দাতব্যং প্রাত্যহং পাত্রে নিমিত্তেষ্ বিশ্বতঃ। যাচিতে নাপি দাতব্যং শ্রহ্মাপুতস্ত শক্তিতঃ প্রতিদিন শ্রহ্মাপুত চিত্তে যাচককে দান করিবে

মহানিৰ্ব্বাণ তন্ত্ৰে বলিয়াছেন—

কলো দানমহেশানি সর্ব্বসিদ্ধিকরং ভবেৎ। অর্থাৎ কলিযুগে একমাত্র দানই সমুদায় সিদ্ধির কারণ।

দানং হি সর্বব্যসনানি হস্তি।

যত অমকল আছে সকলই দানে নষ্ট হয়।

সর্বশাস্ত্রবিদ বেদব্যাস বলিয়াছেন যে, "যাচককে আমি গুরু বলিয়া মাক্ত করি। কারণ যাচক কর্তৃক মনোবল পরিমার্জ্জিত হইয়া থাকে। আর যে অর্থে ধর্মানাই, কীর্ত্তি নাই, যাহা পরিত্যাগ করিয়া ইহসংসার হইতে প্রস্থান করিতে হইবে, দান ব্যতীত সে অর্থের প্রয়োজন কি ? প্রাণ হইতে প্রিয়তম অর্থের সদগতি একমাত্র দান দারাই হইয়া থাকে। যে ব্যক্তি তপস্বীদিগকে অর্থ দান করে, সে আপনারই পারলৌকিক সংস্থান করিয়া রাখে।

ধর্মের নানা লক্ষণ শাস্ত্রগ্রে ব্যক্ত থাকিলেও কলিযুগে দান ধর্মাই যে শ্রেষ্ঠ ধর্মা এবং স্বর্গ ও মোক্ষের নিদান ভাগতে সন্দেহ নাই।

ন দানাদ্ধিকং কিঞ্চিদ্ শ্রুনে ভূবনএয়ে।
দানেন প্রাপ্যতে স্বর্গ: স্তর্দানেনৈব লভ্যতে॥
দানেন শক্রন্ জয়তি ব্যাধিদানেন নশ্রতি।
দানেন লভ্যতে বিজ্ঞা * * *
ধর্মার্থ কামমোক্ষানাং সাধনং পরমস্মৃতম্॥

(হেমাজিধৃত সৌর পুরাণম্)

ত্রিজ্বগতে দানের অধিক আর কিছুই নাই, দানে স্বর্গ ও স্ত্রী লাভ হয়। দান ধন্মের দারা শক্র জ্বয় করা যায় এবং দান ধন্মের দারা ব্যধি সকল নষ্ট নয়। দান দারা বিভালাভ হয়। ধন্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্বর্গ সাধন একমাত্র দানের দারা হয়।

কলিযুগে দানই একমাত্র ধর্ম্ম এবং সর্বাথ সাধক বলিয়া
ভক্ত সাধক রামপ্রসাদ গাহিয়াছেন—

জ্ঞান ধর্মা শ্রেষ্ঠ বটে দান ধর্মোপরি। (ওমা!) বিনাদানে মথুরা পরে যাননি ত্রঞ্বেরী॥

বাস্তবিক দানই পরমধর্ম, দানের কোন ফল কামনা না করিয়া ভগবদাজ্ঞা পালন ও ভগবানের তৃপ্যথে যথাসাধ্য দান করা কর্ত্তব্য।

দান ত্রিবিধ,—সাত্তিক, রাজসিক ও তামসিক। সাত্তিক দান যথা—

> দাতব্যমিতি যদানাং দীয়তেইনুপকারিণে। দেশেকালে চ পাত্রে চ তদানং সাধিক স্মৃতম্॥ (গীতা ১৭শ অঃ)

প্রত্যুপকারের প্রত্যাশা না করিয়া দেশ কাল পাত্রের উন্তমতা বিচার পূর্ব্বক, কেবল কর্ত্ত্র্যানুরোধে যে দান করা যায়, ভাহাই সান্ত্রিক দান।

স্বর্গাদি ফল কামনায় অথবা প্রাত্যুপকার প্রাত্যাশায় যে দান করা যায় ভাহা রাজসিক দান।

যে দান অমুপযুক্ত দেশে অপাত্রে প্রদত্ত হয় এবং সৎকার রহিত ও অবজ্ঞা পূর্বক প্রদত্ত হয়, তাহা তামসিক দান।

অতএব সকলেরই ফলাকান্ডা বিজ্ঞিত হইয়া কর্ত্তব্যামুরোধে দান করা কর্ত্তব্য।

প্রত্যহ দান করিতে না পারিলেও বিহিত দিনে যথাসাঁধ্য দান করা কর্ত্ব্য। কোন্কোন দিনে দান কর্ত্ব্য তাহা শাস্ত্রে নির্দিষ্ট আছে। যথা— মাস বৎসর পক্ষাণাম্ আরম্ভ দিন সম্বিকে।
চতুর্দিশ্রষ্টমী শুক্লা তথৈবৈকাদশীকুহু:॥
নিজ্ঞস্ম দিনফৈব পিত্রোম্রণ বাসর:।
বৈধোৎসব দিনফৈব পুণ্যকালঃ প্রকীর্ত্তিত॥

(মহানিবাণ তন্ত্ৰ ৮ম উ:)

অর্থাৎ মাসের ও বংসরের আরম্ভ দিন, পক্ষের আরম্ভ দিন, চতুর্দিশী শুক্লপক্ষের অষ্টমী, একাদশী, আমাবশ্যা, নিজের জন্মদিন, পিতামাতার মরণ-দিন এবং বিধিবিহিত উৎসব দিন, অর্থাৎ চন্দ্র, সুর্য্যের গ্রহণকাল, পুণ্যকাল, এই সমস্ত দিন ও পুর্ণতীর্থে দান করা কর্ত্তব্য। কেন না—-

পুণ্যতীথে পৃণ্যতিথো গ্রহণে চন্দ্রসূর্য্যয়ো:।
জপদানপ্রকুর্বানং শ্রেয়সাং নিলয়ে। ভবেৎ ॥

(মহানিক্রাণ ডম্ব)

পুণ্য তিথিতে, পুণ্যতীথে ও চন্দ্রস্থ্যের গ্রহণকালে জ্বপ ও দান করিলে গৃহস্থ শ্রেয়োভাঙ্কন হইবে ।

শাস্ত্রে দানের সময়াদি বিষদরূপে বর্ণিত আছে।
শাস্ত্রামুমোদিত সময়ে দান করিলে অল্প দানে বেশী কল
পাওয়া যায়। বার, তিথি বিশেষে অক্ষয় হয়। ঐ অকয়
দিনে পাপ বা পৃণ্য যে কার্য্য করিবে, তাহার আর কয়
নাই।

সোমবারেম্বপ্যমাবস্তা আদিতাতে তু সপ্তমে চতুর্থ্যহধারকে বারে অষ্টমী চ বৃহস্পতে ॥ অত্র যৎ ক্রিয়তে পাপমথবা পুণ্য সঞ্চয়ঃ। ষষ্ঠী জন্ম সহস্রাণি প্রাপ্নোতি হি তদক্ষরম্।

(জ্যোতিষ বচন)

সোমবারে অমাবস্থা, রবিবারে সপ্তামী, মঙ্গলবারে চ্ছুর্থী, বৃহস্পতিবারে অষ্ট্রমী হইলে সেইদিনকে অক্ষয় বলা যায়। এই অক্ষয় দিনে পাপ অথবা পুণ্য যে কর্ম করিবে, ষাট হাজার জ্বয়েও ভাহা ক্ষয় না।

উপযুক্তি সোম প্রভৃতি চারি বারে ঐ দকল ভিথির সহ্যোগ মধ্যে মধ্যে হইয়া থাকে। পঞ্জি চা দেখিলেট জানিতে পারা যাইবে। অভএব অক্ষয় দিনে সামথ জিলাকে কিঞিৎ দান করা এবং জ্বপ পৃক্র দি যে কোনক্রপ ধ্রা ও পুণ্য ক্রা কর্ত্তব্য । হুর্ভাগ্য বশতঃ যদি কেহ না পাবেন, ভাহা হইলেও অক্ষয় দিনে সভক্তাকে দিন যাপন করা উচিত। যেন কোনক্রপে অধ্রা ও পাপ কার্য্য অনুষ্ঠিত না হয়।

দান জাব্যের পরিমাণ অপেকা ফলাধিকা হইবার জক্য কারোদর শাস্ত্রে দান করিবার একটা বিশেষ বিধি আছে।

ইহার ভাবার্থ এই যে, নিধাস গ্রহণ সময় যাহা কিছু দান করা যায়, সেই দানের ফল কোটি গুণ অধিক হয়।

শ্বাসে সকারসংস্থে তু যদ্ধানং দীয়তে বুধৈ:।
তদ্দানং জীবলোকেহস্মিন কোটিগুণং ভবেদ্ধিতং।।
(স্বরোদয়)

গৃইস্থগণের কর্ত্তবা যে, মৃষ্টি ভিক্ষা অথব। অর্থ বস্ত্রাদি যাহা দান করিবে, ভাহা স্বাভাবিক শ্বাদ প্রচণের সময় দিবে। এরপদান করিলে, দান জবোর পরিমাণ্ধিক ফল লাভ ছইবে।

এই তো গেল প্রথম উপায়, দ্বিতীয় উপায়।

তপস্থা

দান যেমন অবশ্য কর্ত্তব্য, ভ্রশস্থাও তেমন অবশ্য করিতে হইবে। যাহাব দান কবিবাব শক্তি অলে) নাই, অগাৎ দীন দরিজ নিতান্ত গরীব, এরপ ব্যক্তি তপস্থা করিলে, দান ধর্ম ব্যতীত সম্পূর্ণ ফল লাভ করিবেন। যহোর যেরূপ অবস্থা এবং অবস্থানুরূপ যে পরিমাণ দান করিবার শক্তি আছে, যাহারা যথানাধ্য অন্ন, বস্ত্র, অর্থাদি দান যোগ্য বস্তু দান এবং শাস্ত্রদম্মত তপস্তা করিবেন। মোট কথা, দান ও তপস্তা চুই-ই আবিশ্যক।

এখন বক্তব্য এই যে, তপস্থা কাহাকে বলে ৷ অনেকেই হয় ত তপ্তার নাম শুনিয়া শিহরিয়া উঠিবেন আর বলিবেন. সত্যযুগে বায়ু ভক্ষণ করিয়া অনাহারে থাকিয়া তপদ্যা করিত এখন (কলিযুগে) ভাহা কি হয় ? এই কথা প্রায়ই লোক-মুখে শুনিতে পাওয়া যায়। তপস্যার নাম শুনিলে লোকে যেমন ভয় পায় বাস্কবিক তপসা। একটা ভয়ানক জিনিষ নছে। যাহারা অংকিই সার করিয়া অর্থ পাইবার আশায় কত প্রকার

মন্দ কর্ম করিভেছেন, তাহাদের নিকট তপস্যা ভয়ানক অক্লচি-কর অতৃপ্তিজনক; কিন্তু তপস্যা দারা অর্থ ও সুখাদি সমস্তই লাভ করা যায়, তাহা আদৌ বুঝেন না।

বর্ত্তমানে কালের সংঘর্ষণে, বিজ্ঞাতীয় শিক্ষার প্রচলনে আজকাল অনেকেই শাস্ত্রবাক্য অবহেলা করিয়া নিজের মত অরুসারে তপস্যা বা সাধনা করিতে প্রয়াসী। এখন নব্যবাবুর দল নিজের ধর্ম কম্ম জানেন না, জাতীয় রীতিনীতি মানেন না, নিজের শাস্ত্র পাঠ করেন না, সমাজের কোন সমাচার রাখেন না এবং আপন জাতীয় চালচলন ছাড়িয়া পরের ভাবে বিভোর হইয়াছেন এজস্ত বর্ত্তমান সময়ে নানারূপ নিজেব কল্লিত মত প্রবর্ত্তক আমুরী প্রকৃতির অনেক লোক দেখা যায়। কিন্তু নিজের কল্লিত অশাস্ত্রীয় তপস্যা বা সাধনকারীগণকে স্বয়ং ভগবান কি বলিয়াছেন, তাহা হিন্দু মাত্রেই সর্ব্বদা স্মরণ রাখা কর্ত্তব্য।

ভগবান বলিয়াছেন—

অশামুবিহিতং ঘোরং তপ্যস্তে যে তপো জনাঃ।
দস্তাহন্ধারসংযুক্তাঃ কামরাগ বলান্বিতাঃ॥
কর্শরস্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাকৈবান্তঃ শরীরস্থং তানু বিভাস্থর নিশ্চয়ানু॥

(গীভা ১৭শ অঃ)

যাহারা অশান্ত্রীয় তপস্যা করেও দন্ত, অহন্ধার, কাম,

রাগ বলযুক্ত; ভাহারা শরীরস্থ ভূত সমূহকে কুশ করিয়া আত্মস্তরূপ আমাকেও কুশ করে; বিবেকবর্জিত ভাহাদিগকে অসুর বলিয়া জানিবে।

ভগবান শাস্ত্রামুসরণ করিতে বারংবার উপদেশ দিয়াছেন। অশাস্ত্রীয় তপস্যা বা সাধনা করিতে ভগবানের নিষেধ। আজ-কাল ন্ব্যবাবুদের মনগড়া ও খামথেয়ালী উপাসনা কিছুই নহে। জাতীয় ধর্ম শাস্ত্রানুসারে উপাসনা বা তপ্স্যা করা সকলের কর্ত্তবা।

আমাদের বেদ, স্মৃতি, তন্ত্র, পুরাণ সমুদায় শাস্ত্রই তপস্যার মহিমার বিষয় বলিয়াছেন। মহামতি মহু বলিয়াছেন—দেব এবং মানবের যে কিছু সুখ সম্পত্তি লাভ হয়, সকলের মূল তপ্রা। স্বর্গ, মর্ত্যা, পাতাল যে কোন স্থানে অবস্থিতি বল, নিরোগী হওয়া বল, যে কোন বিভা বল-তপদ্যা বলে সকলই সাধিত হয়। পাপ, মহাপাপ, উপপাপাদি যত গুরুতর হউক না কেন, সুতপ্ত তপদ্যা কর্তৃক সকলই নষ্ট হইয়া যায়। সংসারে যাহা কিছু হৃষ্ণর, হৃষ্প্রাপ্য ও হৃল ভ হউক না তপোবলে সাধিত নাহয়, এমন কিছুই নাই। দেবতা ও মানব ৫ ভৃতি জীব জ্ঞসণের সমুদায় দৃষ্টাদৃষ্ট তপোবলে সাধিত হইতেছে দেখিয়া দেবতারা জগৎকে তপোমূল বলিয়াছেন।

্তপ্স্যা আর কিছুই নয় ; উপাসনার নাম তপ্স্যা ৷ কিন্তু উপাসনা করিতে হইলে, চিত্তের একাগ্রতা চাই। শাস্ত্রে বলিয়াছেন—"উপাসনানিহ চিত্তৈকাগ্রং।" চিত্তের একগ্রতা লাভ করাই সমুদায় উপাসনা তপস্যার প্রয়োজন। একাঞ্রচিত্ত হইলে, মানুষের অসাধ্য কিছুই নাই— একচিত্ত হইলে মনুষ্য মনুষ্যুত্বের চরম সীমায় উপনীত হইয়া মুক্তিলাভ করিতে পারে। একথা যোগশাস্ত্রে বিশেষরূপে প্রতিপন্ন আছে। চিত্ত অনুসারে দেবযোনি, প্রেত্যোনি, তির্যুক্যোনি ইত্যাদি প্রস্তুত হয়। এই চিত্ত মায়ায় আবৃত হইয়া লোকে অনন্তকাল সংসার চক্তে ঘুরিভেছে। এই চিত্তশুদ্ধির জক্ষ হিন্দৃ-শাস্ত্রে কর্ম্মকাণ্ড নির্দিষ্ট ইয়াছে। শাস্ত্রবিহিত কর্ম্মকাণ্ড অনুস্থারে সাধন করিলে চিত্তের একাঞ্রতা লাভ লইয়া থাকে। একমাত্র ইষ্টদেবের আরাধনায় তাহা সম্পাদিত হইয়া থাকে।

অতএব সকলেরই কর্ত্তব্য যে, স্ব স্ব বর্ণাশ্রম ধর্ম পালন করিয়া কাম ক্রোধ লোভাদি রিপুদিগকে স্ববশে বশীভূত রাখিয়া পরস্তব্যে লোভ, পরাশ্বপহরণ, পরনিন্দা, দ্বেম, হিংসা পরপীড়নাদি না করিয়া সত্য, দয়া, শান্তি, ক্ষমাদি সাধু ইচ্ছায় বশীভূত হইয়া সর্কদা পরোপকার করিবে এবং দেবতা, ব্রাহ্মণ, অতিথি, ও পিতামাতা প্রভৃতি গুরুজনের প্রতি ভক্তি ও তাঁহাদের সেবা করিবে। আর গুরুপদিষ্ট ইষ্টমৃত্তির প্রতি ও গুরুপদি মস্ত্রে ভক্তি বিশাস স্থাপন করিয়া সর্কদা ইষ্টদেবের আরাধনা করিবে এবং ভদণত চিত্ত হইয়া সভত তাঁহার ধ্যানপরায়ণ হইবে। আহারের সময়, বিহারের সময়, শয়নের সময়, ভ্রমণের সময়, কার্য্যের সময়, ধ্যানের সময় এবং সকল কার্য্যে জীব যখন আপনার কাম, ক্রোধ, লোভ, মোহদিগকে লইয়া আপন ইষ্টদেবে

মন প্রাণের সহিত আত্মসমর্পণ করিতে শিথে, যখন ইষ্টদেব হইতে আপনাকে আর বিভিন্ন বোধ করিতে পারে না, তখন তপদ্যার চরম ফল লাভ ২য়। তখন সমুদায় দিদ্ধিই আপনা হইতে উপস্থিত হয়।

পূর্বেব বলিয়াছি, শুভ ও অশুভ কম্ম করিলে ভাল ও মন্দ ফলভোগ করিয়া থাকে। অশুভ কম্ম করিলে জীবগণ তীব্র যাতনা ভোগ করে, আর শুভ কম্মের অমুষ্ঠান করিলে স্থখ ভোগ করে; কিন্তু ফলাসক্ত চিত্ত হইয়া শুভ কম্মের অনুষ্ঠান किताल के कमा अधाल दक्ष शहेशा हेशलांक छ अन्नालातक পুনঃ পুনঃ যাতায়াত করিতে থাকে। যে পর্যান্ত শুভ ও অশুভ উভয় কর্মাক্ষয় নাহয়, সেপ্যাস্থ বারংবার আসা যাওয়াও গ্রভ্যাতনা নিবৃত্তি হয় না। লৌহময় শৃঙ্খল দ্বারা হউক কিম্বা স্বর্ময় শৃঙ্খল দারা হউক, উভয়বিধ শৃঙ্খল দারা যেমন বদ্ধ হয়। সেইরূপ জীব পাপ ও পুণ্য উভয়বিধ কর্ম দারা বদ্ধ হইয়া থাকে। সেইজকা জ্ঞানীরাফল কামনা না করিয়া সমুদ্র স্ংকাষ্য করেন, তাহাতে বন্ধনের কারণ হয় না এবং জ্বন্ধ মৃত্যু রূপ যাতনাও বারংবার ভোগ করিতে হয় না। এ কারণ ফল কামনা না করিয়া দান, ধ্যান, তপস্যা প্রভৃতি কর্ম করা কর্তব্য। ভগবান বলিয়াছেন —

> অফলাকাঞ্ছিভিৰ্যজ্ঞো বিধিদিষ্টো য ইঞ্চাতে। ষ্ট্রবামোবেতি মন: সমবীয় স সান্ধিক:॥

(গীতা ১৭শ অ:)

অর্থাৎ ফল আকান্ধা বিৰ্দ্ধিত হইয়া অবশ্য কর্ম্বব্য বোধে যে শাস্ত্রবিহিত যজ্ঞের অনুষ্ঠান হয়, তাহা সাত্ত্বিক, ইহা বন্ধনের কারণ হয় না।

গীতায় কথিত আছে—

যৎকরোষি যদশাসি যজুহোসি দদাসি যৎ। যত্তপসি কোন্ডেয় তৎকুরুম্ব সদর্পণং॥ শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ। সত্রাস যোগ যুগাত্মা বিমুক্তো মামুকৈয়াসি॥

ইহার ভাবার্থ এই যে,— তুমি হোম কর বা দান কর, বা তপস্যা কর বিম্বা যাহা কিছু কার্য্য কর, তৎ সমস্তই আমাতে অর্পণ কর। এইরূপে সমস্ত কার্য্য করিলে, কর্মবন্ধন হইতে মুক্তিলাভ পূর্বক আমাকে প্রাপ্ত হইবে।

অন্তএব ফলাভিসন্ধি শৃত্য হইয়া কর্মান্ত্র্চান করা কর্ম্বর্য। ফল কামনা না করিয়া নিত্যনৈমিত্তিক সমস্ত কার্য্য করিলে জীবের কদাচ বন্ধন হয় না, বরঞ্চ ব্রহ্মজ্ঞান হইয়া থাকে আর নিত্য কর্ম্বের অনুষ্ঠানে ফলাকাঙ্খা করিতে হয় না। কারণ—

> সন্ধ্যামুপাসতে যে তু সততং সংশিত ব্ৰতা:। বিধুত পাপান্তে যান্তি ব্ৰহ্মলোক মনাময়ম্॥

ফল কামনা না করিয়াও যখন ফলপ্রাপ্তি নিশ্চয় তখন ফল আবাহা করিয়া সংসার পাশে চিরবদ্ধ ইইয়া অশেষ হুঃখ তুর্গতি ভোগ করি কেন ? অতএব ফলাভিসন্ধি শৃদ্য হইয়া সকল কর্ম্মের অনুষ্ঠান করা কর্তব্য।

এইরপ নিয়মে কর্মানুষ্ঠান করিয়া মৃত্যু সময় স্ত্রী, পুত্রাদি, গৃহ, ধন, জন না ভাবিয়া ইষ্টদেবের প্রতি মন সমর্পণ করিবে।

গীতায় ভগবান বলিয়াছেন—

যং যা বাপি স্মরণভাবং ত্যজ্যক্তাতে কলেবরম্। তং তমেধেতি কৌন্তেয় সদা তদভাবং ভাবিত ॥

মরণকালে যে যাহা ভাবনা করিয়া দেহত্যাগ করে, সে সেই ভাবই প্রাপ্ত হইয়া থাকে।

মৃত্যুকালে সংসারের কোন বিষয়ে চিত্ত আসক্ত থাকিলে পুনরায় জন্মগ্রহণ করিয়া ছংখ যন্ত্রণা ভোগ করিতে হইবে। কিন্তু ইষ্টদেবের প্রতি চিত্ত সমর্পণ করিয়া মরিতে পারিলে আর কোন যাতনা ভোগ করিতে হয় না। এইজ্বন্থ মৃত্যুকালে বিষয় বিভবাদি ভূলিয়া ইষ্টদেবতার পাদপল্মে মনপ্রাণ সমর্পণ করা সকলেরই কর্ত্ব্যা।

ভগবান বলিয়াছেন--

অনন্তকালে চ মামেব স্মরন্মুক্তা কলেবরম্। যঃ প্রয়াতি স মদভাবং মাতি নাস্ত্যত্র সংশয়ঃ॥ (গীতা ৮ম স্কঃ)

যে ব্যক্তি মৃতুকালে ভগবানের চিন্তা করিয়া দেহ পরিড্যাপ

করে সে ব্যক্তি ভগবানের স্বরূপ লাভ করিয়া থাকে, ইহাতে কিছুমাত্র সংশয় নাই।

অন্ত চিত্ত হইয়া ভগবানের চিন্তা করিলে জীব তদবস্থা প্রাপ্ত হয়, সন্দেহ নাই।

যেমন আরম্বলা (তেলা পোকা) কাঁচপোকা কর্ত্তক ধৃত হইয়া ভয়ে একান্থচিত্তে কাঁচপোকার চিন্তা করিতে করিতে কাঁচপোকার রূপ প্রাপ্ত হয়। ইহা প্রত্যক্ষ সত্য, এইরূপ অন্তমনা হুইয়া একচিত্ত সহকারে ভগবানের চিস্তা করিলে দেবত্ব প্রাপ্ত হয় সন্দেহ নাই।

অতাধিক পাপাসক্ত ও নিতান্ত হুরাচারী ব্যক্তিও একাগ্র-চিত্তে ভগবানের ভদ্ধন করিলে সর্ব্বপাপ মুক্ত হইয়া পরমাগতি লাভ করিতে পারে।

ভগবান বলিয়াছেন-

অপিচেৎ স্থুদুরাচারে। ভব্বতে মামনশ্য ভাক। সাধুরেব সমস্ভব্য: সম্যুথ্যবসিতে হি স:॥

(গীতা ৯ম অঃ)

কোন ব্যক্তি নিভান্থ গুরাচারী হইয়াও অনক্স চিত্তে আমার ভন্তনা করিলে, তাহাকে সাধু বলিয়া জানিবে। যেহেতু তাহার যত্ন অতি সাধু। অম্যত্র উল্লেখ আছে---

> অতি পাপ প্রসক্তোহপি ধ্যায়ন্নিমিষচ্যতং। ভুয়স্তপন্থীভবতি পঁক্তি পাবন নর পামর:॥

প্রায়শ্চিত্তান্ত শেষানি তপঃ কশ্মাত্মিকানিধৈ। যানিতে যাম শেষাণাং কৃষ্ণানুষ্মরণং পরং॥

অত্যধিক পাপাসক্ত ব্যক্তি যদি একাগ্রচিতে নিসেষমাত্রও ভগবানের ধ্যান করে, তাহা হইলে সে ব্যক্তি সর্ক্রপাপমুক্ত হইয়া তপস্বী তুল্য হয়। এরপ ব্যক্তিকে দর্শন করিলে লোক সকল কৃতার্থ হয় এবং তিনি মানব্যভলীর মধ্যে উপবেশন করিলে, মানবগণ পবিত্র হয়। ভগবানের প্রতি একাস্থ অনুরাগ এবং ভগবস্তুক্তি করিলে কোনরূপ প্রায়শ্চিত ছাড়া সর্ক্রপাপ বিনষ্ট হইয়া পরমস্থাধের কারণ হয়।

সমন্ত জীবনের মধ্যে কুজ্ঞান হয় নাই, মরিতে হইবে ভাব নাই এবং মৃত্যুর পর কি গেতি হইবে, তাহা মনে হয় নাই। কেবল অর্থ অর্থ, স্বার্থ স্বার্থ, করিয়া অনর্থক সময় নষ্ট ও জীবন কলুষিত হইয়াছে। এখন শেষের সে দিন নিকট অর্থাৎ মৃত্যুর পূর্বে লক্ষণ জানিয়া সঞ্চিত অর্থের কিছু দান কর এবং একাঞাচিত্তে ভগবানের ধ্যান ও স্মরণ কর। ভাহা হইলে সর্ব্পোপ মুক্ত হুইয়া প্রমণ্ড প্রাপ্ত হুইবে।

ভার একটি কথা সকলেই জানেন, ধর্মপতি যমরাজ্ঞের পাখে চিত্রহপ্ত নাসে একজন আছেন। তাঁহার নিকট আমাদের পাপ পুণ্য ধর্মাধর্ম লেখা রহিয়াছে। ইহার ভাবার্থ এই যে, চিত্রগুপ্তের ভর্ম "হপ্তচিত্র।" এখানে লোকের চক্ষে ধূলি দিয়া বেমালুম পাপ কর্ম করিয়া হজম করা যায়, কিস্ত সেখানে ধর্মরাজের নিকট আমাদের কর্ম্মের গুরুচিত্রে সমস্তই লেখা রহিয়াছে। কাজে কাজেই নিস্তার নাই। একারণ মৃত্যু নিকট জ্বানিয়া ধর্ম কার্য্যের অনুষ্ঠান ও অনন্ত চিত্তে ভগবানের ধাান করা কর্ত্তবা।

অতএব সকলেরই পূর্বব লক্ষণ গুলি জানিয়া সাবধান হওয়া আবশ্যক। যাহারা রোগী, তাঁহারা মৃত্যুকে নিকট জ্ঞানিয়া যোগ্যক্রচ হইয়া প্রাণত্যাগ করিতে চেষ্টা করিবেন। মৃত্যুকালে যদি যোগস্মৃতি বিলুপ্ত না হয়, জন্মান্তরে সিদ্ধি লাভে সমর্থন হইবেন। আর যাহারা যোগী নহেন, তাঁহারা মরণের লক্ষণগুলি দেখিয়া অস্থির না হইয়া এবং যাতনা অফুভব না করিয়া যাহাতে ভগবানের প্রতি সভত মন সমর্পণ করিয়া থাকিতে পারেন, নিয়ত সেই চেষ্টা করিবেন। ভগবানের ধ্যান ও তাঁহার নাম শ্বরণ করিতে করিতে মৃত্যুর সম্মুখীন হইলে, আর কোন যাতনা ভোগ করিতে হয় না।

শেষ বন্ধবা এই যে, শাস্ত্র অনন্ত, সুল বৃদ্ধিতে সুল চক্ষে শাস্ত্র বিভিন্ন বলিয়া বোধ হয়, আর সাধনার পথও অনেক প্রকার। শাস্ত্রও সর্ববপ্রকার সাধনের যুগ্ম্য উদ্দেশ্য এক ও ফলও এক। ইহাতে বিভিন্নতা কিছুমাত্র নাই। গুরুর কুপায় প্রকৃত জ্ঞান লাভ হইলে সাধকগণ তাহা বুঝিতে পারেন।

> মথিত্বা চতুরো বেদান সর্বশান্ত্রানি চৈব-হি। সারম্ভ যোগিভি: পিতৃস্থক্রং পিবস্থি পণ্ডিডা: ॥

অর্থাৎ সর্ব্বশান্তের সামঞ্জস্য যোগীগণ দেখিয়া বৃঝিয়া থাকেন। এজতা চারিবেদ ও অত্যাত্য শান্ত্র সকল মন্থন পূর্ববক সারভাগ (মাধন) যোগীরা গ্রহণ করেন, আর অসার ভাগ (ঘোল) পণ্ডিতগণ গ্রহণ করিয়া থাকেন ৷ বাস্তবিক পণ্ডিতগণ শাস্ত্রের অসার ভাগ গ্রহণ করিয়া বিরাট তর্কজ্ঞাল বিস্তার পূর্বক বুথা বচসা করিয়া বেডান। শাস্ত্রের সার গ্রহণ করিবার শক্তি প্রকৃত যোগী ভিন্ন আর কাহারও নাই।

শাস্ত্র অনন্থ, কিন্তু' জীবন অল্লকাল স্থায়ী। এক জীবনে কেহ শাস্ত্র পড়িয়া শেষ করিতে পারে না। এক্স সকল:ক "ভগবত গীতা" পাঠ করিতে অনুরোধ করি। যদিও গীতার প্রকৃত অথ ব্যাইবার ও ব্যিবার লোক গৃহস্থ লোকের মধ্যে বিরল, তথাপি বারম্বার গীতা পাঠ করা সকলের কর্ত্তব্য। একমাত্র গীতার উপর নির্ভর করিলে অক্স কোন শাস্ত্র পড়িবার আবশ্যক হয় না এবং গীতা পড়িতে থাকিলে গীতা বুঝাইবার ঞ্ফ আপনা হুইডেই আসিবে।

দীর্ঘায়ু ও অম্পায়ু হইবার কারণ

মন্থ্য শরীরে দিবারাত্র যে শ্বাস-প্রশ্বাস হইতেছে, তাহার নাম প্রাণ; শ্বাস বাহির হইয়া দেহে পুনঃ প্রবেশ না হইলেই মৃত্যু। এই শ্বাস-প্রশ্বাস বায়ু জীবন এবং শ্বাস-প্রশ্বাসের নাম প্রাণ। এই শ্বাস-প্রশ্বাস হিসাব ধরিয়া হিন্দু-শাস্ত্রে দণ্ড পলাদি নির্ণীত হইয়াছে।

মনুষ্ট্রের নিশ্বাস গ্রহণ সময় অর্থাৎ নাসিক। দ্বার। সহজ নিশ্বাস টানিবার সময় দশ অঙ্গুলি পরিমিত নিশ্বাস ভিতরে প্রবেশ করে। নিশ্বাস পরিত্যাগের সময় বারো অঙ্গুলি শ্বাস বায়ু বহির্গত হয়। যথা —

> কায়-নগরমধ্যে তুমারুতো রক্ষণালকঃ। প্রবেশ দশভিঃ প্রোক্ত নির্গমে দ্বাদশাঙ্গুলাং ॥

> > (স্বরোদয়)

এই শরীরের মধ্যে বায়ুই রক্ষক পালক অর্থাৎ জীবন মানবের নিশ্বাস পরিভ্যাগের সময় বার অঙ্গুলি পরিমাণে প্রাণ বায়ু (নিশ্বাস) নির্গত হয়, ইহাই স্বাভাবিক নিয়ম। কিন্তু ভোজন, গমন, রমণ, গান প্রভৃতি কার্য্যে শ্বাস-বায়ু (নিশ্বাস) বার আঙ্গুল অশেক্ষা অধিক পরিমাণে নির্গত হইয়া আছে। কোন্ কার্য্যে কত আকুল পরিমাণে বায় নির্গত হয়, ভাহা বলিতেছি —

> গমনেচ চতুর্বিংশ নেত্র বেদাশ্চ ধাবনে। মৈথুনে পঞ্চষষ্টিচ শয়নে চ শতাঙ্গুলাং॥ প্রাণস্য তং গতির্দ্ধেবি স্বভাব দ্বাদশাঙ্গুলাং। ভোজনে বচনে চৈব গতিরষ্ট দশাঙ্গুলাঃ॥

> > (সরশান্ত্র)

অথাৎ মনুষ্য যখন নিক্ষা ভাবে চুপ করিয়া বসিয়া থাকে তথন শ্বাস বায় (নিধাস) বার আঙ্গুল বহির্গত হয়। পথ গমন সময় ২৪ আঙ্গুল ও দৌড়াইলে ৩৪ আঙ্গুল, কথা কহিবার সময়, ভোজন করিবার সময় ১৮ আঙ্গুল, গৈথুনে ৬৮ আঙ্গুল এবং নিদ্বিত হইলে ১০০ আঙ্গুল পরিমিত শ্বাস বহির্গত হয়। ইহা ভিন্ন গান করিলে, ব্যায়াম করিলে ১২ আঙ্গুল অপেক্ষা অধিক পরিমাণে নিশ্বাস নির্গত হইয়া থাকে।

এই শ্বাসে বায়ু যত অধিক পরিমাণে বহিগতি হয়, তত পরমায়ু ক্ষয় হয়। আর যত কম বহিগতি হয়, ততই আয়ু বৃদ্ধি হয় এবং পীড়াদি শারীরিক অসুস্থতাও কম হইয়া থাকে।

> স্বভাবেত্ন্য গতৌমুলে পরমায় প্রবর্দ্ধতে। আয়ুক্ষয়োহযিকে প্রোক্ত মারুতে চাস্তরৌদগতে।

> > (স্বরোদয়)

১১২ ওকবাৰ্য বা যৌগিৰপন্থা—চতুৰ্ব ভাগ

অর্থাৎ প্রাণবায়ুর বহির্গত স্বভাবস্থ রাথিতে পারিলে পরমায়ুর্দ্ধি হয়। কিন্তু নিশ্বাস নির্দিষ্ট পরিমাণের অধিক যদি হয় তাহা হইলে তাহার আয়ুক্ষয় হয়। নিজা, গান, মৈথুন প্রভৃতি যে কে কার্য্যে প্রাণবায়ু অধিক পরিমাণে বহির্গত হয়, সেইকার্য্য যত অল্প করিবে ততই শরীর সুস্থ থাকিবে এবং দীর্ঘ-জীবন লাভ হইবে সন্দেহ নাই। ইহার প্রত্যক্ষ প্রমাণ যোগীগণ যে ব্যক্তি নিয়মিতরূপে প্রাণায়াম করেন, তিনিও দীর্ঘজীবি হন এবং তাঁহার রোগের পীড়নও কম হয়। স্থবিজ্ঞ প্রাচীনেরা বলিয়া গিয়াছেন, কার্যোর গুণে পরমায়ুর্দ্ধি হইয়া দীর্ঘজীবি হয়। কার্যাদোবে অল্পায়ুহয়। ইহার অর্থ নিশ্বাস প্রশ্বাস যাহার যত কম ধরচ হইবে, তাহার তত পরমায়ুর্দ্ধি ও রোগাদি কম হইবে। অল্পথায় নানাবিধ পীড়া ও অল্পায়ু হইবে সন্দেহ নাই।

ওঁশান্তি! ওঁশান্তি!! ওঁশান্তি!!!